As the humanitarian crisis unfolds, the harrowing plight of migrant workers continues to surface. The Covid- 19 has forced India to finally acknowledge the migrant. We underestimated their ability to unite or organize. They were not allowed to unionise even in state like West Bengal or Kerala. Now, they have come under the limelight. Governments, policymakers, economists and others now know they cannot take migration lightly or migrants for a ride. The relief money contributed to various relief funds is not only for ventilators. People also die when they don't have anything to eat. Nobody should go without a proper meal because they had no work. Why should migrants travel to faraway cities and starve there? They would rather starve in their own villages. The migrants' intelligence should not be underestimated. They are risk- takers. They are heroes in their homes, just that they are fighting poverty.

Largely invisible in the census and in national sample surveys- and consequently to administrators- seasonal migrants are a dark and

discomforting reality of urban India. There are estimates on their population but no official statistics, with no central registry of migrant workers despite legislation enacted 40 years ago to establish such a database. In Surat, migrants form 58% of the population, the highest migrants to locals ratio in India and 70% of the city's waged workforce, a study by migrant rights non- profit Aajeevika Bureau shows. Yet 98% of migrants surveyed for the study, had never interacted with any official in a political party office or local administrative bodies according to the report which was released in May 2020. Finance Minister Nirmala Sitharaman had announced free rations till September 2020 for 8 crore migrant workers. She confessed that the government of India had not collated any data about the workers and had arrived at the figure by adding up all the reports given by the state governments about migrant workers in various states who had been sheltered and fed at various government- run or NGO- run centers. It seems that the old adage was coming to haunt the country once again: Never let a crises go waste.

The lockdown made the migrant workers visible to urban dwellers for the first time in recent history in India as they emerged from construction sites and sweatshops to go home.

**References**

Biswas, Soutik (2020) 'India's pandemic lockdown turns into a human tragedy,' *BBC*, 30 March 2020. (Accessed 13 July 2020).

'Chronic crisis: Migrant workers and India's COVID-19 lockdown,' 8 April 2020. ... (Accessed 13 July 2020). 'India's coronavirus lockdown takes toll on migrant workers,' 24 March 2020. ... (Accessed 17 July 2022). Lal, Neeta (2020) 'COVID-19 and India's Nowhere People,' *The Diplomat*, 1 April 2020. ... (Accessed 15 July 2020). 'Many Indian migrant workers refuse to return to cities post lockdown,' 30 May 2020. (Accessed 14 July 2020). Pradhan, Bibhudatta & Sen, Ranjan Sudhi (2020) 'Why did Modi abandon us?'- migrant workers hit hard by...,' *The Print*, 11 June 2020. (Accessed 14 July 2020). Pullanoor, Harish (2020) ' Covid-19 lockdown exposes India's looming migrant refugee...,' *Quartz*, 19 May 2020. ... (Accessed 13 July 2020). Samaddar, Ranabir (2020) 'Not Just the Media, Organised Politics Too Failed India's Migrant Workers,' *The Wire*, 1 July 2020. (Accessed 15 July 2020).

# PART - 2

## Section -A

# ‘অমানিতা’ চণ্ডালিকা থেকে ‘মানবকন্যা’ প্রকৃতি: বিনির্মাণের পথ ধরে

ড. প্রীতম চক্রবর্ত্তী
কলেজ শিক্ষক, বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ, উলুবেড়িয়া কলেজ

## বিষয় চুম্বকঃ

১৯৩৩ সালে লেখা হয়েছিল নাটক ‘চণ্ডালিকা’; বছর চারেক পরে লেখা হল ‘নৃত্যনাট্য চণ্ডালিকা’। বৌদ্ধ কাহিনি থেকে এ নাটকের আখ্যানভাগ গ্রহণ করেছিলেন রবীন্দ্রনাথ, তবে যে ভাব সঞ্চার করেছিলেন তা সম্পূর্ণ মৌলিক। একাধিক আখ্যান কবিতায় রবীন্দ্রনাথ বৌদ্ধ কাহিনি গ্রহণ করেছিলেন। বৌদ্ধ ধর্মের প্রেম ও সত্য নিষ্ঠার প্রতি তিনি গভীর আগ্রহ দেখালেও সেই ধর্মের শুষ্ক সাধনার প্রতি বিন্দুমাত্র আকৃষ্ট হননি। এখানে বর্ণভেদ জনিত সমস্যার সূত্রে আখ্যানের পটভূমি নির্মাণ করলেও শেষ পর্যন্ত নায়িকা চণ্ডলকন্যা প্রকৃতির কৃচ্ছসাধনের সঙ্গে প্রেমসাধনাকে মিলিয়ে দিয়েছেন। সমাজের প্রান্তে অবস্থান চণ্ডালী মা ও মেয়ের। ‘অপমানের অন্ধকারে’ই জীবনের ‘পরম লগন’ বয়ে যায় মেয়ে প্রকৃতির। কিন্তু তার জীবনে ও আসে বিশেষ দিন, বিশেষ মুহূর্ত, যখন বৌদ্ধভিক্ষু আনন্দ ‘তাপিত, পিপাসিত’ হয়ে জল পান করেন চণ্ডালকন্যার হাত থেকেই, মেয়েটিকে দিয়ে যান মানুষের সম্মান। ‘দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা’ - এই ধারণা রবীন্দ্রনাথের প্রেম ভাবনার অন্তঃস্থলে প্রোথিত হয়ে গিয়েছিল। প্রকৃতির প্রেমের মধ্যেও সেই ভাবনা পাই। প্রকৃতির প্রতীক্ষার অবসান ঘটেছে আনন্দের ‘ক্ষমার তীরে এসে’। ‘ধুলায় পড়া ম্লান-কুসুম’ স্থান পেয়েছে প্রভুর গলায়।

## মূল প্রবন্ধ

রবীন্দ্রনাথের ‘নৃত্যনাট্য চণ্ডালিকা’-র প্রকাশ ১৩৪৪ বঙ্গাব্দের ফাল্গুন মাস; এর চার বছর আগে (১৩৪০ বঙ্গাব্দ) গদ্যনাটক ‘চণ্ডালিকা’ প্রকাশ পেয়েছিল। কিন্তু এসবের অনেক আগে রবীন্দ্রনাথের অনুপ্রেরণায় তরুণ কবি সতীশচন্দ্র রায় এই বৌদ্ধ আখ্যান নিয়েই ‘চণ্ডালী’ নামের একটি কবিতা লেখেন, যা প্রকাশ পেয়েছিল ১৩১০ বঙ্গাব্দে ‘নবপর্যায় বঙ্গদর্শন’ পত্রিকার মাঘ সংখ্যায়। সতীশচন্দ্র এ প্রসঙ্গে তাঁর এক বন্ধু অজিতকুমার চক্রবর্তীকে লিখেছিলেন - ‘রবিবাবুর অনুদিষ্ট আনন্দ ভিক্ষুর কাহিনিটিকে ছন্দোবদ্ধ করিয়াছি। শ্রীযুক্ত রবিবাবু উহাকে ভালো বলিয়াছেন- তবে তাঁহার ইচ্ছা ওটাকে drama করি।’[১] সতীশচন্দ্র প্রাথমিক উদ্যোগ নিয়েছিলেন, এমনটা জানা গেলেও সেই নাটক সম্পূর্ণ হয়নি। সতীশচন্দ্রের কবিতাটি সম্পর্কে শঙ্খ ঘোষ তাঁর ‘তিন চণ্ডালী’ প্রবন্ধে লিখেছিলেন - ‘বৌদ্ধ কাহিনীর আধুনিক রূপায়ণে সেইটেই ছিল আমাদের প্রাথমিক অভিজ্ঞতা, অথচ বাঙালি পাঠকের চেতনা থেকে একেবারে হারিয়ে গেছে সতীশচন্দ্রের সামর্থবান সেই লেখাটি।’[২]

অন্যদিকে দীর্ঘ ত্রিশ বছর পর স্বয়ং রবীন্দ্রনাথ লিখলেন 'চণ্ডালিকা' নাটক, যে সামাজিক নাটক থেকে পরে তৈরি হল 'নৃত্যনাট্য চণ্ডালিকা'। এই বিবর্তনের উদাহরণ রবীন্দ্রনাট্যে প্রচুর। উপন্যাস থেকে নাট্যরূপ নির্মাণের ব্যাপারটি শুরু হয়েছিল উনিশ শতক থেকে 'রাজর্ষি'-র প্রথম পর্ব নিয়ে 'বিসর্জন' ছাড়াও 'বৌঠাকুরানীর হাট' থেকে 'প্রায়শ্চিত্ত' ও 'পরিত্রাণ', 'প্রজাপতির নিবন্ধ' থেকে 'চিরকুমার সভা' ছাড়াও শেষ পর্বে 'যোগাযোগ' ও 'মালঞ্চ' উপন্যাসের নাট্যরূপ দিয়েছিলেন রবীন্দ্রনাথ। ছোটগল্পের ক্ষেত্রে 'একটি আষাঢ়ে গল্প' ও 'শেষের রাত্রি' গল্পের নাট্যরূপ দিয়েছিলেন যথাক্রমে 'তাসের দেশ' ও 'গৃহপ্রবেশ' নামে। 'রাজা' নাটক অভিনয়োপযোগী 'অরূপরতন' হয়ে 'শাপমোচনে' পৌঁছেছে (এরপরেও 'রাজা' নাটক আবার নতুন করে লিখতে শুরু করেছিলেন)। উল্লেখ করা যেতে পারে 'অচলায়তন' থেকে 'গুরু' কিংবা 'রাজা ও রানী'-র 'ভৈরবের বলি' হয়ে 'তপতী'তে রূপান্তর। উনিশ শতকে লেখা কাব্যনাট্য 'চিত্রাঙ্গদা' বিশ শতকের তিন দশক পেরিয়ে হয়েছে কালজয়ী 'নৃত্যনাট্য চিত্রাঙ্গদা'। একইভাবে গীতিনাট্য 'মায়ার লেখা' থেকে শেষ পর্বে তৈরি করলেন ওই একই নামের নৃত্যনাট্য। রবীন্দ্রসাহিত্যে 'শ্যামা' নৃত্যনাট্যের প্রাথমিক রূপ 'কথা' কাব্যের 'পরিশোধ' কবিতা। ১৯৩৬ সালে তারই একটি নৃত্যগীতিরূপ নির্মাণ করেন রবীন্দ্রনাথ, পরে তা পরিমার্জিত হয়ে নৃত্যনাট্যের রূপ পায়। রবীন্দ্রনাথের নাটকের একেবারে প্রথম পর্বে অর্থাৎ 'বাল্মীকি প্রতিভা', 'রুদ্রচণ্ড ', 'কালমৃগয়া' প্রভৃতি গীতিনাট্যে পাশ্চাত্য সুরের সঙ্গে মিশে আছে রামায়ণের কাহিনি, 'চিত্রাঙ্গদা' কাব্যনাট্যে মহাভারতের কাহিনি সূত্রে উনিশ শতকের নারী ব্যক্তিত্বের বলিষ্ঠ ভাষ্য প্রকাশ পেয়েছিল। 'কথা-কাহিনির' নির্মাণ তো বিনির্মাণেই -'কর্ণকুন্তী সংবাদ', 'গান্ধারীর আবেদন' কিংবা 'বিদায় অভিশাপ' বইয়ের পাতায় আটকে নেই, মঞ্চে-রেকর্ডে আজও সমান জনপ্রিয়। 'কথা' বইটির প্রথম সংস্করণে উৎসর্গ-পত্রের পরে যে 'বিজ্ঞাপন' মুদ্রিত হয়েছিল, তা নিম্নরূপ- 'এই গ্রন্থে যে সকল বৌদ্ধ কথা বর্ণিত হইয়াছে তাহা রাজেন্দ্রলাল মিত্র সংকলিত নেপালী বৌদ্ধ সাহিত্য সম্বন্ধীয় ইংরেজি গ্রন্থ হইতে গৃহীত। রাজপুত কাহিনীগুলি টডের রাজস্থান ও শিখ বিবরণগুলি দুই একটি ইংরেজি শিখ ইতিহাস হইতে উদ্ধার করা হইয়াছে। ভক্তমাল হইতে বৈষ্ণব গল্পগুলি প্রাপ্ত হইয়াছে। মূলের সহিত এই কবিতাগুলির কিছু কিছু প্রভেদ লক্ষিত হইবে - আশা করি সেই পরিবর্তনের জন্য সাহিত্যনীতি-বিধান মতে দণ্ডনীয় গণ্য হইবে না।'[৩]

এভাবেই রাজেন্দ্রলাল মিত্রের গ্রন্থ অনুসরণে অবদান শতকের ৫৫ সংখ্যক কাহিনি নিয়ে 'শ্রেষ্ঠ ভিক্ষা', মহাবস্তু অবদানের ৮ সংখ্যক কাহিনি অবলম্বনে 'মস্তক বিক্রয়', অবদান শতকের ৫৪ সংখ্যক কাহিনি নিয়ে 'পূজারিনী', কাশ্মীরের কবি ক্ষেমেন্দ্র ব্যাসদাসের অবদান কল্পলতার ৭২ সংখ্যক কাহিনি (উপগুপ্ত অবদান) অবলম্বনে 'অভিসার', মহাবস্তু অবদানের শ্যামাজাতকের কাহিনি সূত্র অবলম্বনে 'পরিশোধ', দিব্যাবদান মালার ৩৬ সংখ্যক কাহিনি (মাকন্দিকাবদানের উপকাহিনি) নিয়ে 'সামান্য ক্ষতি', অবদান শতকের প্রথম বর্গের ৬ সংখ্যক আখ্যান 'পদ্মঃ' অবলম্বনে 'মূল্যপ্রাপ্তি', কল্পদ্রুম অবদানের ১৬ সংখ্যক 'সুপ্রিয়া কাহিনি' নিয়ে 'নগরলক্ষ্মী' লিখেছিলেন রবীন্দ্রনাথ। কিন্তু 'কথা' কাব্য প্রকাশের চারবছর আগেই তিনি 'মালিনী' নাটকের

উপাদান গ্রহণ করেছিলেন বৌদ্ধ কাহিনি থেকে। 'মালিনী' (১৮৯৬) ছাড়াও রবীন্দ্রনাথের আরো ছ'টি নাটকের কাহিনি বৌদ্ধ ধর্মের প্রচলিত আখ্যান থেকে গ্রহণ করেছিলেন - যথা 'রাজা' (১৯১০), 'অচলায়তন' (১৯১২), 'ফাল্গুনী' (১৯১৬), 'নটীর পূজা' (১৯২৬), 'শ্যামা' (১৯৩২) এবং 'চণ্ডালিকা' (১৯৩৩)।

- মালিনী - উৎস মহাবস্তু অবদানের মালিন্যাবস্তু, রাজেন্দ্রলাল মিত্রের অনুবাদে
- রাজা-উৎস মহাবস্তু অবদানের অন্তর্গত 'কুশজাতক';
- অচলায়তন - উৎস দিব্যাবদান মালার অন্তর্গত পঞ্চকের আখ্যান;
- ফাল্গুনী - উৎস পালি মখাদের জাতকের ক্ষীণকথাবস্তু;
- নটীর পূজা - অবদানশতক;
- শ্যামা - শ্যামাজাতক কাহিনি;
- চণ্ডালিকা - দিব্যাবদান মালার অন্তর্গত 'শার্দূলকর্ণাবদান' এর কাহিনি অবলম্বনে রচিত।

প্রসঙ্গত উল্লেখ্য, অধ্যাপক সুকুমার সেন রবীন্দ্রনাথের এই নাটকটির আলোচনা করতে গিয়ে তথ্য হিসেবে জানিয়েছেন - 'চণ্ডালিকা কাহিনীর প্রতি ইউরোপের একজন বড় কবি-গুণীর দৃষ্টি পড়িয়াছিল রবীন্দ্রনাথের জন্মের প্রায় পাঁচশ বছর আগে। রিচার্ড হ্বাগ্‌নের (Richard Wagner) ১৮৫৬ সালের প্রকৃতির কাহিনী লইয়া একটি সঙ্গীত-নাটকের খসড়া করিয়াছিলেন। রচনাটির নাম বাঙ্গালা করিলে হয় 'বিজয়ী-সংঘ'। হ্বাগ্‌নের ইচ্ছা ছিল অপেরাটিতে দেখাইতে যে প্রবজ্যা গ্রহণের পরেও প্রকৃতির হৃদয় শান্ত হয় নাই।'[৪]

আবার 'The Essence of Buddhism' গ্রন্থ থেকে উপাদান সংগ্রহ করে দক্ষিণ ভারতেই 'অন্ত্যজ' থিয়া সম্প্রদায়ের কবি কুমার আসান লিখেছিলেন দীর্ঘ কবিতা 'চণ্ডাল ভিক্ষুণী'। এই কবিতা প্রসঙ্গে সত্যবতী গিরি জানাচ্ছেন- ''চণ্ডাল ভিক্ষুণী'র কাহিনি যেন কুমার আসানের নিজের জীবনেরই একটি দিক। ব্যাঙ্গালোরের সংস্কৃত কলেজে আসান ছাত্র হিসেবে স্থান নিয়েছিলেন বিশেষ অনুমতিতে। কারণ সেখানে ব্রাহ্মণ ছাড়া আর কারও প্রবেশের অধিকার ছিল না। শেষ পর্যন্ত অনেকের বিরোধিতায় তাঁকে কলেজ ছেড়ে দিতে হয়। কেরলের সমগ্র জনসংখ্যার এক তৃতীয়াংশ ছিল থিরা সম্প্রদায়ের। কিন্তু তাদেরকে সরকারি স্কুলে পড়তে দেওয়া হত না। এমনকি সরকারি চাকরি পাবার অধিকারও তাদের ছিল না। 'থিরা ছেলের ভাবনা' কবিতায় তিনি লেখেন -

চির দাসত্ব মা তোর কপালে লেখা -
হে ভারত, এই আর্তনাদে কী হবে?
জাতপাত নিয়ে অন্ধ ছেলেরা তোর
হানাহানি করে - মুক্তি কোথায় তবে?

তাঁর কাব্যে বুদ্ধের প্রশ্নেও সেই তীব্র উচ্চারণ থাকে -

কোথা থেকে আসে এই দ্বিজ ব্রাহ্মণ?
কোনো উদ্ভিদ না কি মেঘ থেকে উড়ে?
চণ্ডালিনীর অচ্ছুৎ দেহ, সেও -
অনুর্বরা কি থাকে ব্রাহ্মণ বীজে?
ব্রাহ্মণ তার উপবীত শিখা তিলক
জন্ম থেকেই বয়ে নিয়ে আসে নিজে?'[৫]

চণ্ডালিকা মূল যে গল্প থেকে নেওয়া হয়েছে, রবীন্দ্রনাথ তার সংক্ষিপ্ত বিবরণ দিয়েছেন এই ভাবে - 'গল্পের ঘটনাস্থল শ্রাবন্তী। প্রভু বুদ্ধ তখন অনাথপিণ্ডের উদ্যানে প্রবাস যাপন করছেন। তাঁর প্রিয় শিষ্য আনন্দ একদিন এক গৃহস্থের বাড়িতে আহার শেষ করে বিহারে ফেরবার সময় তৃষ্ণা বোধ করলেন। দেখতে পেলেন, এক চণ্ডালের কন্যা, নাম প্রকৃতি, কুয়ো থেকে জল তুলছে। তার কাছ থেকে জল চাইলেন, সে দিল। তাঁর রূপ দেখে মেয়েটি মুগ্ধ হল। তাঁকে পাবার অন্য কোনো উপায় না দেখে মায়ের কাছে সাহায্য চাইলে। মা তাঁর যাদুবিদ্যা জানত। মা আঙিনায় গোবর লেপে একটি বেদী প্রস্তুত করে সেখানে আগুন জ্বালল এবং মন্ত্রোচ্চারণ করতে করতে একে একে ১০৮টি অর্কফুল সেই আগুনে ফেললে। আনন্দ এই জাদুর শক্তি রোধ করতে পারলেন না। রাত্রে তার বাড়িতে এসে উপস্থিত। তিনি বেদীর ওপর আসন গ্রহণ করলে প্রকৃতি তাঁর জন্য বিছানা পাততে লাগল। আনন্দের মনে তখন পরিতাপ উপস্থিত হল। পরিত্রাণের জন্য ভগবানের কাছে প্রার্থনা জানিয়ে কাঁদতে লাগলেন - বুদ্ধ তাঁর অলৌকিক শক্তিতে শিষ্যের অবস্থা জেনে একটি বুদ্ধমন্ত্র আবৃত্তি করলেন। সেই মন্ত্রের জোরে চণ্ডালীর বশীকরণবিদ্যা দুর্বল হয়ে গেল এবং আনন্দ মঠে ফিরে এলেন।'[৬]

কিন্তু রাজেন্দ্রলাল মিত্রের অনুবাদে আরও কিছুটা অংশ আমরা পাই। যেখানে আছে আরো কিছু ঘটনা। হতাশ প্রকৃতি পরদিন ভোরে গিয়ে আবার দাঁড়িয়েছিল পথে, পরনে তার সবচেয়ে জমকালো পোশাক। নগরের প্রতিটি গৃহদ্বারে ভিক্ষু আনন্দের অনুসারী হল সে। নগরে কান পাতা দায় হয়ে উঠেছিল, রব উঠল, নবীন সন্ন্যাসী আনন্দের পদস্খলন ঘটেছে। নিরুপায় আনন্দ ছুটে গেলেন আশ্রমে, সবিস্তারে সমস্ত কিছু জানালেন, 'ভগবন্' বুদ্ধকে। অমিতাভ তখন কূটনৈতিক কৌশলে প্রিয় শিষ্যের চরিত্র রক্ষণে প্রবৃত্ত হলেন। প্রকৃতিকে জিজ্ঞেস করলেন, সে আনন্দকে বিয়ে করতে চায় কিনা এবং সেই বিবাহ সম্পন্ন করার জন্য মেয়েটিকে তার বাবা মায়ের কাছে পাঠালেন অনুমতি নিয়ে আসার জন্য। অনুমতি নিয়ে অনতিবিলম্বে ফিরে এসেছিল প্রকৃতি। বুদ্ধ বললেন - 'যদি তুমি আনন্দকে বিবাহ করতে চাও তবে তোমাকে তার মতোই চীবর ধারণ করতে হবে।' সম্মত হয়েছিল প্রকৃতি; তাঁর মস্তক মুণ্ডিত হল, অঙ্গে উঠল বৌদ্ধ ভিক্ষুণীর চীরবাস। ধুয়ে গেল তার সমস্ত পাপ। 'সর্বদুর্গতিশোধনাধরণী' মন্ত্রে নাশ হল সমস্ত বিঘ্ন। এইভাবে মহাকারুণিকের কৃপায় চণ্ডালকন্যা প্রকৃতি পরিণত হয়েছিল বৌদ্ধ ভিক্ষুণীতে।

রাজেন্দ্রলাল মিত্রের বইতে ছিল এটুকুই। কিন্তু এরও পরবর্তী ঘটনার বিবরণ আছে উইন্টার নিউজ-এর A History of Indian Literature - এর দ্বিতীয় ভল্যুমে। সেই অনুসরণে সত্যবতী গিরি লিখেছেন- '...এরপর ব্রাহ্মণেরা ক্ষত্রিয়রা ও শ্রাবস্তীর অন্যান্য নাগরিকরা যখন শুনলেন যে বুদ্ধ এক চণ্ডালকন্যাকে ভিক্ষুণী করেছেন, তাঁরা খুবই ক্রুদ্ধ হলেন। রাজা প্রসেনজিৎ-এর কাছে তাঁরা নালিশও করলেন। বুদ্ধ তাঁদের বললেন চণ্ডাল নেতা ত্রিশঙ্কুর গল্প। ত্রিশঙ্কু তাঁর অত্যন্ত বিদ্বান পুত্র শার্দূলকর্ণের সঙ্গে অহংকারী ব্রাহ্মণ পুষ্করসারিন-এর কন্যার বিবাহ দিতে চেয়েছিলেন। ব্রাহ্মণ চণ্ডালকে তিরস্কার করে এই প্রস্তাব প্রত্যাখ্যান করে। তখন ত্রিশঙ্কু অত্যন্ত কঠোরভাবে জাতিভেদ প্রথার সমালোচনা করেন এবং ব্রাহ্মণেরও সমালোচনা করেন। তিনি বলেন আত্মা ভিন্ন শরীরে প্রবেশ করে, মানুষকে পূর্বজন্মের কর্মফল অনুযায়ী জন্মাতে হয়। তা হলে তো এই তত্ত্ব অনুযায়ী জাতিভেদ প্রথা থাকতেই পারে না। তিনি বলেন - শুকনো কাঠ ঘষে আগুন যেভাবে বেরোয়, সেভাবে তো আর জন্ম হয় না ব্রাহ্মণের। চণ্ডাল যেমন মাতৃগর্ভ থেকে জন্মায়, ব্রাহ্মণও জন্মায় একই ভাবে। শেষ পর্যন্ত ব্রাহ্মণ চণ্ডাল নেতার কথায় তাঁর পুত্রের সঙ্গে নিজের কন্যার বিবাহ দিতে সম্মত হন। বুদ্ধ বলেন পূর্বজন্মের ব্রাহ্মণকন্যাই এখন প্রকৃতি। শার্দূলকর্ণ হলেন আনন্দ। আর বুদ্ধ স্বয়ং ত্রিশঙ্কু।'[৭]

বুদ্ধ কাহিনিতে তথাগতের ধর্মপ্রচার, ত্যাগ, তিতিক্ষা, মানবের মুক্তির পথ, ব্যক্তিগত চাওয়া-পাওয়ার উর্দ্ধে ওঠা - এসবই গুরুত্ব পেয়েছে। রবীন্দ্রনাথ 'রাজা' ও 'ঋষি'কে মিলিয়ে যে 'মাধুর্যের সন্ন্যাসী'কে তাঁর বিভিন্ন নাটকে বারে বারে নিয়ে এসেছেন, বুদ্ধদেবের জীবনচর্চা এবং জাতকের কাহিনিতে তা অনুপস্থিত। সেইসব আখ্যান বৌদ্ধধর্মের দৃষ্টিকোন থেকেই উপস্থাপন করা হয়েছে। কিন্তু সেই কাহিনি আশ্রয় করে রবীন্দ্রনাথ যখন কবিতা-নাটক রচনা করেছেন, তখন সেখানে মিশে গেছে সাধারণ চরিত্রের ব্যক্তিগত চাওয়া-পাওয়া।

এই গল্প থেকে ১৯৩৩ সালে রবীন্দ্রনাথ লিখছেন নাটিকা চণ্ডালিকা, ছোট্ট নাটক, চরিত্র মাত্র দুটি - মা এবং মেয়ে প্রকৃতি। এই দুটি চরিত্রের সংলাপের বিন্যাসে নাট্যকাহিনি উপস্থাপিত। একবারে শেষে অবশ্য আনন্দকে পাই বটে, তবে চারটি পঙক্তির স্তব ছাড়া আর কিছুই নেই তাঁর সংলাপে। দুটি দৃশ্যের সমাহারেই সামাজিক বিষয় এবং এক কিশোরী কন্যার প্রেমের আর্তি ও উত্তরণকে প্রকাশ করেছিলেন রবীন্দ্রনাথ। এর মধ্যে আছে ১৫ টি গান। বলা বাহুল্য, কয়েক বছর পর যখন নৃত্যনাট্য হিসেবে চণ্ডালিকা আত্মপ্রকাশ করেছে, তখন থেকে গদ্যনাটক 'চণ্ডালিকা' অনেকাংশেই রবীন্দ্রনাথের নাট্যভুবনের পরিচিত পরিমণ্ডলের আড়ালে চলে গেছে। আসলে 'চণ্ডালিকা' গদ্যনাটকে দুটি চরিত্রের সংলাপ মঞ্চায়নের ক্ষেত্রে একঘেঁয়েমি তৈরির অবকাশ রাখে। তবে যে গানগুলির প্রয়োগ করা হয়েছিল, সেগুলির বেশিরভাগই পরবর্তীকালে জনপ্রিয় রবীন্দ্রসংগীতের পরিসরেই ঠাঁই পেয়েছে। নৃত্যনাট্যেও ওগুলির মধ্যে থেকেই বেশ কিছু গান ব্যবহার করা হয়েছে।

নাটক যখন নৃত্যনাট্যের রূপ পেয়েছে, দৃশ্যের সংখ্যা দুই থেকে হয়েছে তিন। চরিত্রের সংখ্যাও গেছে বেড়ে। দইওয়ালা, চুড়িওয়ালা কিংবা রাজবাড়ির অনুচর ছাড়াও এসেছে সমবেত মেয়েদের দল। চণ্ডালকন্যা প্রকৃতির সামাজিক অবস্থান, বর্ণবিদ্বেষের রূপ প্রভৃতি স্পষ্ট করার জন্য যেমন

দইওয়ালা বা চুড়িওয়ালার প্রয়োজন ছিল, তেমনই প্রকৃতির মায়ের যাদুবিদ্যার বিষয়টির দিকে আলোকপাত করার জন্য রাজ অনুচরের ক্ষণিক উপস্থিতি ঘটিয়েছেন নাট্যকার। অর্থাৎ এই বিষয়গুলি গদ্যনাটকে কেবলমাত্র মা ও মেয়ের সংলাপের মধ্য দিয়েই প্রকাশ করা হয়েছিল। কিন্তু নৃত্যনাট্যে একাধিক চরিত্রের উপস্থিতি বৈচিত্র্যের সমাহার ঘটিয়েছে। শুধু সংলাপের ভার কমানোই নয়, নৃত্যের বৈচিত্র্যের জন্য বিষয়টি গুরুত্বপূর্ণ ছিল। মণিপুরী ও কথাকলি নৃত্যরীতির ওপরেই গড়ে উঠেছিল এই নৃত্যনাট্য। সর্বোপরি কোরাসের পাশে চণ্ডালিনী-প্রকৃতির একক অবস্থান শুধু তার নিঃসঙ্গতা নয়, সমাজে বৈষম্যের দিকটিও প্রকট হয়ে উঠেছিল শৈল্পিকভাবে। নাটকে যে প্রধান চরিত্র প্রকৃতি তাও স্পষ্ট হয়েছে এখানেই। গদ্যনাটকে সংলাপের মধ্যে দিয়ে পাঠক বা শ্রোতাকে বিষয়টি বুঝিয়ে দিতে হয়েছিল, যেমন প্রকৃতির প্রতি তার মায়ের সংলাপে শোনা যায়- 'অদৃষ্টদোষে যে-কুলে জন্মেছিস তার কাদার বেড়া ভাঙতে পারে এমন লোহার খোন্‌তাও নেই কোনোখানে। অশুচি তুই, তোর অশুচি হাওয়া ছড়িয়ে বেড়াসনে বাইরে, যেখানে আছিস সেইখানটুকুতেই থাক্ সাবধানে। এই জায়গাটুকুর বাইরে সর্বত্রই তোর অপরাধ।'[৮] এই অপরাধটিই দইওয়ালা-চুড়িওয়ালার উপস্থিতিতে আরও দ্বান্দ্বিকভাবে প্রকাশ পেয়েছে। চণ্ডালকন্যার প্রতি ঘৃণার যে ছবি, তাও এমনভাবে নৃত্যনাট্যে উপস্থাপিত যা দর্শক বা পাঠকের মনে গভীর রেখাপাত করে। পরে যোগিনীর দলের উপস্থিতিও নৃত্যনাট্যে বিশেষ ভূমিকা নিয়েছে। শুধু নাচের বৈচিত্র্য আনতে সমবেত নৃত্যের প্রয়োগ ঘটিয়েছিলেন এমন নয়, প্রকৃতির মায়ের শক্তি বা যাদুমন্ত্রের জোর, যা সে নিজেকে পীড়ন করে জাগিয়ে তুলেছিল, সেই গভীর যন্ত্রণাও যেন মূর্ত হয়ে উঠেছিল নৃত্য-বিভঙ্গে।

নারীবাদের প্রথম দুটি ধারা - লিবার‍্যাল ও র‍্যাডিক্যাল, এই দুটি পর্ব পেরিয়ে যখন মানবীচেতনা তৃতীয় পর্যায়ে পৌঁছেছিল, তখন-'তৃতীয় ধারার নারীবাদীরা তৃতীয় বিশ্বের নিম্নবর্গের প্রান্তিক নারীদের সমস্যার কথা বলেন। উত্তর-ঔপনিবেশিক সমাজে বিশেষত প্রান্তিক মহিলাদের উপর জাতিগত দমন নীতি প্রয়োগ করা হয়। প্রথম ও দ্বিতীয় ধারার নারীবাদীরা প্রধানত শিক্ষিত মধ্যবিত্ত শ্বেতাঙ্গ নারী। ফলে তাঁরা যে আন্দোলন করেছিলেন তার মূলে ছিল তাদের নিজেদের জীবন সংশ্লিষ্ট অভিজ্ঞতা। তাই তৃতীয় বিশ্বের মেয়েদের সমস্যা প্রথম বিশ্বের মহিলাদের বোধের বাইরে। অ্যাফ্রো-আমেরিকান মেয়েরা মনে করেন শ্বেতাঙ্গ পুরুষের মতো শ্বেতাঙ্গ নারীরাও তাঁদের একইরকম ভাবে দমন করেন।'[৯] এই ভাবনা উত্তর-ঔপনিবেশিক কালে জন্ম নিলেও, প্রান্তিক নারীর সমস্যা তো চিরন্তনও। বর্ণবিদ্বেষের শিকার তারা আবহমান কাল ধরে হয়ে চলেছে। অবশ্য সেক্ষেত্রে শুধু নারী নয়, পুরুষকেও একইভাবে অপমান অবহেলার সম্মুখীন হতে হয়, বীর কর্ণ তাই অস্ত্রপরীক্ষার ক্ষেত্র থেকে স্বয়ম্বর সভা, সর্বত্রই একইভাবে প্রত্যাখ্যাত হন। আমরা জানি গুহক চণ্ডালকে 'কোল' দিয়েছিলেন স্বয়ং রামচন্দ্র, চণ্ডালিকা নাটিকাতে প্রকৃতি নিজেই বলেছে - 'বনবাসের গোড়াতেই জানকী এই জলেই স্নান করেছিলেন, সে-জল তুলে এনে দিয়েছিল গুহক চণ্ডাল।'[১০] কিন্তু এর পরেও রামচন্দ্র কর্তৃক শম্বুক বধের ঘটনাও তো অজানা নয়; শূদ্র হয়ে সে শুরু করেছিল গভীর তপস্যা, যার প্রতিক্রিয়া ব্রাহ্মণ বালকের অকালমৃত্যু। যে মৃত্যুর কারণ হিসেবে নারদ যুক্তি সাজিয়েছিলেন এভাবে- '...সত্যযুগে কেবল ব্রাহ্মণরাই তপস্যা করতেন, তখন

অকালমৃত্যু ছিল না। ত্রেতাযুগে ক্ষত্রিয়রাও তপস্যায় প্রবৃত্ত হলেন, ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের মধ্যে বিশিষ্টতা রইল না, সেজন্য তখন চাতুর্বর্ণ স্থাপিত হ'ল। এই সময়ে অধর্মের একপাদ পৃথিবীতে এল, ত্রেতাযুগে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের শুশ্রূষা করাই বৈশ্যশূদ্রদের বিশেষত শূদ্রের কর্ম হ'ল। তার পর অধর্মের দ্বিতীয়পাদ ও দ্বাপর যুগ এল, বৈশ্যরাও তপস্যা করতে লাগল। কিন্তু শূদ্রের তখন সে অধিকার হ'ল না। হীনবর্ণ শূদ্রেরা ভবিষ্যতে কলিযুগে ঘোর তপস্যা করবে, কিন্তু দ্বাপরে তাদের পক্ষে তপস্যা পরম অধর্ম। মহারাজ, তোমার রাজ্যে কোনও দুর্বুদ্ধি শূদ্র তপস্যা করছে, সেই পাপেই এই বালক মরেছে।'[১১] যার ফল, রামচন্দ্র কর্তৃক 'শূদ্র তপস্বী'র শিরচ্ছেদ। স্বর্গরাজ্য এই মহৎ কর্মের জন্য ধন্য ধন্য করেছে, 'প্রজানুরঞ্জক' রাজাকে, কারণ তাঁরই কারণে শূদ্রবংশজাত শম্বুক 'স্বর্গাধিকারী' হয়নি। এই বার্তা কাল থেকে কালান্তরে ছড়িয়ে পড়েছে। সমাজের এই নিম্নবর্গ ও প্রান্তিক জনজীবনের সন্ধান করতে গিয়ে রুমা বন্দ্যোপাধ্যায় জানাচ্ছেন - 'সিন্ধু সভ্যতার সময়েই বর্ণাশ্রয়ী সমাজের প্রাথমিক চেহারা ধরা পড়ে। ভারতবর্ষে আর্য আগমনের আগে অনার্যদের মধ্যেও দাসপ্রথা প্রচলিত ছিল। বৈদিকযুগে বর্ণাশ্রয়ী সমাজের চেহারা আরও স্পষ্ট হয়। সেই ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র- এই চতুর্বর্ণের বাইরেও দেখা দেয় অসংখ্য বর্ণ, জন, কোম এবং তাদেরও বিভিন্ন স্তর উপস্তর। আর্য সংস্কৃতির প্রসারের ফলে পর্বত ও অরণ্যবাসী উপজাতিগুলি হিন্দু সমাজের নিম্নতম জাতিতে পরিণত হয়। এইভাবেই উৎপাদন ও বন্টন ব্যবস্থার নিরিখে জাতিগুলির পেশা নির্দিষ্ট হয় বংশগতভাবে। বিভিন্ন জাতি আবার কিছু খণ্ডিত জাতিতে (sub-caste) বিভক্ত ছিল। এই খণ্ড জাতিগুলির মূলে হয়ত বিশেষ বংশ, আঞ্চলিকতা, প্রযুক্তি বা সংস্কৃতিগত উৎকর্ষ বা অপকর্ষের কারণ নিহিত। সমাজ বিন্যাসের ক্ষেত্রে হিন্দুর জাতিভেদ জটিলতায় আচ্ছন্ন বলেই 'হয়তো' শব্দটি ব্যবহার করতে হয়। ...গুণগতভাবে অর্থাৎ সত্ত্ব, রজঃ, তমঃ গুণ অনুসারে ভেদপ্রথার গুরুত্বকে অস্বীকার করা যায় না। তবে ব্যবহারিক ক্ষেত্রে বর্ণভেদ ও গুণগত ভেদকে অতিক্রম করে যায় অসংখ্য জাত ও উপজাত। আর্য সংস্কৃতির প্রসারের ফলে কৃষি, কারিগরি, পশুপালন- এইসব শ্রমসাধ্য কর্ম শূদ্রদের মধ্যে সীমাবদ্ধ হয়ে গিয়েছিল। অন্যদিকে কায়িক শ্রমসাধ্য পেশার সঙ্গে জড়িয়ে পড়েছিল আর্যেতর সংস্কৃতির উত্তরাধিকারী দলগুলি। এদের পশুগুলি নিচু ও অপবিত্র বলে চিহ্নিত হয়েছিল।'[১২] উনিশ শতকে বাংলার সমাজ ও সাহিত্যে আধুনিক যুগের, সূচনা কিংবা মধ্যবিত্তের মননে নবজাগরণের ছোঁয়া লাগলেও এই বর্ণবিভেদ কিন্তু তখনও বেশ স্পষ্ট। সেসবের ঐতিহাসিক উদাহরণের অভাবও নেই। তাই হয়ত বিশ শতকের প্রথম পর্বে 'অস্পৃশ্য অচ্ছুতদের' 'হরিজন' নামে অভিহিত করেন মহাত্মা গান্ধী।

গান্ধীজিকে 'মহাত্মা' উপাধি দিয়েছিলেন রবীন্দ্রনাথ; বঙ্গভঙ্গ আন্দোলনের সরাসরি অভিজ্ঞতা নিয়ে রাজনীতি থেকে বিশ্বকবি নিজেকে কিছুটা দূরেই সরিয়ে নিয়েছিলেন। কিন্তু গান্ধীজির সঙ্গে রবীন্দ্রনাথের সংযোগ ও পারস্পরিক শ্রদ্ধাবোধ সর্বজন বিদিত, এর পিছনে ছিল তাঁদের মানব হিতৈষী মন। রবীন্দ্রনাথ 'ছোট আমি' থেকে 'বড় আমি'র দিকে যাবার কথা বলেছেন বিভিন্নভাবে, তার ভিত্তিও তো মানবিকতা। আচণ্ডালে হরিভক্তি বিতরণ করেই তো মধ্যযুগে নিমাইপণ্ডিত হয়েছিলেন যুগপুরুষ মহাপ্রভু শ্রীচৈতন্য। 'চণ্ডালিকা' নৃত্যনাট্যে বুদ্ধকাহিনির আধারে সমাজ-সংস্কারের সেই অন্ধকার দিক আর তা থেকে উত্তরণের পথরেখাও এঁকে দিয়েছিলেন

রবীন্দ্রনাথ।

'চণ্ডালিকা'র প্রেক্ষাপটের পরিচয় দিতে গিয়ে গোপা দত্ত ভৌমিক জানাচ্ছেন-'বিশ শতকের ত্রিশের দশকের সূচনায় ভারতের রাজনৈতিক, সামাজিক পরিস্থিতির উত্তাপ গদ্য ও নৃত্যনাট্য চণ্ডালিকাতে কীভাবে অন্তর্লীন হয়ে আছে ভেবে অবাক লাগে। এই যোগ সরাসরি নয়, নিগূঢ়। কয়েকটি ঐতিহাসিক তথ্য বহুজ্ঞাত হলেও একটু তুলে আনা যাক। এই সময়ে বেশ স্পষ্ট হয়ে উঠেছে আমাদের বর্ণাশ্রম শাসিত, জাতপাত সম্প্রদায়ে বিভক্ত, কুসংস্কারে আচ্ছন্ন দীর্ণ দেশের অনৈক্যের সুযোগ কীভাবে নিচ্ছে ঔপনিবেশিক শাসককুল। আইন অমান্য আন্দোলনের উত্তেজনা তখন তুঙ্গে, প্রথম গোলটেবিল বৈঠক কংগ্রেসের যোগসাজসের অভাবে বিফল। কূটচাল হিসেবে গান্ধীজিকে কারামুক্ত করে বড়লাট লর্ড আরউইন আলোচনার সূচনা করলেন। গান্ধী আইন-অমান্য আন্দোলন প্রত্যাহার করে নিলেন, যোগ দিলেন দ্বিতীয় গোলটেবিল বৈঠকে ১৯৩১ সেপ্টেম্বর। সবটাই ব্যর্থ হল, কারণ ভারতের বিভিন্ন দলের অনৈক্য, সাম্প্রদায়িক ভেদাভেদ, জাতপাতের প্রকট বিভিন্নতা। আবার শুরু হল দ্বিতীয় পর্বের আইন অমান্য আন্দোলন, প্রতিবাদী ঐক্য ভাঙতে বদ্ধ পরিকর শাসকগোষ্ঠী। ১৯৩২ সালের আগস্টে ব্রিটিশ প্রধানমন্ত্রী র‍্যামজে ম্যাকডোনাল্ড ঘোষণা করলেন 'কম্যুনাল অ্যাওয়ার্ড'- সাম্প্রদায়িক বাঁটোয়ারা। যার ফলাফল ভারত ইতিহাসে সুদূরপ্রসারী হয়েছে। আলাদা আলাদা কম্যুনাল ইলেকটোরেট হল পৃথক পৃথক সম্প্রদায়ের জন্য - হিন্দুদের মধ্যে দুটি, কাস্ট হিন্দু আর ডিপ্রেসড্ ক্লাস হিন্দু। যারবেদা জেলে এই বিভাজনের প্রতিবাদে আমৃত্যু অনশনে বসলেন গান্ধীজি।'[১৩] অন্যদিকে অনেক আগেই রবীন্দ্রনাথের জাতীয় চেতনার সঙ্গে মিশে গেছে আন্তর্জাতিকতাবোধ। তাই তিনি লেখেন 'গোরা'-র মতো উপন্যাস কিংবা 'ভারততীর্থ-এর মতো কবিতা। যেখানে ভারতবর্ষের সঙ্গে মিলিয়ে দিয়েছেন মহা'মানবের সাগরতীর'কে-

হেথায় আর্য, হেথা অনার্য হেথায় দ্রাবিড় চীন -
শক হুন দল পাঠান মোগল এক দেহে হল লীন।
পশ্চিম আজি খুলিযাছে দ্বার,
সেথা হতে সবে আনে উপহার,
দিবে আর নিবে, মিলাবে মিলিবে
যাবে না ফিরে,
এই ভারতের মহামানবের সাগরতীরে ।[১৪]

অর্থাৎ বর্ণবিদ্বেষ, এবং মানুষের প্রতি ঘৃণা রবীন্দ্রনাথের মরমে তীব্র বেদনা জাগিয়েছিল, তাতে বিন্দুমাত্র সন্দেহ থাকে না। স্বদেশের জন্য কাজ করতে গোরা যখন চরঘোষপুরে গিয়েছিল, সেখানে উপলব্ধি করেছিল-'এই নিভৃত প্রকাণ্ড গ্রাম্য ভারতবর্ষ যে কত বিচ্ছিন্ন, কত সংকীর্ণ, কত দুর্বল; সে নিজের শক্তি সম্বন্ধে যে কিরূপ নিতান্ত অচেতন এবং মঙ্গল সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ ও উদাসীন; প্রত্যেক পাঁচ-সাত ক্রোশের ব্যবধান তাহার সামাজিক পার্থক্য যে কীরূপ একান্ত;

পৃথিবীর বৃহৎ কর্মক্ষেত্রে চলিবার পক্ষে সে যে কতই স্বরচিত ও কাল্পনিক বাধায় প্রতিহত; তুচ্ছতাকে যে সে কতই বড় করিয়া জানে এবং সংস্কার মাত্রেই যে তাহার কাছে কিরূপ নিশ্চলভাবে কঠিন; তাহার মন যে কতই সুপ্ত, প্রাণ যে কতই স্বল্প, চেষ্টা যে কতই ক্ষীণ, তাহা গোরা গ্রামবাসীদের মধ্যে এমন করিয়া বাস না করিলে কোনোমতেই কল্পনা করিতে পারিত না।[১৫] গ্রামে আগুন লাগলে তা নেভানোর জন্য জল ও পাওয়া যায় না। এই মানসিকভাবে নানাখানা হয়ে থাকা, আত্মিক বন্ধনের অবকাশ যেখানে প্রায় নেই, তেমনই এক পরিবেশের খণ্ডচিত্র তুলে ধরেছিলেন নৃত্যনাট্য চণ্ডালিকার প্রথমাংশে।

নৃত্যনাট্যের শুরুতেই ফুলওয়ালির দল ডালি ভরে নিয়ে চলেছে ফুল বিক্রী করতে, তাদের কণ্ঠে জাগ্রত বসন্তের গান। প্রকৃতি যেন মূর্তিমতী রমণী হয়ে উঠেছিল গানে। কিন্তু যে মুহূর্তে চণ্ডালকন্যা প্রকৃতি তাদের কাছে ফুল চেয়েছে, ঘৃণায়, অবহেলায় মুখ ফিরিয়ে চলে গেছে ফুলওয়ালীর দল। অর্থাৎ যে ফুল উৎসাহের সঙ্গে উচ্চবর্ণের মানুষের কাছে পৌঁছে দিতে তারা তৎপর, তথাকথিত নিম্নবর্ণের মানুষের কাছে তারাই ভিন্ন রূপ ধারণ করে। এই ঘটনারই পুনরাবৃত্তি ঘটেছে দইওয়ালার ক্ষেত্রে - শ্যামলী গাইয়ের দুগ্ধজাত দই বিক্রী করতে এসেছে সে। গাভীর নাম শুধু জানায়নি - কোন নদীর তীরে সে গরু চরায়, গাভীটি কেমন ঘাস খায়, এমনকি প্রাণীটির দেহবর্ণেরও বিবরণ দিয়েছে। এখানে লোকটির পোষ্যপ্রীতির সঙ্গে দই বিক্রীর বিজ্ঞাপন মিলে মিশে গেছে। পশুটির প্রতি তার ভালোবাসা অপত্য স্নেহের মতো; কিন্তু প্রকৃতি দই কিনতে গেলে, তিনি দই বিক্রী করতে পারেন না। কারণ তখন একটি মেয়ে সাবধান করে জানিয়ে দেয় প্রকৃতির 'চণ্ডালিনীর ঝি'। একই ঘটনা ঘটেছে চুড়িওয়ালার ক্ষেত্রেও - প্রকৃতি কাঁকন হাতে নিতেই ঝাঁপিয়ে পড়েছে মেয়ের দল। জীবনের সাজ-সজ্জা এবং স্বাদ, সবকিছু থেকেই বঞ্চিত প্রকৃতি। কিশোরী মেয়েটি কিন্তু উপলব্ধি করেছে সমাজের এই অন্যায়কে। অথচ প্রতিবিধানের ক্ষমতা তো তার নেই। তাই ক্ষোভ উগরে দেয় দেবতার প্রতি। আসলে দেবতার নাম নিয়েই তো মানুষ এই বর্ণ বিদ্বেষের পরম্পরাকে কাল থেকে কালান্তরে এগিয়ে দেয়। যেমন পুনশ্চ কাব্যের 'প্রথম পূজা' কবিতায় কিরাত জাতি মন্দির নির্মাণ করে নিজেরাই বঞ্চিত দেবদর্শন থেকে -

> একদা যখন ক্ষত্রিয় রাজা জয় করলেন দেশ
> দেউলের আঙিনা পূজারীদের রক্তে গেল ভেসে -
> দেবতা রক্ষা পেলেন নতুন নামে, নতুন পূজাবিধির আড়ালে-
> হাজার বৎসরের প্রাচীন ভক্তিধারার স্রোত গেল ফিরে।
> কিরাত আজ অস্পৃশ্য, এ মন্দিরে তার প্রবেশপথ লুপ্ত।[১৬]

প্রচারিত হল 'মান্ধাতার আমলে' সেই ত্রিলোকেশ্বরের মন্দিরের ভিতপত্তন করেছিলেন 'স্বয়ং বিশ্বকর্মা', পাথর বয়ে এনেছিলেন হনুমান। কিরাতদের পরিশ্রম কিংবদন্তির আড়ালে চলে গেছে। তবুও ভূমিকম্পের পর নতুন মূর্তি গড়ার দায়িত্ব নিয়ে 'কিরাতদলপতি' মাধব প্রাণের বিনিময়ে

দেবতার উদ্দেশে 'প্রথম পূজা' নিবেদন করেছিল। আর চণ্ডালিকা প্রকৃতি ধিকৃত জীবনে দাঁড়িয়ে ঈশ্বরের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছে - 'জানি না হায় রে কী দুরাশায় রে / পূজাদীপ জ্বালি মন্দির দ্বারে। / আলো তার নিল হরিয়া / দেবতা ছলনা করিয়া / আঁধারে রাখিল আমারে।' শুধু দেবতার কাছে নয়, মায়ের কাছেও এই 'লাঞ্ছনা' নিয়ে প্রশ্ন তুলেছে প্রকৃতি।

এরপর বৌদ্ধ-শ্রমণ আনন্দ এসেছে প্রকৃতির কুয়োর কাছে - তৃষ্ণার্ত ভিক্ষু জল চেয়েছেন চণ্ডালিনীকে। কোনো দুঃসাহসের পথে যায়নি প্রকৃতি, নিজের সামাজিক অবস্থান বা বংশ-পরিচয় মুহূর্তের জন্যও বিস্মৃত হয়নি। তার 'কূপের বারি' যে 'অশুচি', তার জলাধারের জল যে উচ্চবর্ণের মানুষের পানের অযোগ্য তা বিনয়ের সঙ্গে স্বীকার করেছে প্রকৃতি। সমাজ যে প্রকৃতিকে অস্পৃশ্যা করে রেখেছে, উচ্চবর্ণের সঙ্গে তাদের 'জল-অচল' - বিষয়টিকে রবীন্দ্রনাথ ক্ষুদ্র প্রেক্ষাপটে উপস্থাপন করেননি। এর সঙ্গে আন্তর্জাতিক পরিস্থিতির যোগসূত্র চিহ্নিত করে অধ্যাপক গোপা দত্ত ভৌমিক জানিয়েছেন- 'বিশ্বপরিস্থিতে ভেদাভেদের রাজনীতি তার রূপ প্রকাশ করেছে - ১৯৩৩-এ জার্মানির চ্যান্সেলর হবেন অ্যাডলফ হিটলার। বিশ শতকের ত্রিশের দশক এগিয়ে যাবে ১৯৩৯-এর সামুহিত বিনষ্টির দিকে। ভেদচিহ্নের তিলকপরা মানব সমাজের যে চেহারা প্রতিনিয়ত ক্রূরতর হয়ে দেখা দিচ্ছে তার বিরুদ্ধে - ভেদের বিরুদ্ধে, সাম্প্রদায়িক ঘৃণা, জাতিবিদ্বেষ, বর্ণব্যবধানের বিরুদ্ধে একটি আশ্চর্য দৃঢ় এবং আপাতনম্র স্বর জেগে উঠেছে 'পরিশেষে'-এর জুলাই, ১৯৩২-এ লেখা একটি বেদনাতুর কবিতায় 'জলপাত্র'। মানুষের প্রতি অমানুষী ঘৃণার, জাতপাতের নিদারুণ প্রতিবাদে ছোট্ট কবিতা - নিম্নবর্গের নারীর কাছে নিজে জল পান করছে সন্ন্যাসী।

বিধাতা প্রসন্ন যেথা আপনার হাতের সৃষ্টিতে
নিত্য তার অভিষেক নিখিলের আশিস বৃষ্টিতে,
জলভরা মেঘস্বরে এই কথা বলে
তুমি গেলে চলে।

হঠাৎ মনে পড়ে যেতে পারে বর্ণভেদের পটভূমিতে 'জলপাত্র' শব্দটির একটি অর্থাবনতিযুক্ত অন্য পরিচয় ছিল একদা। জল বা খাদ্যের স্পর্শদোষ ঘটলেও পুরুষ নিম্নবর্গের নারীকে সম্ভোগের সামগ্রী করেছে চিরকাল। তাতে বাধা ছিল না কপটাচারী সমাজের। এই সব নারীকে গ্রামীণ পরিবেশে বলা হত 'জলপাত্র', অদ্ভুত শোনায়, কিন্তু সত্য। এই কবিতায় মূল শব্দটির গায়ে যে মালিন্যের ছোঁয়া লেগেছে তা যেন ধুয়ে দিয়েছেন কবি পরমযত্নে। এই কবিতাটির কোরকেই চণ্ডালিকার সম্ভাবনা নিহিত'[১৭]

বাংলা সাহিত্যে আদিতম নিদর্শন যে চর্যাগীতি - সেখানেও বৌদ্ধ সহজিয়া সাধকগণ নিজেদের ধর্মচর্চা করতে গিয়ে আশ্রয় করেছিলেন রূপকের; যার উপাদান হিসেবে ব্যবহার করেছিলেন শবরী, ডোমনী, চণ্ডালীরা। ধর্মচর্চার সূত্রেই বাংলার প্রাচীন সমাজের যে প্রতিচ্ছবি ধরা পড়েছিল,

সেখানেও এই প্রান্তিক জাতিকে উচ্চবর্ণের মানুষেরা ঘৃণা ভরে এড়িয়ে গেছেন। কিন্তু রাতের অন্ধকারে সেই ব্রাহ্মণ পুরুষেরা নিম্নবর্গের নারীদের দরজায় হানা দিত। আর বৌদ্ধ ভিক্ষু আনন্দ দিনের আলোয় 'করপুটের কমলকলিকায়' নিয়েছিলেন প্রকৃতির দেওয়া জল। তাই চণ্ডালিনীর কূপ, যা সাধারণ সমাজের কাছে অশুচি, তাই হয়ে উঠেছিল 'অকূল সমুদ্র'।

রবীন্দ্রনাথ কবি, তিনি ঐতিহাসিক বা সমাজতাত্ত্বিক নন। তাই শুধু সমস্যার কথা নির্লিপ্ত ভঙ্গিতে বলে যান না, উত্তরণের পথও চিনিয়ে দেন। তবে বাস্তবতাকে অস্বীকার করে নয়। এ প্রসঙ্গে সত্যবতী গিরি তাঁর প্রবন্ধে একটি বিষয় সম্পর্কে সচেতন করে দিয়েছেন- 'অস্পৃশ্যতার ক্ষেত্রেও তিনি কোন আকস্মিক বা অলৌকিকে আস্থা রাখেননি। ১৯৩৪ সালে বিহারের ভূমিকম্পে বহু মানুষ আহত ও নিহত হয়। ক্ষয়ক্ষতির পরিমাণও ছিল বিপুল। এই ঘটনার পর গান্ধীজি ঘোষণা করেন বিহারের ভূমিকম্পের কারণ অস্পৃশ্যতার পাপ। ৫ ফেব্রুয়ারি ১৯৩৪ তারিখে এর তীব্র প্রতিবাদ করে রবীন্দ্রনাথ চিঠি লেখেন গান্ধিজীকে। সেই চিঠিতে তিনি বলেন যে, যারা নিম্নবর্ণের মানুষকে অস্পৃশ্য মনে করে; যারা ধনী, পাকা বাড়িতে থাকে এই ভূমিকম্পে তাদের ক্ষতি বেশি হয়নি। ক্ষতি হয়েছে অস্পৃশ্যদেরই কারণ তারা গরিব, তারা থাকে কুটিরে। ভূমিকম্পের কারণ যদি অস্পৃশ্যতার পাপ হয়, তাহলে যারা পাপী তাদের শাস্তি না হয়ে অস্পৃশ্য দরিদ্রদেরই শাস্তি হল কেন - এই প্রশ্ন তুলেছিলেন রবীন্দ্রনাথ[১৮] এই প্রশ্নের উত্তর রবীন্দ্রনাথ খুঁজেছিলেন আরো আগে থেকেই, পেয়েছিলেন চণ্ডালিনীর সন্ধান। বৌদ্ধধর্মে জাতিভেদ প্রথা বা বর্ণাশ্রমকে অস্বীকার করা হয়েছিল - এই বিষয়টিকেই তুলে ধরলেন রবীন্দ্রনাথ যুগোচিত পটভূমিতে। শেষ পর্যন্ত প্রকৃতি তার কামনা-মদির প্রেম এবং তার মা নিজের জাদুবিদ্যার সেই আদিম মন্ত্র পেরিয়ে 'ধূলায় পড়া ম্লান কুসুম'এর মতোই আনন্দের পায়ে আশ্রয় নিয়েছে, যেখানে বর্ণবিদ্বেষের আগুন পৌঁছতে পারেন না।

চণ্ডালকন্যার ব্যক্তি পরিচয় দেবার আগে তার সামাজিক অবস্থানটি রবীন্দ্রনাথ স্পষ্ট করে প্রকাশ করেছেন। ফুলওয়ালীদের 'মালার ফুলের দল'-এ যতই 'বসন্তের মন্ত্রলিপি' লেখা থাক- সে সব থেকে প্রকৃতি কিন্তু বঞ্চিত। পুরাণে হর-পার্বতীর মিলনে মদনের সখা বসন্ত ছিল 'প্রেম পথে' সহায়ক। রাধাকৃষ্ণের মিলনকুঞ্জের পটভূমিতে ছিল বসন্ত-নিকুঞ্জ। 'চণ্ডালিকা'র পূর্বে প্রকাশিত নৃত্যনাট্য 'চিত্রাঙ্গদা'য় 'রোদনভরা বসন্ত' বিরহিনী নায়িকাকে কাতর করে তুলেছিল। বসন্ত শুধু মিলনের নয়, বিরহের ও পটভূমি, তাই সখীদের কাছে চিত্রাঙ্গদা গেয়ে ওঠেন - দক্ষিণসমীরে দূর গগনে / একেলা বিরহী গাহে বুঝি গো।' অন্যদিকে 'শ্যামা' নৃত্যনাট্যে রাজপুরীর পলাতকা 'পুরসুন্দরী'কে তুলনা করা হয়েছিল 'অশোকমঞ্জরী'র সঙ্গে; যার বিহনে 'ফাল্গুনের অঙ্গন শূন্য'। চণ্ডালিকা নৃত্যনাট্যেও সেই মাধবী, মালতী, করবী, রঙ্গন, কাঞ্চন, রজনীগন্ধা, মল্লিকা, অশোকমঞ্জরী- সবই আছে, আর সেখান থেকে বঞ্চিত প্রকৃতি। এই বসন্ত তো কিশোরী প্রকৃতি মনেও মিশে আছে - কৈশোর ছেড়ে তার যাত্রা তারুণ্যের দিকে; সেই বয়সে শুধু প্রেম নয়, সখ্যও খোঁজে মানবমন। মনের নানা অনুভূতি ভাগ করে নেবার জন্য প্রয়োজন হয় দোসরের। কিন্তু প্রকৃতি 'উপেক্ষিতা'- সমাজ তাকে আজন্ম শুনিয়েছে 'ঠাঁই নাই, ঠাঁই নাই' বাণী। ফুলওয়ালীদের

গানে যখন সে শোনে- 'শুভলগন গেলে চলে ফিরে দেবে না ধরা... শুকাবে বকুল মঞ্জরী।' চঞ্চল হয়ে ওঠে তার মন। ঘৃণায় মুখ ফিরিয়েছে ফুলওয়ালীর দল। দইওয়ালা কিংবা চুড়িওয়ালার কাছাকাছি গেলে সমবেত মেয়েদের সাবধানবাণীতে ওই একই ঘটনার পুনরাবৃত্তি ঘটে। চুড়িওয়ালা যখন তার গানে বলে - 'আমার কথা শোনো/ হাতে লহো প'রে/ যারে রাখিতে চাহ ধ'রে/ কাঁকন দুটি বেড়ি হয়ে / বাঁধিব মন তাহার / আমি দিলাম ক'য়ে।' এ তো শুধু 'সোনালি তারে মোড়া' কাঁকনের বিজ্ঞাপন মাত্র নয়, কিশোরী কন্যার মনস্তত্ত্বের পরিচয়ও পাওয়া যায়। প্রকৃতিও তার বাইরে নয়, অথচ তার আনাগোনার সীমানা এতই সংকীর্ণ, ব্যক্তিগত অনুভূতির সামান্য প্রকাশে নেমে আসে ঘৃণার ঝড়।

এই অপমান আর বঞ্চনাকে নীরবে মেনে নিয়েছিল প্রকৃতি, তাও বলা যায় না। যদি রবীন্দ্রনাথের নারীভাবনার দিকে তাকাই, তাহলে দেখবো এই লাঞ্ছনা-অবহেলার প্রতিবাদ করেছিল সবুজপত্র পর্বের নারীরা - কখনো নিঃশব্দে, কখনো দীর্ঘ পত্রে পুরুষতন্ত্রের প্রতি জেহাদ ঘোষণা করেছে যুক্তির সাহচর্যে। প্রায় দু'দশক পেরিয়ে লেখা 'নৃত্যনাট্য চণ্ডালিকা'র নায়িকা অনুযোগ জানিয়েছে দেবতার প্রতি- 'যে আমারে পাঠাল এই / অপমানের অন্ধকারে/ পূজিব না, পূজিব না সেই দেবতারে, পূজিব না।/... কেন দেব ফুল আমি তারে - / যে আমারে চিরজীবন / রেখে দিল এই ধিক্কারে।' এই অভিযোগ জন্মদাত্রী মায়ের প্রতি ও জানিয়েছে প্রকৃতি - 'জন্ম কেন দিলি মোরে/ লাঞ্ছনা জীবন ভ'রে- / মা হয়ে আনিলি এই অভিশাপ !/ কার কাছে বল্ করেছি কোন্ পাপ, / বিনা অপরাধে একি মোর অন্যায়।' অথচ এই মেয়েটি তথাকথিত শিক্ষিত মেয়ে নয়, নারীমুক্তি ভাবনার সঙ্গে পরিচিত হবার কোনো অবকাশও তার ছিল না। জল তোলা, ফল পাড়া, উঠান নিকানো, চুলো ধরানো, ছাগল চরানো কিংবা 'মা-মরা বাছুর'কে স্নান করানো - এই তো তার জগৎ। অথচ এটুকু বৃত্তে বাস করেও সে সামাজিক ঘৃণা ও অপমানের সম্মুখীন। সামাজিক নিঃসঙ্গতাই প্রান্তিক রমণীকে ভাবতে শিখিয়েছে এতখানি।

প্রতিবাদের সঙ্গে তার মধ্যে আছে সততা। সমাজের প্রতি এবং নিজের জন্মের প্রতি ক্ষোভ থাকলেও নিজের আচরণে সংযম রক্ষা করেছিল যথাযোগ্য ভাবেই। তাই বৌদ্ধ ভিক্ষু যখন তার কাছে জল চেয়েছেন, প্রকৃতি খুব স্পষ্টভাবেই নিজের পরিচয় জানিয়ে অপারগতার কারণটি স্পষ্ট করেছিল। তবে আনন্দের কাছে 'মানবকন্যা'-র মান পেয়ে তারপর তাঁকে পিপাসার জল দিয়েছে প্রকৃতি। এই সামান্য ঘটনা তার মনে তুলেছে 'তরঙ্গ'। মানুষ হিসাবে সম্মান পাবার যে আকুলতা প্রকৃতির মধ্যে জেগে ছিল, তা যেন পূর্ণ হয়েছে। 'শুধু একটি গণ্ডূষ জল' তার কুয়োকে করে তুলেছে 'অকূল সমুদ্র'।

'মানবের সম্মান' পাবার পরেই জেগেছে চণ্ডালকন্যার প্রেমিকা সত্তা- পুরুষের প্রতি প্রকৃতির স্বাভাবিক আগ্রহই মূর্ত হয়ে উঠেছে প্রকৃতি চরিত্রে। প্রভাতকুমার মুখোপাধ্যায় 'রবীন্দ্রজীবনী' গ্রন্থে রবীন্দ্রনাথের 'চণ্ডালিকা' প্রসঙ্গে 'অস্পৃশ্যতা' ও 'জল-অচলনীয়তা' এবং সেই প্রসঙ্গে মহাত্মা গান্ধীর আন্দোলনের উল্লেখ করেও জানিয়েছেন- '... নাটিকাটির মধ্যে জটিল যৌন-প্রশ্ন রহিয়াছে

বলিয়া মনে হয়।"[১৯] আনন্দের দেখা পাবার পর প্রকৃতির পরিবর্তন খুবই স্পষ্ট। 'মাঠের বাঁশি'র ডাক সে উপেক্ষা করতে পারে। বরং বৈষ্ণব পদাবলীর রাধার পূর্বরাগে যে অবস্থা, এখানের প্রকৃতির গানে সেই একলা যাপনে আগ্রহী এক অনুভবী মনের পরিচয় মেলে- 'ওগো, ডেকো না মোরে ডেকো না' গানে। 'কাঙালিনী'-র মন নিয়ে প্রকৃতি বসে আছে আনন্দের প্রতীক্ষায়, নিজেকে নিবেদন করার জন্য সে একনিষ্ঠভাবে তাহার অপেক্ষা করছে- 'যদি সে আসে তার চরণছায়ে / বেদনা আমার দিব বিছায়ে,/ জানাব তাহারে অশ্রুসিক্ত/ রিক্ত জীবনের কামনা।'

রবীন্দ্রনাথের 'চণ্ডালিকা'য় সমাজভাবনার পাশাপাশি আছে তাত্ত্বিক চিন্তন। তাই চণ্ডালিকার মুখের ভাষা কিংবা গানের কথায় মিশে থাকে গভীর জীবনবোধ। 'ধরার প্রণাম' হিসেবে ফুলের মতোই ফুটে ওঠে তার ভাবনা। আত্মনিবেদনেও সে প্রস্তুত। আবার তার সামাজিক বা পারিবারিক অবস্থানটি ও স্রষ্টা ভুলতে দেন না, মায়ের কথায় বুঝিয়ে দেন মেয়ের আচরণের অসংলগ্নতা। ততক্ষণে চণ্ডালকন্যা প্রকৃতির পুনর্জন্ম ঘটে গেছে; মা যখন মেয়ের আচরণ দেখে তপস্বিনী উমার প্রসঙ্গ এনেছেন, মেয়ে অনায়াসে বলেছে - 'হ্যাঁ মা, আমি বসেছি তপের আসনে।' মায়ের কাছে জানিয়েছে আনন্দের জলপানের ঘটনা। নিজের এতদিনের চেনা অস্তিত্ব নিয়ে প্রশ্ন তুলেছে- 'আমি চণ্ডালী, সে যে মিথ্যা, সে যে মিথ্যা/ সে যে দারুণ মিথ্যা।/ শ্রাবণের কালো যে মেঘ/ তারে যদি নাম দাও 'চণ্ডাল',/ তা বলে কি জাত ঘুচিবে তার,'/ অশুচি হবে কি তার জল।' শুধু প্রেমের উন্মেষ ঘটেছে প্রকৃতির চিত্তে, এমনটাই নয় - তার প্রেক্ষিতে যুক্তিও সাজিয়েছে। এবং বিরহিনী নায়িকার মতো কাঙ্ক্ষিত পুরুষের নাম হৃদয়ে গেঁথে ও নিয়েছে প্রকৃতি। এমনকি 'বিচ্ছেদ দহন'কে প্রেমের অঙ্গ হিসেবে গ্রহণ করে, চিত্তের গহনে 'তপ' করেছে।

আনন্দের 'জল দাও' বাণী প্রকৃতিকে মনুষ্যত্বের মন্ত্রে দীক্ষিত করেছে- সে বুঝেছে নিজের নিন্দা করা পাপ। মানবতার বাণী ধরা পড়েছে মাকে বলা প্রত্যেকটি কথায়। জন্ম নয়, কর্ম দিয়ে সমাজে মানুষের অবস্থান নির্দিষ্ট হবে, এমন বিশ্বাসই তৈরি হয়েছে প্রকৃতির মনে 'রাজার বংশে দাসী জন্মায় অসংখ্য/ আমি সে দাসী নই।/ দ্বিজের বংশে চণ্ডাল কত আছে/ আমি নই চণ্ডালী।' আনন্দের প্রতি প্রেমই শুধু নয় - এই জীবনদর্শনও তাকে নিয়ে গেছে 'নতুন জন্মে'র দিকে। সেই বিশ্বাস, সেই আত্মসম্মান প্রকৃতিকে প্রেমের পথে এগিয়ে দিয়েছে অনেকখানি। আনন্দর কণ্ঠে 'জল দাও' শুনেই তার দেহ উঠেছিল চমকে, শিউরে উঠেছিল প্রাণ। আনন্দই হয়ে উঠেছেন চণ্ডালিনীর 'হৃদয়পথের পথিক'। তাঁরই অপেক্ষায় এক 'পথ চাওয়া মন' নিয়ে বসে আছে তরুণীটি। কিন্তু আনন্দ আসেনি সেই পথে - কাঙ্ক্ষিত পুরুষের অনুপস্থিতিতে প্রকৃতির হৃদয় হয়ে উঠেছে 'মরুভূমি'- 'শুকিয়ে গেল তার রস'। 'চক্ষে আমার তৃষ্ণা' গানে সেই হৃদয়ে মরুকেই চিনিয়ে দিয়েছেন নাট্যকার। প্রভাতকুমার মুখোপাধ্যায় নাটকে যে 'জটিল যৌন প্রশ্ন' লক্ষ্য করেছিলেন, তা মিশে আছে এই গানেও। পছন্দের পুরুষের প্রতি তো তার তৃষ্ণা চোখ-বুক জুড়ে। 'দহন শয়নে তপ্ত ধরণী' যেমন পিপাসার্তা হয়ে পড়ে থাকে- প্রকৃতির অবস্থাও তেমনি। আনন্দের সঙ্গে মিলিত হতে না পারার বেদনা তীব্র এক উৎকণ্ঠা নিয়ে প্রকাশ পেয়েছে প্রকৃতির গানে-'ঝরনারে কে দিল বাধা-/ নিষ্ঠুর পাষাণে বাঁধা।/ দুঃখের শিখরচূড়ে।।'

রাজবাড়ির অনুচরের আগমনে মায়ের জাদুবিদ্যার প্রসঙ্গ আসতেই, আনন্দকে ফিরিয়ে আনার পন্থা খুঁজে পেয়েছে প্রকৃতি। মায়ের মন্ত্রের ওপর ভরসাও আছে তার। গদ্য নাটিকা 'চণ্ডলিকা'য় প্রকৃতি বেশ স্পষ্ট করেই বলেছিল- 'মা তোমার মন্ত্র জীব সৃষ্টির আদিকালের। এদের মন্ত্র কাঁচা, এই সেদিনকার। ওরা পারবে না তোমার সঙ্গে। তোমার মন্ত্রের টানে খুলবে ওদের মন্ত্রের গাঁঠ। ওঁকে হারতেই হবে, হারতেই হবে।'[২০] মায়ের বুক কাঁপলেও মেয়ে আটল এই সিদ্ধান্তে। নিজের 'স্পর্ধা' দেখে নিজেই 'আশ্চর্য' হয়ে যায় সে। নিজের মূল্য যেন হঠাৎই সে বুঝতে পারে। নিজে 'অভাগিনী' নয়, এটুকু বুঝেই থেমে থাকেনি, বরং গর্ব ভরে মাকে বলতে পারে-'পড় তোর মন্তর, পড় তোর মন্তর/ ভিক্ষুরে নিয়ে আয় অমানিতার পাশে/ সে'ই তারে দিবে সম্মান-/ এত মান আর কেউ দিতে কি পারে।' মেয়ের সাহস দেখে মা-ও অবাক হয়েছেন। প্রকৃতি মাকে স্মরণ করিয়ে দিয়েছে আনন্দের সাহসের কথা। আনন্দের 'একটু বাণী'-র দীপ্তি আলো করে দিয়েছিল প্রকৃতির সারা জন্ম, বুকের কালো পাথর সরে 'উতলি উঠল রসের ধারা'।

বৌদ্ধ ভিক্ষু তো চলে যান আপন পথে, ফিরেও তাকান না তাঁর 'নতুন সৃষ্টি'র দিকে। তুচ্ছ প্রকৃতি নিজের অপরাধের 'ডালা' পূর্ণ করেই কাছে টানতে চায় আনন্দকে। এখানে খেয়াল করলেই দেখা যাবে, শুধু প্রেম নয়, আনন্দের করুণা ও মিশে গেছে প্রকৃতির আকাঙ্ক্ষায়- 'আমার দোষকে তোমার পুণ্য/ করবে তো কলঙ্ক শূন্য- / ক্ষমায় গেঁথে সকল ত্রুটি/ গলায় তোমার পরো।' মেয়ের দুঃখ সহ্য করতে পারেনি মা ও তাই প্রকৃতির অনুরোধে নিষ্ঠুর মন্ত্র পড়তে শুরু করেছে। মেয়েও উৎসাহ দিয়েছে মাকে, সেই মন্ত্রের জোর এমন বৌদ্ধ ভিক্ষু কিছুতেই তা এড়াতে পারেন না, পুরুষকে যেন আসতেই হয় প্রকৃতির কাছে।

তৃতীয় দৃশ্যে প্রকৃতির দ্বন্দ্ব, মানসিক দোলাচলতা প্রকট হয়ে উঠেছে। প্রথমেই মন্ত্রের ইতিবাচক সম্ভবনায় সে আশাবাদী হয়ে উঠেছিল, কিন্তু আনন্দের প্রতিক্রিয়া তাকে যন্ত্রণা দিয়েছে। মায়ামুকুর থেকে মুখ সরিয়ে নিয়েছে প্রকৃতি-'আমি দেখব না তোর দর্পণ।/বুক ফেটে যায়, যায় গো/ বুক ফেটে যায়।' একই সংলাপের মধ্যে একবার মন্ত্র থামাতে বলেছে, পরক্ষণেই 'পথ যে বেশি বাকি নেই' তা স্মরণ করিয়ে আবার মন্ত্র পড়তে বলেছে মাকে। ততক্ষণে প্রকৃতির প্রেমভাবনা 'জীবন-মরণের সীমানা'য় গিয়ে দাঁড়িয়েছে। প্রেমের প্রাপ্তি তখন প্রকৃতির কাছে 'বুকের জ্বালা'। 'নিবিড় ঘন আঁধারে' যখন আনন্দ পৌঁছাবে, তা দিয়ে দীপ জ্বালাবে প্রকৃতি। বিপুল বেদনায় জ্বলে-পুড়ে ছাই হয়ে যাবে পার্থিব চাহিদা। প্রেমাস্পদের চরণে উপহার দেবে 'মরণব্যাথা'। সে অনুভব করেছে সন্ন্যাসীর 'আসন' টলেছে। মায়ের মন্ত্রে আনন্দের 'পুণ্যশিখা' কলুষিত হয়েছে দেখে ও থামেনি প্রকৃতি - 'নিষ্ঠুর পণ' আর 'ক্ষুধার্ত প্রেম' তাকে হার মানতে দেয়নি- সত্য-মিথ্যা, ভালো-মন্দের উর্দ্ধে উঠে জাদুবিদ্যা প্রয়োগ করতে করতে ক্লান্ত হয়ে পড়া মাকে 'শেষ নাগমন্ত্র' পড়ার উৎসাহ দিয়েছে। মায়ের শক্তি যখন প্রায় শেষ, মেয়েকে দর্পণ দেখতে বলেছেন তিনি। কিন্তু ততক্ষণে প্রকৃতির পরিবর্তন ঘটে গেছে। আর চোখের দেখা নয়, তাঁর 'চরণের ধ্বনি' হৃদয়ে ধ্যানের মধ্যে শুনতে চেয়েছে চণ্ডালকন্যা। আনন্দের আগমনের বর্ণনায় আগমনী এসেছে ঝড়ের বেশে। এই অংশটি আমাদের নিয়ে যায় রবীন্দ্রনাথের 'খেয়া'

কাব্যগ্রন্থের 'আগমন' কবিতার কাছে; যেখানে আঁধার রাতে বেজে ওঠে ভেরি, 'রিক্ত করে শূন্যঘরে' রাজাকে অভ্যর্থনা জানাতে হয়-

ওরে, দুয়ারে খুলে দে রে,
বাজা শঙ্খ বাজা!
গভীর রাতে এসেছে আজ
আঁধার ঘরের রাজা।
বজ্র ডাকে শূন্যতলে
বিদ্যুতেরই ঝিলিক ঝলে,
ছিন্ন শয়ন টেনে এনে
আঙিনা তোর সাজা।
ঝড়ের সাথে হঠাৎ এল
দুঃখরাতের রাজা।[২১]

এমনি এক পটভূমিতে প্রকৃতি অপেক্ষা করেছে জন্মান্তরের জন্য। ভেঙে পড়েছে তাঁর 'জন্মের মিথ্যা'। 'সত্য-মঙ্গল-প্রেমময়' রূপে পরম কাঙ্ক্ষিতকে অভ্যর্থনা করেছে সে-'ওগো আমার সর্বনাশ/ ওগো আমার সর্বস্ব/ তুমি এসেছ/ আমার অপমানের চূড়ান্ত।/ মোর অন্ধকারে উর্ধ্বে রাখো/ তব চরণ জ্যোতির্ময়'।

'নৃত্যনাট্য চণ্ডালিকা'-র সমাপ্তি প্রসঙ্গে সুতপা ভট্টাচার্য লিখেছেন-'রাজেন্দ্রাণী চিত্রাঙ্গদা রূপমুগ্ধ অর্জুনকে অনর্জুন বলে ধিক্কার দিলেও শেষ অবধি ফিরিয়ে দিতে পারেননি, কিন্তু চণ্ডালিকা প্রকৃতি তা পেরেছিল। দয়িতকে কাছে টানবার জন্য চিত্রাঙ্গদা যেমন রূপমোহ বিস্তার করেছিল, চণ্ডালিকাও তেমনি বিস্তার করেছিল মন্ত্রজাল, তার মায়ের মাধ্যমে। কিন্তু সেই মন্ত্রজাল যখন সত্যিই আনন্দকে টেনে আনল প্রকৃতির দরজায়, তখন, সেই আনন্দ-হীন আনন্দ-মূর্তি দেখে আত্মধিক্কারে ভরে উঠল প্রকৃতির মন, পরাভব থেকে আনন্দকে উদ্ধার করল প্রকৃতি, তাকে তার ধর্মের পথে ফিরিয়ে দিয়ে। নারী-পুরুষের প্রেম সম্বন্ধে রবীন্দ্রনাথের অভিমত তখন কিছুটা বদলেছে, 'চণ্ডালিকা' রচনার সমসময়ে তাঁকে গদ্যে বলতে শুনি ঃ 'নারীর প্রেম পুরুষকে পূর্ণশক্তিতে জাগ্রত করতে পারে, কিন্তু সে প্রেম যদি শুক্লপক্ষের না হয়ে কৃষ্ণপক্ষের হয় তবে তার মালিন্যের আর তুলনা নেই। পুরুষের সর্বশ্রেষ্ঠ বিকাশ তপস্যায়, নারীপ্রেমে ত্যাগধর্ম আর সেবাধর্ম সেই তপস্যারই সুরে সুর-মেলানো; এই দুয়ের যোগে পরস্পরের দীপ্তি উজ্জ্বল হয়ে ওঠে।' 'চণ্ডালিকা'য় প্রকৃতির প্রেম কৃষ্ণপক্ষেই মোড় নিয়েছিল, কিন্তু শুক্লপক্ষে রূপান্তরিত হল পরিণতিতে।'[২২] তাই শেষ পর্যন্ত মাকে মন্ত্র ফিরিয়ে নেবার কথাই বলেছিল প্রকৃতি। এমনকি

মাকে 'রাক্ষসী', 'পাপীয়সী' সম্বোধন করে মরতেও বলেছিল সে। যখন দেখেছে আনন্দের 'দীপ্ত সমুজ্জ্বল' রূপ আত্মপরাভবে ক্লান্ত, বীরের জয়গাথা গেয়েছে প্রকৃতি, মার্জনাও চেয়েছে- 'মাটিতে টেনেছি তোমারে, / এনেছি নীচে/ ধূলি হতে তুলি নাও আমায়/ তব পুণ্যলোকে/ ক্ষমা করো।' 'নারকীয় প্রেম' এর স্বর্গ রচনা করে ক্ষমা পায়নি শ্যামা- সেখানে অবশ্য যুক্ত হয়েছিল বজ্রসেনের 'দীনতা'। আর এখানে বুদ্ধ শিষ্য আনন্দ তো ত্যাগ তিতিক্ষা- ক্ষমায় গেঁথে নেন প্রকৃতির ত্রুটি; প্রকৃতির কল্যাণ কামনাই ধ্বনিত হয় তাঁর সংক্ষিপ্ত সংলাপে। নাটকের মূল চরিত্র প্রকৃতি পৌঁছে যায় তার নির্দিষ্ট পরিণতিতে।

**সূত্র সংকেতঃ**


১) 'রবীন্দ্র রচনাবলী', ত্রয়োদশ খণ্ড, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, সার্ধশতবর্ষ সংস্করণ, ২০১৫, পৃষ্ঠা-৭৯০।

২) শঙ্খ ঘোষ, 'ঐতিহ্যের বিস্তার', প্যাপিরাস, কলকাতা, ১৯৮৯, পৃষ্ঠা-২৪।

৩) রবীন্দ্রনাথ ঠাকুর, রবীন্দ্র রচনাবলী দ্বিতীয় খণ্ড, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, কলকাতা, সার্ধ শতবর্ষ সংস্কারণ, ২০১২, পৃষ্ঠা-৭০৩

৪) সুকুমার সেন, 'বাঙ্গালা সাহিত্যের ইতিহাস', চতুর্থ খণ্ড, আনন্দ, কলকাতা, অষ্টম মুদ্রণ, ২০১৪,পৃষ্ঠা-২৪৬

৫) সত্যবতী গিরি, 'চণ্ডালিকা এক অমানী অস্তিত্বের জাগরণ' (প্রবন্ধ), বাংলা সাহিত্য পত্রিকা, ষোড়শ সংখ্যা, পঁচিশে বৈশাখ, ১৪২২, পৃষ্ঠা-৫২৯-৫৩০

৬) 'রবীন্দ্র রচনাবলী', ত্রয়োদশ খণ্ড, প্রাগুক্ত, পৃষ্ঠা-৩১৯

৭) সত্যবতী গিরি, 'চণ্ডালিকা এক অমানী অস্তিত্বের জাগরণ' (প্রবন্ধ), বাংলা সাহিত্য পত্রিকা, ষোড়শ সংখ্য, পঁচিশে বৈশাখ, ১৪২২, পৃষ্ঠা- ৫২৮-৫২৯

৮) তদেব, পৃষ্ঠা- ৩২৩

৯) কথাকলি সেনগুপ্ত, 'ফেমিনিজম বাংলা উপন্যাসে' (প্রবন্ধ), অলোক রায় (সম্পাদিত), 'কথাসাহিত্য ঃ সাহিত্যকোষ', সাহিত্যলোক, কলকাতা, পরিবর্ধিত নতুন সংস্করণ, ২০১০, পৃষ্ঠা- ১৩৩

১০) 'রবীন্দ্র রচনাবলী', ত্রয়োদশ খণ্ড, প্রাগুক্ত, পৃষ্ঠা- ৩২২

১১) রাজেশখর বসু, 'বাল্মীকি রামায়ণ সারানুবাদ', এম. সি. সরকার, কলকাতা, ষোড়শ মুদ্রণ, ১৪২৪, পৃষ্ঠা- ৪৫৩-৪৫৪

১২) রুমা বন্দ্যোপাধ্যায়, 'বাংলা সাহিত্যে প্রান্তবর্গের / নিম্নবর্গের জাগরণ' (প্রবন্ধ), সরসিজ সেনগুপ্ত (সম্পাদিত), 'বাঙালির সমাজ ও বাংলা সাহিত্যের নানা দিগন্ত', সোম, প্রথম প্রকাশ, ২০২০, পৃষ্ঠা- ৩১৭-৩১৮

১৩) গোপা দত্ত ভৌমিক, 'চণ্ডালিকা ও শ্যামা ঃ বৌদ্ধকাহিনির নারীর নতুন নির্মাণ' (প্রবন্ধ), 'জগজ্জ্যোতি', জানুয়ারী, ২০১২, পৃষ্ঠা ২২১-২২২

১৪) 'রবীন্দ্র রচনাবলী', তৃতীয় খণ্ড, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, সার্ধশতবর্ষ সংস্করণ, ২০১২, পৃষ্ঠা- ৭৫

১৫) 'রবীন্দ্র রচনাবলী', নবম খণ্ড, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, সার্ধশতবর্ষ সংস্করণ, ২০১৪, পৃষ্ঠা- ১৩৩

১৬) 'রবীন্দ্র রচনাবলী', চতুর্থ খণ্ড, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, সার্ধশতবর্ষ সংস্করণ, ২০১২, পৃষ্ঠা- ৯৮

১৭) গোপা দত্ত ভৌমিক, 'চণ্ডালিক ও শ্যামা ঃ বৌদ্ধকাহিনির নারীর নতুন নির্মাণ' (প্রবন্ধ), প্রাগুক্ত, পৃষ্ঠা -২২২

১৮) সত্যবতী গিরি, 'চণ্ডালিকা এক অমানী অস্তিত্বের জাগরণ' (প্রবন্ধ), প্রাগুক্ত, পৃষ্ঠা-৫২৮

১৯) প্রভাতকুমার মুখোপাধ্যায়, 'রবীন্দ্রজীবনী ৩য় খণ্ড', বিশ্বভারতী, কলকাতা, চতুর্থ সংস্করণ, ১৪১৭, পৃষ্ঠা-৫২৮

২০) রবীন্দ্র রচনাবলী, ত্রয়োদশ খণ্ড, প্রাগুক্ত, ২০১৫, পৃষ্ঠা - ৩২৮

২১) 'রবীন্দ্র রচনাবলী', দ্বিতীয় খণ্ড, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, সার্ধশতবর্ষ সংস্করণ, ২০১২, পৃষ্ঠা- ৬২৩

২২) সুতপা ভট্টাচার্য, 'সে নহি নহি', এবং মুশায়েরা, কলকাতা, এবং মুশায়েরা সংস্করণ, ২০১৩, পৃষ্ঠা- ৯৬

# ‘জলের মিনার জাগাও’ঃ আত্মকথার অন্তরালে দেবেশ রায়ের একটি উপন্যাস

সঞ্জীব মান্না
সহকারী অধ্যাপক, দুরশিক্ষা বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

## বিষয় চুম্বক

দেবেশ রায় একটি আত্মকথা লিখেছিলেন। আত্মকথাটি অন্যরকম। কোনও পূর্বাপর নেই। কথা প্রসঙ্গে আর এক কথার উত্থাপন সেখান থেকে আবার অন্য এক কথা। এভাবেই লিখেছিলেন ‘জলের মিনার জাগাও’। বর্তমান প্রবন্ধে এই আত্মকথাটি সবিস্তারে বিশ্লেষণের চেষ্টা করা হয়েছে। এটি পড়তে পড়তে পাঠক হিসেবে আমাদের মনে হতে পারে কথক আসলে কোনও উপন্যাস বয়ন করেছেন পুরো লেখাটিতে। আত্মকথা না উপন্যাস-এই দ্বন্দ্বটিই বর্তমান প্রবন্ধের মূল আলোচ্য বিষয়।

## মূল প্রবন্ধ

কথাসাহিত্যিক দেবেশ রায় (১৯২৬-২০২০) এর ‘জলের মিনার জাগাও’ গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় ২০১৬ খ্রিস্টাব্দে, প্রাচ্য-প্রতীচী প্রকাশনা থেকে। আগে এর অনেকগুলি অংশ ‘বারোমাস’ ও পরে ‘আরম্ভ’ পত্রিকায় প্রকাশিত হয়েছিল। নামকরণে ব্যবহৃত এই পদবন্ধটি সম্পর্কে লেখক লিখেছেন, ‘‘এই ‘জলের মিনার জাগাও লেখাটি আমি লিখতে শুরু করেছিলাম এগার বছর আগে, ‘বারোমাস’ পত্রের শারদীয় সংখ্যায়। ‘জলের মিনার’ কথাটুকুই আমি নিয়েছিলাম নিধিপাগলার কাছে এই দেশান্তরের গল্প বলতে বলতে তার গেয়ে ওঠা একটি গানের স্মৃতি থেকে। সেই স্মৃতি-চারণটি ওই লেখার মাথায় উদ্ধৃত ছিল। ‘আওর আমার হইল বিস্মরণ, মালেক হে, আমার জলের মিনার জাগান হইল না।’ কী এক আত্মবিলাপের সুরে নিধিপাগলার গানের এমন হাহাকার, যা এক গানের সুরেই থাকতে পারে, শতাব্দ পার হয়ে সহস্রাব্দ পার হয়ে আমার ওপর আছড়ে পড়েছিল। মানুষ জানে না তার স্মৃতিতে কী থাকে আর কী থাকে না।’’[১]

প্রচ্ছদে এই লেখাটিকে ‘আত্মকথা’ বলা হয়েছে। এই আত্মকথা কি আত্মজীবনী? না ‘আমি’-র আত্মের সঙ্গে নিজের কথা, যা মিনার বা স্তম্ভ তুলতে চেয়েছিল শিল্প আর শিল্প সৃষ্টির মধ্যে? আমরা এই প্রবন্ধে সেটিই আলোচনা করে দেখব। সঙ্গে এও দেখব, সেই মিনার কতটা শিল্পীর প্রকাশ গোপনতাকে অক্ষুন্ন রাখতে পেরেছে।

‘আত্মকথা’ বললে আমরা সাধারণভাবে বুঝি ব্যক্তির নিজের সম্পর্কে নিজের কথা। কিন্তু এই আত্ম-পরিচয়টি কী? সেই নিয়ে আছে মতান্তর। মধ্যযুগ থেকে যদি বাংলা সাহিত্যে এই

আত্মপরিচয়ের ইতিহাস দেখার চেষ্টা করি তবে দেখব, কবিতা রচনার সময় কবিরা ভণিতায় তাঁদের নাম জুড়ে দিতেন। সেখানে নামটুকুই তাঁর আত্মপরিচয় ছিল। যখন কাব্য এল তখন 'আত্মপরিচয়' বা 'পুস্তিকা' অংশে জুড়ে গেল লেখকের স্থানিক পরিচয়। তাঁর জন্মস্থান, জন্মকাল, মাতা-পিতার নাম, আরাধ্য দেব-দেবীর নাম কিংবা গুরুর নাম। উনিশ শতকে এল গদ্য। এই সময় থেকে আমরা প্রচুর আত্মকথাধর্মী গ্রন্থ পাই। সেখানে কেউ লিখছেন তাঁর বড়ো হওয়ার গল্প। যেমন, রাসসুন্দরী দাসীর 'আমার জীবন' (১৮৬৮ খ্রিস্টাব্দ); কেউ তাঁর মানসিক ভাবান্তরের কথা বলছেন। যেমন, দেবেন্দ্রনাথ ঠাকুরের 'আত্মজীবনী' (১৮৯৮ খ্রিস্টাব্দ); কেউ বলছেন তাঁর সমকালীন দেশ-সংস্কৃতির কথা। যেমন, শিবনাথ শাস্ত্রীর 'আত্মজীবনী (১৯১৮ খ্রিস্টাব্দ); কেউ আবার শিল্পী কিংবা কবি হয়ে ওঠার ইতিহাস বলছেন। যেমন, রবীন্দ্রনাথ ঠাকুরের 'জীবনস্মৃতি' (১৯১২ খ্রিস্টাব্দ) এবং নটী বিনোদিনীর 'আমার কথা' (১৯১৪ খ্রিস্টাব্দ)।

উল্লিখিত সকলেই নিজের নিজের ভাবনায় ঠিক। তবে আত্মকথায় স্বাভাবতই আত্মপ্রচার ঘটার সম্ভবনা থাকে। ফলে সেই আত্মকথায় নিজের গুরুত্ব প্রতিষ্ঠা করতে গিয়ে যদি লেখক কোনও সত্য গোপন করেন কিংবা মিথ্যাচার করেন, তা পাঠকের পক্ষে প্রায়শই বোঝার উপায় থাকে না। তবুও আত্মকথা লেখা হয় এবং প্রকাশিতও হয়। যাঁরা লেখেন তাঁদের সবাইকে যে সাহিত্যিক বা শিল্পী হতে হবে এমনও নয়। আত্মকথার লক্ষ্য বলা যেতে পারে নিজেকে, নিজের যাপনকে পাঠকের কাছে বিশ্বাসযোগ্যভাবে তুলে ধরা। সেখানে নিজের জীবনের আদি-মধ্য এবং যে সময়ে লেখক লিখেছেন সেই সময়ের কথাও থাকতে পারে। অনেকক্ষেত্রে থাকেও তাই।

দেবেশ রায়ের আত্মজীবনী পড়তে গিয়ে এই পরিচিত ভাবনা বদলে যায় অনেক। বলা যেতে পারে, প্রকরণ-মনস্ক পাঠকের বিশ্বাসে একটা প্রবল ধাক্কা দেন দেবেশ রায়। একজন সৃষ্টিশীল লেখকের জীবনী পড়া মানে তাঁর রচনার উৎসমূলের অন্বেষণ। এই ইচ্ছে থেকেই দেবেশ রায়ের জীবনী পাঠের প্রাথমিক উৎসাহ। কিন্তু প্রথমেই লেখক স্পষ্ট জানিয়ে দিয়েছেন, ''এই লেখাটি প্রচলিত সংজ্ঞা অনুযায়ী আত্মজীবনী বা স্মৃতিকথা নয়। অথচ নিজেরই তো গল্প। সে-গল্প আবার সবটা স্মৃতিনির্ভর নয় - স্মৃতির মধ্যে বর্তমান ঢুকে গেছে। এমন আসা-যাওয়ায় কোনও বুনট তৈরি হল কী না সে বিষয়ে আমি নিশ্চিত নই। গল্প হিসেবেও যদি পড়া যায় - তাও তো একরকমের পড়া, বোধহয় আসল পড়া।''[২] তবুও আমাদের বিশ্বাস ছিল এই স্মৃতি রোমন্থনের পাশাপাশি তিনি বেশিরভাগ সময়ই শিল্প-সৃষ্টির বৃত্তান্ত জানিয়ে দেবেন। কিন্তু অর্ধেক বই শেষ করেও লেখক সেই স্মৃতির কথাই লিখলেন, ''স্মৃতি আসলে বহুখাত প্রবাহ। তাতে অনেক শাখানদী-উপনদী এসে মিশেছে, ছেড়ে গেছে। তা সত্ত্বেও যার স্মৃতি, সে-ই একমাত্র খাত।''[৩] তাই আত্মকথার নামে তিনি খণ্ড-খণ্ড জীবনের কথাই তুলে ধরেছেন। সেখানে 'তিস্তাপুরাণ', 'তিস্তাপারের বৃত্তান্ত' এবং 'বরিশালের যোগেন মণ্ডল' প্রসঙ্গ এসেছে দু-একবার। কখনও তিনি স্থানিক পরিচয়ের কথা বলতে গিয়ে সেই সব আখ্যানের কথা বলেছেন। আর একবার মাত্র বলেছেন, নিজের শিক্ষক জলিল মাস্টারের ধাঁচে তিনি যোগেন মণ্ডলের শিক্ষক চরিত্রটি এঁকেছেন। তা বাদে আমরা শিল্পী আর শিল্পসৃষ্টির যোগসূত্রকে মিশে যেতে দেখিনি কখনও। কারণ হতে পারে লেখক তা চাননি।

কিন্তু লেখা পড়তে গিয়ে আমাদের মনে হয়েছে, এটি লেখকের ইচ্ছাকৃত নয়। আসলে দেবেশ রায়ের লেখা যাঁরা পড়েন তাঁরা জানেন, কার্যকারণের বিন্যাসে প্লট নির্মাণের গরজ লেখকের নেই। যা মনে পড়েছে তাকেই সরলভাবে বলতে বলতে এগিয়ে গেছেন তিনি। অথচ ভেতরে ভেতরে একটা অদৃশ্য সম্পর্কসূত্র ঠিকই আছে। এই নতুন কথনভাষ্যই তো দেবেশ রায়ের নিজস্ব আঙ্গিক। তাই দেখি, কথক একস্থানে একটি টেবিল-টেনিস-বোর্ডের কথা বলতে শুরু করে পরিচ্ছেদ শেষ করেছেন ক্রিকেট মাঠের বর্ণনার মধ্য দিয়ে। এক স্মৃতি থেকে পৌঁছে গেছেন আর এক স্মৃতিতে। বলার শৃঙ্খলার প্রতি কোনও দায়বদ্ধতা নেই। যা মনে আসছে তাই বলে যাচ্ছেন। কেবল বর্ণনা আর বর্ণনা। চরিত্রদের ভিড় আর তাঁদের সংলাপের স্মৃতিস্পন্দনে মুখরিত এই আত্মকথা। সত্যতা নিয়ে অনেক ক্ষেত্রে আছে সংশয়। কথক লিখছেন, ''এ লেখাটিতে কিছু স্মৃতিকথা আছে, কিছুটা আমার কথাও আছে কিন্তু সবই আন্দাজি। আমাদের বাড়িটা তো ছোট। এমন কেউ বেঁচে আর নেই যাঁরা এই গল্পগুলোর চাইতে প্রাচীন। ... আমি স্মৃতিতে নিজেকে স্বাধীন ধরে নিয়েছিলাম।''[৪] কিন্তু কথকের মিনুমাসি একই ভুল ধরিয়ে দিলেন। আবার বদলাতেও নিষেধ করলেন এই কারণে, লেখকের বিশ্বাসমতে যা সত্য তাই থাক।

দেবেশ রায়কে নিয়ে ব্যক্তিগত একটি লেখায় অনেক দিন আগে কবি শঙ্খ ঘোষ লিখেছিলেন, ''পরিব্যাপ্ত পারিবারিকতা ওর চরিত্রের একটা বড়ো ধর্ম। সে-পারিবারিকতা নিজেরই পরিবার থেকে শুরু বটে, কিন্তু সেই পারিবারিকতায় সে জড়িয়ে নিতে চায়, নিয়ে বেঁচে থাকতে চায়, তার পরিচিত মণ্ডলের মধ্যেও।''[৫] এই গ্রন্থটি পড়তে গিয়ে বারবার সেই কথাই পাঠকের মনে আসে। আর নিজেদের পরিবারের কথা বলতে গিয়ে লেখক কোথাও কোথাও এমন সত্য প্রকাশ করেছেন যা আজকের বিচারে এবং ভাবনায় প্রাচীনপন্থী মনে হবে; মনে হবে সব মানুষের সমমর্যাদা সেখানে ছিল না। যেমন কায়স্থ কন্যা কাকলিকে পুত্রবধূ হিসেবে গ্রহণ করলেও দেবেশ রায়ের পিতা, বারেন্দ্র ব্রাহ্মণ পরিবারের তথাকথিত অভিজাত্য গর্বের কারণে পুত্রবধূর হাতে কখনও অন্নগ্রহণ করেননি। কিন্তু এই ঘটনা লেখকের মনে পিতার সম্পর্কে কোনও অশ্রদ্ধার জন্ম দেয়নি। সেই সঙ্গে এটাও বলেছেন যে, তাঁর পিতার এই ব্যবহার বাড়ির অন্যদের খারাপ লাগত, কিন্তু পরিবারের কর্তার সিদ্ধান্ত অমান্য করা সম্ভব ছিল না। এমনই একটি গৃহকর্তার কর্তৃত্বপরায়ণ পরিবারে দেবেশ রায়ের জন্ম এবং কৈশোর-জীবন পর্যন্ত বেড়ে ওঠা।

সমস্ত লেখাটিতে পরিবারের মহিলাদের প্রসঙ্গ এসেছে কম। লেখকের মা, ঠাকুরমা এবং দিদিমার চরিত্র আঁকা হয়েছে পরিবার-প্রতিষ্ঠানটিকে স্বাভাবিকতা দেওয়ার জন্য। তাঁরা মনে মনে কর্তৃত্বপরায়ণ ছিলেন কিন্তু সেই কর্তৃত্ব ছিল একদিকে মেয়ে-মহলে আবদ্ধ, অন্যদিকে পরিবারের কর্তার মুখাপেক্ষী। তবে এরকমই ছিল সেই সময়ের উচ্চবর্ণের পরিবারগুলির গঠন। লেখক এই গ্রন্থটি তাঁর স্ত্রীকে উৎসর্গ করেছেন। তবে এই গ্রন্থে দেবেশ রায় তাঁর মায়ের কথা কিছু বিশেষভাবেই স্মরণ করেছেন। একটি দৃশ্য ভোলার নয়। লেখকের হাতে-খড়ির সময় রাজভাষা ইংরেজি, পারিবারিক পরম্পরার ভাষা সংস্কৃত এবং গৃহশিক্ষক জলিল স্যার আরবি 'আলেফ' পর্যন্ত শিখিয়ে দেবার পর অনুষ্ঠান প্রায় সাঙ্গ হতে যাচ্ছিল। কিন্তু লেখকের মা এসে ঘোষণা

করলেন, ছেলেকে বাংলাতেও 'অ' শেখাতে হবে এবং নিজেই এগিয়ে এসে সম্পন্ন করলেন সে কাজ। মায়ের হাতেই বাংলাভাষার অন্যতম সাহিত্যিকের 'অ' লেখার সূচনা হল।

এই লেখাটিতে আছে একজন আমি ও আমির পরিবারের কথা। বিশেষ করে সেই 'আমি'-র শিশুকাল কেটেছিল পাবনার বাঘমারায়। তারপর একটু বড়ো হয়ে সেই 'আমি' চলে এলেন জলপাইগুড়ি। সেখানে স্কুল, কলেজ, মার্ক্সবাদের রাজনীতিতে বিশ্বাস, মানুষের জন্য কাজ করার নেশায় জনসাধারণের সঙ্গে মেশা। আবার তাঁর গার্হস্থ্য জীবন, কর্মজীবন ও কলকাতায় যাওয়ার কথাও স্থান পেয়েছে এই লেখায়। কিন্তু পাঠক যেন প্রত্যাশা না করেন যে, সব অভিজ্ঞতাই আপেক্ষিক ভারসাম্য রক্ষা করে রচনাটিতে পরিস্ফুট হচ্ছে। সমগ্র রচনার শতকরা আশিভাগ অংশেই যে সময়ের পারিবারিক ও পারিপার্শ্বিক পরিমণ্ডল চিত্রিত হয়েছে, সেই সময়ে লেখকের বয়স পাঁচের বেশি ছিল না। বাকি শতকরা কুড়িভাগের মধ্যে বিক্ষিপ্তভাবে এসেছে তাঁর কমিউনিস্ট পার্টির সঙ্গে সংস্পর্শের কথা, অধ্যাপক-জীবনের দু-একটি প্রসঙ্গ। সামান্য কলকাতায় বসবাসের, কলকাতার বন্ধুদের ও 'পরিচয়' পত্রিকার প্রসঙ্গ। বাকি অংশ জুড়ে বলা যায়, প্রায় সমগ্র লেখাটিতে ব্যাপ্ত হয়ে আছে এক বারেন্দ্র ব্রাহ্মণ পরিবারের প্রবল উপস্থিতি। পাবনার তথা নাটোরের (তখন পাবনা ছিল নাটোরের জমিদারের অধীনে) সম্ভ্রান্ত ও প্রতিষ্ঠিত ব্রাহ্মণ পরিবারের কর্তা, দেবেশ রায়ের পিতামহ, তিনি ছিলেন নাটোরের রাজার শিক্ষক। এই আত্মজীবনীর প্রধান চরিত্র। তাঁর সান্নিধ্যেই অনেকটা সময় কাটত বালক পৌত্র দেবেশের। তারপরেই এই আত্মকথায় প্রাধান্য পেয়েছেন তাঁর পিতা। তিনিও মনের গঠনে একই রকম কর্তৃত্বপরায়ণ এবং বারেন্দ্র ব্রাহ্মণ বংশের গর্বের অংশীদার। যদিও জলপাইগুড়িতে বসবাসের কালে মধ্যবিত্তের চালচলন কিছু কিছু পরিবারের মধ্যে ঢুকে পড়তে শুরু করেছে। এখান থেকে স্কুলের উঁচু ক্লাসের ছাত্র থাকবার সময় দেবেশ রায় রাজনীতিতে আকৃষ্ট হলেন, যে-রাজনীতিতে আভিজাত্যগর্বী বুর্জোয়া সংস্কৃতিকে মান্যতা দেওয়া হয় না। এটি একটি বিশেষ ঘটনা। কিন্তু দেবেশ রায় কোথাও কোনও মন্তব্য দিয়ে বিষয়টিকে নিম্নরেখাঙ্কিত করেননি। এই অংশটি পাঠকের অনুমানেই ধরা দেবে। লেখকের বিবরণে নয়।

তথ্য দানে নয়, কথকের মন কীভাবে একটি সম্ভ্রান্ত পরিবারের ঐতিহ্যকে গ্রহণ করতে করতে বেড়ে উঠছে এখানে আছে সেই কথাই। আছে পারিপার্শ্বের প্রচুর মানুষের অনুষঙ্গে একটি বালকের বড়ো হওয়ার বিবরণ। কোনও কালানুক্রম নেই। যেখানে শেষ হয়েছে রচনাটি, সেখানে শেষ না হয়ে আরও অনেক বেশি অগ্রসর হতে পারত। যেন স্মৃতির এক প্রবাহ। গ্রন্থের বেশিরভাগ পৃষ্ঠাই মুখরিত হয়েছে একজন দাদু ও তাঁর নাতির কথায়। দাদু ছিলেন সংস্কৃতের পণ্ডিত। পুথি রচনা করেছিলেন বিস্তর। তাঁর পোশাক আসত কলকাতার র‍্যাংকিন কোম্পানি থেকে কারণ নাটোরের রাজার পোশাকও আসতে সেখান থেকে। একসময় তিনি অন্ধ হয়ে যান। তখন তাঁর একমাত্র বিশ্বস্ত চোখ তাঁর নাতি, স্মৃতিকথার সেই 'আমি'। একদিন নাতি বড়ো হয়। দেশভাগের পর কলকাতা থেকে নাটোরের রাজবাড়িতে আসেন আমি। সেখানেই পরিত্যক্ত পুঁথিশালায় পুঁথির ভেতর থেকে তিনি আবিষ্কার করেন তাঁর দাদুর স্মৃতিকে। এভাবেই এই আখ্যান হয়ে

উঠেছে আমি আর দাদুর কাহিনি।

দাদু থেকে লেখক, পিতামহ থেকে পৌত্র - এই তিন প্রজন্মের নানান টুকরো কথা, সমাজের বিভিন্ন স্তরের বহু মানুষের যাওয়া-আসা, যার মধ্যে আছে নিধিপাগলার মতো পথের মানুষেরাও এবং বিভিন্ন ঘটনার বিচিত্র ছবি দিয়ে ভরাট করা হয়েছে এই কালের চালচিত্র। তার মধ্যে আছে নদীপারাপারের বৃত্তান্ত, সার্কাসের আকর্ষণ আর সংসারের সদস্যদের সঙ্গে গৃহসেবক, আশ্রিত আর প্রতিবেশীদের নিয়ে এক বৃহৎ পরিবারের আখ্যান।

এই 'আখ্যান' শব্দটি সচেতনভাবেই ব্যবহার করা গেল। কারণ এই কথক, যদি ধরেও নেওয়া যায় শ্রী দেবেশচন্দ্র রায়, কিন্তু সেই দাদুর নাম আমরা এই লেখায় কোথাও পাই না। লেখকের বংশলতিকায় চাইলেই আমরা সে নাম পেতে পারি। কিন্তু সে খোঁজ নিষ্প্রয়োজন। কারণ আমাদের মনে হয়, এটিও দেবেশ রায়ের একটি অন্য ধরনের উপন্যাস। যার নাম 'জলের মিনার জাগাও'। 'আত্মকথা' শব্দবন্ধটি সেখানে নিমিত্ত মাত্র। কিংবা আরও একটু প্রশ্রয় পেলে বলতে পারি, এটি না আত্মকথা-মূলক উপন্যাস না এটি আত্মজীবনী-মূলক নিবন্ধ। এটি একটি অন্য ধরনের সাহিত্য। যার প্রকরণগত নাম এখনও দেওয়া হয়নি। অবশ্য একটি লেখাকে বিশেষ কোনও প্রকরণের মধ্যে ফেলেই বিচার করতে হবে এমন কথা আমরা আজ আর বলতে পারি না।

**তথ্যসূত্র**


১) দেবেশ রায়। জলের মিনার জাগাও (আত্মকথা)। প্রাচী প্রতীচী প্রকাশনা। কলকাতা। প্রথম প্রকাশ ২০১৬। পৃষ্ঠা - ১০৫

২) তাদেব। পৃষ্ঠা - ৫

৩) তাদেব। পৃষ্ঠা - ৯০

৪) তাদেব। পৃষ্ঠা - ৯৮

৫) স্বপন পাণ্ডা এবং উৎপল সাহা (সম্পাদিত)। কঙ্ক পত্রিকা। দেবেশ রায় সম্মাননা সংখ্যা। আগস্ট ২০১৪ খ্রিস্টাব্দ। পৃষ্ঠা - ১

## জাগরী উপন্যাস ঃ চেতনার অন্তর্বয়ন

ড. মমতাজ বেগম
বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ
অ্যাসোসিয়েট প্রফেসর, উলুবেড়িয়া, কলেজ

মানবচেতনার প্রতিটি মুহূর্ত নতুন নতুন অন্তর্বয়নের মধ্যে দিয়ে অনুভব ও উপলব্ধির জন্ম দেয়। আমরা যেমন এক নদীর জলে দুবার স্নাত হতে পারি না তেমনি চেতনার একই অনুভবে স্নাত হওয়াও সম্ভব নয়। দার্শনিক উইলিয়াম জেমস্ তাঁর 'principles of psychology' গ্রন্থে মানবমনের অন্তর্বয়নকে নদীর প্রবাহমান জলধারার সঙ্গে তুলনা করেছেন - 'Consciousness flows-let us call it stream of thought, of consciousness, or of subjective life.'[1]

মানবচেতনার গভীর মনস্তত্ত্বে যে চেতন-অর্দ্ধচেতন-অবচেতনের ক্রিয়া চলে তার প্রভাব পড়ে বাইরের জগতে।অন্তর জগতের রহস্য, বিভিন্নমুখী জটিল মানসক্রিয়া ব্যঞ্জনাধর্মী বা প্রতীকধর্মী ভাষায় প্রকাশ করে অজানা তত্ত্বের ও সত্যের পরিচয় দেন লেখক। রবার্ট হাসফ্রি এ প্রসঙ্গে বলেছেন-

'We may define stream of consciousness fiction as a type of fiction in which the basic emphasis is placed on explanation of the prespeech levels of consciousness for the purpose, primarily, of revealing the psychic being of the characters.'[২]

সুতরাং চেতনার অন্তরবয়ন হয় পূর্বের সঙ্গে বর্তমানের, বর্তমানের সঙ্গে ভবিষ্যতের। এখানে কোন নির্দিষ্ট যুক্তি বা পারস্পরিক পারম্পর্য থাকে না।

আমাদের আলোচ্য সতীনাথ ভাদুড়ীর 'জাগরী' উপন্যাসে চারটি চরিত্রের চেতনার অন্তর্বয়ন দেখিয়েছেন সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে। আবেগ-অনুভব, চিন্তা-ভাবনা, আকাঙ্ক্ষা-বেদনা, বাস্তব-অতিবাস্তবের একটা বয়ন অনবরত চলেছে উপন্যাসে। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় এই উপন্যাস সম্পর্কে বলেছেন-'কারাগারে বন্দী একজন স্বাধীনতা সংগ্রামের যোদ্ধার মৃত্যু মুহূর্ত প্রতীক্ষায় দুর্বিষহ, স্মৃতিভারাকুল ও কল্পনাজলবয়নে রুদ্ধশ্বাস, অন্তিম জীবনের দুস্বপ্ন-বিভীষিকা এক অদ্ভুত ব্যঞ্জনাপূর্ণ ও আবেগতপ্ত এমন একাগ্র ও একলক্ষ্যাভিমুখী করিয়াছে যে, ইহারই টানে তাহার পূর্বজীবনের ইতস্তত বিক্ষিপ্ত স্মৃতিসূত্রগুলি অনিবার্যভাবে এই সর্বগ্রাসী ভাবকেন্দ্রে সংহত হইয়াছে।'[৩] ফাঁসির অপেক্ষায় নির্জন জেলে বিলু, আপার ডিভিসনে গান্ধীবাদী বাবা, আওরাৎকিতায় মা, জেল গেটে ছোটো ভাই নিলু প্রত্যেক চরিত্রই পৃথক পৃথকভাবে চেতনার গভীর স্তরে ভিন্ন ভিন্ন অন্তর্বয়ন করেছে।

বিলুর ফাঁসিকে কেন্দ্র করে প্রত্যেকটি চরিত্র চেতন-অবচেতন-অর্দ্ধচেতন স্তরের অন্তর্বয়ন করেছে। বিলুর বাবা চিরকাল গান্ধীবাদী আদর্শে ও আন্দোলনে বিশ্বাসী থেকে নিজের স্ত্রী ছেলেদের প্রতি যে দায়িত্ব পালন করা উচিত ছিল তা করেনি। নিজের পরিবারের লোকজনকে বাধ্য করেছে নিজের আদর্শে উদ্বুদ্ধ হতে। কিন্তু পরবর্তী সময়ে ছেলেরা ভিন্ন ভিন্ন রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসী হয়। বিলু দেশের মানুষের জন্য সাম্যব্যবস্থা চায়, সমান অধিকার চায়। কমিউনিস্ট আন্দোলনে বিশ্বাসী বিলুকে সাক্ষী দিয়ে ধরিয়ে দেয় তার নিজের ভাই নিলু। নিলুর কাছে বড় হয়ে উঠেছে তার নিজস্ব রাজনৈতিক আদর্শ। জেলগেটে দাঁড়িয়ে আত্মপক্ষ সমর্থনের জন্য মনে মনে বারবার উচ্চারণ করেছে 'আমি কিছুতেই অন্যায় করি নাই। আমার কর্তব্য করিয়াছি মাত্র। আর আমি সাক্ষ্য না দিলেও, অন্য লোক দিত। গভর্নমেন্ট লোকের অভাব নাই। তফাতের মধ্যে আমি দিয়াছি নিজের রাজনীতিক সিদ্ধান্তের জন্য ও কর্তব্যের খাতিরে; আর অন্য লোক দিত, লোভে পড়িয়া।'[৪]

রাজনৈতিক এই কর্তব্যবোধের অন্তরালে পারিবারিক, সামাজিক আত্মিক বন্ধনের অন্তর্বয়ন চলতে থাকে অনবরত -

ক) 'দাদা এখন কি করিতেছে? ... আমার কথাও কি একবার ভাবিবে? দাদা কখনোই আমাকে ভুল বুঝিতে পারে না। ... উহার কথাই বেদবাক্য বলিয়া মনে করিয়াছি।'[৫]

খ) 'আচ্ছা, দাদা যদি ভয়ে অজ্ঞান হইয়া যায়, তাহা হইলেও কি ইহারা সেই অবস্থাতেই ফাঁসিকাঠে ঝুলাইবে নাকি। তা কি হয়?'[৬]

গ) একদিন ভাইকে ভালবেসে বিলু নীলুকে যে কবিতাটা দিয়েছে আজ জেলগেটে তার প্রতিটা শব্দ নতুন নতুন মানে নিয়ে ধরা পড়েছে নীলুর কাছে -

'চাই আমি সকলের পূর্ণ অধিকার
শ্রমিকের পেষণের কবে প্রতিকার হবে
আছি সেই দিন পানে চাহি
আছে মোর নিশ্চয় বিশ্বাস
মন্ত্রপিষ্ঠ শ্রমিকের হতাশ নিঃশ্বাস
আসিবে প্রলয়, আর অন্য পথ নাহি
উদিবে নূতন সূর্য।'[৭]

আমরা প্রতিটি মানুষ অজস্র রূপের সমাহার। এক অঙ্গে অনেক রূপ, অনেক পরিচয় আছে আমাদের। ছোটো ছোটো ঈর্ষা, না পাওয়ার যন্ত্রণা, কখনও নিজের আদর্শকে বড় করে তুলতে গিয়ে রক্তের সম্পর্ককে অস্বীকার করি কিন্তু চেতনার অন্তর্বয়ন থেকে সে মুক্তি পায় না। দাদার বিরুদ্ধে সাক্ষী দিয়ে সে কোনো অপরাধ করেনি একথা চেতন মনে বরবার স্মরণ করলেও

যুক্তিহীন পারম্পর্যহীন, স্মৃতিময় একটা কথা নীলুকে তাড়িয়ে বেড়াতে লাগল 'সকল যুক্তিকে পরাস্ত করিয়া অন্তরের ভিতর কোথায় যেন খচখচ করিয়া কি একটা বিঁধিতেছে। বোধহয় যুক্তিহীন ভাবপ্রবণতার অনুতাপ।'[৮]

নীলু একের পর এক বয়নের মধ্যে দিয়ে নিজেকে নতুন করে চিনতে চেয়েছে। চেতনার এই অন্তর্বয়নকে এলিয়টের ভাষায় বলা যায় unending extent of the time বা সমাপ্তিহীন অখণ্ড সময়। Four Quarter's এ এলিয়ট বলেছেন -

'Time present and Time past
Are both contained in time future
And time future contained in time past.'[৯]

সময়ের সামনে পিছনে চলার মধ্যে দিয়েই জীবনের নানা ঘটনা, নানা সুতোর বয়নে ভিন্ন ভিন্ন মাত্রা লাভ করে। আত্মসমালোচনা, হৃদয়ের টানাপোড়েন, চাওয়া-পাওয়ার হিসাব চেতনার বিভিন্ন প্রকোষ্ঠে নানান অভিমত খাড়া করে। নীলুর ক্ষেত্রে সেই অন্তর্বয়ন যেন সবথেকে বেশি-ও যে কেবল সহকর্মী নয়, কেবল কমরেড নয়-ও যে আমার দাদা।... তাহার জন্য দাদার দুঃখ কম ছিল না। আর্থকোয়েক রিলিফের কাজে এলাওক্রম-এর টাকা দাদা আমার কলেজের পড়ায় খরচ করিয়াছে।'[১০]

জীবন-মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে যখন দাদা বিলু প্রহর গুনছে তখন নীলুর জীবনে দাদার নানান ভুমিকা এলোমেলোভাবে জন্ম নিয়েছে। কখনো মা বাবার প্রসঙ্গ, কখনো দাদার প্রসঙ্গ, কখনো রাজনৈতিক আদর্শ, কখনো চাপা প্রতিহিংসা একাকার হয়ে গিয়ে অহরহ বয়ন কার্য চালিয়েছে। কিন্তু কিছুতেই যথার্থ খেই অনুসন্ধান করতে পারে না।

উপন্যাস শুরু হয়েছে বিলুর স্মৃতিচারণ, আত্মকথন ও অন্তর্বয়নের মধ্যে দিয়ে। দেশের স্বাধীনতার জন্য নিবেদিত প্রাণ বিলু। একজন মধ্যবিত্ত বাঙালী ঘরের সন্তানের আবেগ, ইচ্ছা, স্বপ্ন, প্রচেষ্টা তার জীবনকে এনে দাঁড় করিয়েছে ভাইয়ের সাক্ষিতে ফাঁসির আদেশ হওয়ার মুহূর্তে। বিলু স্নেহপরায়ণ হলেও তার মধ্যে ছিল এক গভীর ব্যক্তিত্ব। যা তাকে গান্ধীবাদী ভাবনা থেকে সোস্যালিস্ট ভাবনায় উত্তীর্ণ করে। সকলের সমান অধিকারের দাবীতে রেললাইন উচ্ছেদ এবং সরকার বিরোধী কাজের জন্যই বিলুর ফাঁসির আদেশ হয়। তাতে সাক্ষী দেয় বিলুর ভাই নীলু। বিলুর জীবনের একটাই আদর্শ সে দেশপ্রেমিক, দেশের জন্য তার নিবেদিত প্রাণ। কিন্তু বিলুর মনে রক্তক্ষরণ চলতে থাকে যখন জেল ওয়ার্ডারের মুখে 'আসামী' অভিধা শোনে। মনে মনে ভাবতে থাকে যাদের জন্যে তার প্রাণ বিসর্জন তারাও তাকে সম্মান করে না। রাজবন্দীদের শ্রেণীবিভাজন করলে সে প্রতিবাদে গর্জে ওঠে। প্রতিবাদী, সাম্যবাদী বিলুর অন্তর ফাঁসির আদেশ হওয়ার পর প্রকৃতির মাঝখান থেকে নিজেকে অন্বেষণ করেছে। উপন্যাসের শুরুতেই দেখা যায় - 'আকাশের ঐ ফালিটুকু আমার একান্ত আপন-ও যে আমার নিজস্ব জিনিস। যতক্ষণ দেখা যায় ঐ স্বচ্ছ নীল রং

দেখিয়া লইয়াছি। এমন করিয়া, আমার মতো করিয়া, আকাশে ঠিক ঐ অংশটুকু কি আর কেহ পাইয়াছে? আমার নীল আকাশ মুহূর্তে মুহূর্তে রূপ বদলাইতেছে। সিঁদুরে রং বেগুনী হইয়া উঠিল, দেখিতে দেখিতে ধূসর হইয়া উঠিতেছে-আবার এখনই জমাট অন্ধকারে ডুবিয়া যাইবে।"[১১] এখানে প্রকৃতির বৈচিত্র্যময় রঙের পরিবর্তন যেন চেতনার গভীর স্তরের বৈচিত্র্যময় বুননকে ইঙ্গিত করেছে। জেলে কয়েদীদের উপর কড়া নজর। বিলুর ফাঁসির জন্য সমস্তরকম পরীক্ষা নীরিক্ষা চলতে থাকলে বিলু ভাবে 'আশ্চর্য আমার মনের গতি! কালো রং এর কথা শুনিয়াই ভাবি ব্ল্যাক জাপান না আলকাতরা?"[১২] নিজের মনের উপর বিলুর এমন বিদ্রুপের কারণ হল সে কোন চোর ডাকাত নয় অথচ তার জন্য এত আয়োজন।

আত্মসচেতন, অনুভবী, স্বপ্নপ্রবণ বিলু তার স্বগত ভাবনায় মাকে খুঁজে পায় আপন করে, বাবার চাওয়া পাওয়ার কথা বোঝে, সবথেকে বেশি বড় হয়ে ওঠে জীবনাকাঙ্ক্ষা। নানা অজানা স্রোতে অবগাহন করে জীবনকে আষ্টেপৃষ্টে আঁকড়ে ধরতে চায়। তাই কখনো মনে হয় যে ফাঁসি দেবে তার যদি অসুখ করে, হাইকোর্টের চিঠি যদি না খোলা হয় এমন কত কী। মৃত্যুর সামনে দাঁড়িয়ে জীবনকে আঁকড়ে ধরার গভীর অন্তর্বয়ন রয়েছে বিলু চরিত্রে। নানান নেতিবাচকতার মধ্যে খুঁজতে চেয়েছে ইতিবাচকতাকে। জীবনে ক্ষণিকের জন্য আসা রোমান্টিকতা, উঠতি বয়সের কৃচ্ছসাধন, ভাইকে দোষারোপ না করা এমন কত কী। মৃত্যুর দোরগোড়ায় দাঁড়িয়ে নিজের চাওয়া-পাওয়া, সফলতা-ব্যর্থতা, আনন্দ-বেদনার হিসাব কষতে গিয়ে জীবনের স্রোতে বারবার ফিরতে চেয়েছে বিলু। জীবনের পুরনো স্মৃতিগুলোকে সজোরে আঁকড়ে ধরে তাকে নতুন করে বুনেছে। তীব্র চীৎকারে বলে উঠেছে- 'আমি অতিমানব নই, আমি সাধারণ রক্ত-মাংসের মানুষ, মানুষের দোষ, দুর্বলতা, ভ্রান্তি আমার মধ্যে।"[১৩] পরিবারের আনন্দঘন দিনগুলি আজ বড্ড বেশি করে জড়িয়ে ধরছে।

মা চরিত্রটি সাধারণ বাঙালী রমনীর শাশ্বত প্রতিমূর্তি। মায়ের সামনে সন্তানের মৃত্যুর থেকে বড় বেদনা পৃথিবীতে নেই। সারাজীবন স্বামীর আদর্শ মেনে, সন্তানদের আগলে রাখার আপ্রাণ চেষ্টা করে। বিলুর ফাঁসির আগের রাতে যেন এক পরাজিত অসহায় নারীর আত্মকথন, অন্তর্বয়ন পাঠককে ভাবিয়েছে। মা যেন গিরিশচন্দ্রের 'প্রফুল্ল' নাটকের দেবেশ চরিত্রের মত মনে মনে উচ্চারণ করেছে 'আমার সাজান বাগান শুকিয়ে গেল' অসংখ্য মানুষ রাজনৈতিক অঙ্গনে তাকে মা বলে ডাকলেও সে আসলে তার নাড়ী ছেঁড়া ধন বিলু ও নীলুর মা হয়েই থাকতে চায়। বড় ছেলের মৃত্যুর আগের রাতে ভগবানের কাছে তার একটাই প্রশ্ন-'আমি তো ছেলেদের মুখের দিকে চেয়েই সব দুঃখ কষ্ট ভুলেছি। তাও ভগবান তোমার সইল না, ছেলে ভুলানো মন্তর দিয়ে সবাই আমার ছেলেকে পর করে দিল।[১৪]

মায়ের দুই সন্তান বিলু আর নীলু। নীলুর জবানবন্দীতেই বিলুর ফাঁসির আদেশ হয়েছে জেনে মা কিছুতেই মেনে নিতে পারে না। কী করে, কোন মন্ত্রবলে দু ভাইয়ের সদ্ভাব, ভালবাসা বিষময়তায় পরিণত হল তার কোন যুক্তিসিদ্ধ কারণ খুঁজে পায় না। সন্তান হারানোর উৎকণ্ঠায় উৎকণ্ঠিত

মায়ের  অন্তর্বয়ন - 'কত স্মৃতি, কত ছোটোখাটো ঘটনা। কত আদর আবদার, হাসি -কান্নার ছবি চোখের সামনে চব্বিশ ঘন্টা ভেসে বেড়াচ্ছে, তার কি হিসাব আছে? ইচ্ছা করে যে এই সব মনে পড়াগুলোকে আঁকড়ে ধরে পড়ে থাকি। ... মনে হয় বিলুকেই যেন আমি বুকের মধ্যে পেয়েছি, তাকে ছুঁয়ে আছি, গায়ে হাত বুলিয়ে দিচ্ছি। – জড়িয়ে ধরে আছি - কিছুতেই ছাড়বো না, কার সাধ্য মার বুক থেকে ছেলেকে টেনে ছাড়িয়ে নিয়ে যায়।'[১৫] এই আর্তির বয়ন তো যে কোন সন্তান হারাতে হবে এমন উৎকণ্ঠিত মায়ের।

মা চরিত্রের অন্তর্বয়নকে সামনে রেখে গোপাল হালদার মহাশয় বলেছেন 'সতীনাথ ভাদুড়ীঃ সাহিত্য ও সাধনা' প্রবন্ধে –

'নিঃসন্দেহে মায়ের অধ্যায়ই সর্বাপেক্ষা হৃদয়স্পর্শী, চিরন্তন মানব সত্যে প্রতিষ্ঠিত।'

মায়ের কাছে সব সন্তানই সমান। এক সন্তানের সাক্ষীতে আর এক সন্তানের ফাঁসি হবে  একথা কিছুতেই মেনে নিতে না পেরে মনে মনে ভাবে - 'পুলিশের জুলুমে হয়তো গিয়েছে। ও দারোগা সব করতে পারে। হয়তো কত অত্যাচার করেছে নিলুর উপর। হয়তো জজসাহেবের সম্মুখে বিলুর বিরুদ্ধে বলার সময় ওর বুক ফেটে গিয়েছে, চোখে জল এসে গিয়েছে। কিন্তু বোধহয় না বলে উপায় ছিল না। না, নীলুর সাক্ষী দেওয়া, একি একটা বিশ্বাসের মতো কথা! কিসের থেকে কি শুনেছে চমাইন জমাদারীন, – আর তাই সাতখান করে এসে লাগিয়েছে। নিলু যদি তাই করে থাকে তাহলে ও ছেলের আর আমি মুখ দেখবো ? যেখানে দু চোখ যায় সেখানে চলে যাব। আমার মন বলছে যে এমন হতেই পারে না। আর মায়ের মন কি কখনো ভুল বলে?'[১৬]

মায়ের মন কখনোই সন্তানের উপর দোষারোপ করতে চায় না। মা সর্বদা অন্য ব্যক্তির উপর দোষ চাপিয়ে স্বস্তি পেতে চায়। তার মনের অন্তর্বয়নে উঠে এসেছে এমন অজস্র জলছবি যা দিয়ে মা চরিত্র মালা গেঁথেছেন। একজন বাঙালী মা যেমন হওয়া উচিত তেমনই ইনি। কিন্তু নানা উত্থান পতনের মধ্যে তার মনে হয়েছে এতদিন কিসের জন্য সে এত পরিশ্রম করেছে এই দিন দেখার জন্য! সে তো কোনদিন কোন স্বাধীনতা পায়নি, চায়নিও তেমন করে। স্বামী সন্তানের কথা ভেবেই তার এতটা জীবন কাটিয়ে দিয়েছে। ভয়ে স্বামীর কাছে প্রাণখোলা কথাও বলেনি। কিন্তু আজ যখন মা তার চোখের সামনে সন্তানকে ফাঁসি কাষ্ঠে ঝুলতে দেখবে এ সহ্য করা সম্ভব নয় বলেই সেখান থেকে বেরিয়ে আসার নানা কথা ভাবছে। চরকার লাল-নীল সুতোর মতো ঘুরেই মরে অন্তর্বয়ন। স্বামীকেই দোষী করেছে নানাভাবে আজকের পরিণতির জন্য। আজ আর সে চুপ করে থাকবে না। কারণ মা আজ অস্তিত্বের সঙ্কটের সম্মুখীন। তার প্রতিটি প্রকোষ্ঠ থেকে রক্তক্ষরণ চলছে। যে স্বামীকে দেবতা জ্ঞানে পূজো করেছে তাঁকেও বসিয়েছে অপরাধীর আসনে। একজন মায়ের কাছে স্বামী, প্রিয়জন, দেশ সবকিছু মিথ্যে হয়ে যায়। নানান অন্তর্বয়নে সেই সত্য প্রকাশ পেয়েছে। এক অলৌকিক শক্তিকে আশ্রয় করে  যেমন করে হোক সন্তানের ফাঁসি রোধ হওয়ার প্রার্থনা করেছে।

জীবন যখন মহাসঙ্কটের সম্মুখীন হয় তখনি যথার্থ সত্য সামনে আসে। নিলুর ফাঁসির আদেশ হওয়ার পর আত্মসমীক্ষার মধ্যে দিয়ে বাবা ভেবেছে তার সন্তানদের কথা। গান্ধিজীর আদর্শে অনুপ্রাণিত করার চেষ্টা করেও বিফল হয়েছে। তার সন্তানদের এরূপ পরিণতির জন্য দায়ী করেছে নিজেকে-'আমি যখন সরকারি স্কুলের হেডমাস্টারির চাকরি ছাড়িয়া রাজনীতি ক্ষেত্রে আসি তখন কি কাহারো কথা শুনিয়াছিলাম।'[১৭] বয়সের উদ্দামতায় আমরা যখন তীব্র স্রোতের টানে এগিয়ে চলি তখন দুদিকের পাড়ের দিকে তাকানো সম্ভব হয় না। কিন্তু আজ যখন পিতা সন্তানকে হারাবার সন্ধিক্ষণে দাঁড়িয়েছে তখন পিতৃত্বের স্নেহ আকুলতা, কাছে পাওয়ার আর্তি, সন্তানের কাছে পিতার দায়িত্ববোধ, যে শতগুণ বাড়িয়ে ডুব দিয়েছে স্মৃতির পাতায়। একান্ত আকুলতার সঙ্গে বলে ওঠে-'মনে ইচ্ছা হয়, বিলু জানুক, যে তাহারই কথা মনে করিয়া, এইবার জেলে ফলমূল, দুধ, এ সকল জিনিস খাই না, মশারি ফেলিয়া শুই না। হয়ত বিলু এ খবর জানিতে পারিলে, তাহার মনে একটু তৃপ্তি হইত।'[১৮]

আজ রাজনীতির আদর্শে বিশ্বাসী হয়েও সন্তানকে বেঁধে রাখার, ধরে রাখার, কাছে পাওয়ার আকাঙ্ক্ষাই তীব্র হয়ে উঠেছে। চরম একাকীত্বের মাঝে দাঁড়িয়ে এক প্রচণ্ড জীবনাকাঙ্ক্ষা তাকে ঘিরে ধরেছে। বিলু হয়তো পাগলের মত নিজের চুল ছিঁড়ছে ভেবে আকুল হয়ে ওঠে। সন্তানকে হারানোর মুহূর্তে কোন তত্ত্ব, কোন আদর্শ, কোন নৈতিকতা মনে জায়গা নিতে পারে না। সমস্ত কিছুর উর্দ্ধে জায়গা করে নেয় জীবনকে, সন্তানকে আঁকড়ে ধারার আকুলতা। তাই বার বার পুরনো স্মৃতি রোমন্থন করেছে।

'জাগরী' উপন্যাসের প্রতিটি চরিত্রের মধ্যে যে চেতনার অন্তর্বয়ন চলেছে তা শুধু তাদেরই নয় যেন প্রত্যেক পাঠকের হৃদয়েও সেই অন্তর্বয়ন চলেছে সুনিবিড় ভাবে। আত্মউন্মোচনে জাগরিত হয়ে প্রতিটি চরিত্র নিজেকে চিনেছে সঠিকভাবে। যা বাইরে থেকে দেখা বা বোঝা সম্ভব নয় অথচ আমাদের মন-মানসিকতা, চেতনাকে অলোড়িত করে সেই অন্তর্বয়নই উপন্যাসটির মূল উপজীব্য। বাহ্যিক দিক থেকে রাজনীতি বা রাজনৈতিক আদর্শ মুখ্য ভূমিকা নিলেও আভ্যন্তরীণ দিক থেকে চেতনার অন্তর্বয়নই মালার সুতোর মত সমস্ত চরিত্রকে সজীব প্রাণবন্ত ও জীবনমুখী করেছে। মানুষের অস্তিত্বের প্রতিটি প্রকোষ্ঠ থেকে ধ্বনিত হয়েছে মানবিক মহিমার বিচ্ছুরণ।

**তথ্যসূত্র ঃ**


১) সাহিত্যের রূপ-রীতি ও অন্যান্য প্রসঙ্গ - কুন্তল চট্টোপাধ্যায়, রত্নাবলী, কলকাতা, ২০০৭, পৃ.২৪৩

২) প্রাগুক্ত, পৃ. ২৩৫

৩) বাংলা উপন্যাসের ধারা - শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, মর্ডাণ বুক এজেন্সী, ২০১৪, পৃ.৩৮৬।

৪) সতীনাথ ভাদুড়ীর জাগরী স্মরণে মননে - চন্দন ভট্টাচার্য, বামা পুস্তকালয়, কলকাতা, ২০১৭, পৃ.৮৬

৫) প্রাগুক্ত, পৃ. ৫৯

৬) প্রাগুক্ত, পৃ. ৬১

৭) প্রাগুক্ত, পৃ. ৮৯

৮) প্রাগুক্ত, পৃ. ৯৩

৯) সাহিত্যের রূপভেদঃ রূপরীতি - সত্যাচরণ চট্টোপাধ্যায়, সৌম্য চট্টোপাধ্যায় - প্রজ্ঞ বিকাশ, বইমেলা ২০০০, কলকাতা, পৃ. ১৭৩

১০) জাগরী - সতীনাথ ভাদুড়ী - বেঙ্গল পাবলিশার্স, কলকাতা ১২, ১৩৬২, ৮ম সং, পৃ.১৯৭

১১) প্রাগুক্ত, পৃ. ২

১২) প্রাগুক্ত, পৃ. ৬

১৩) সতীনাথ ভাদুড়ীর জাগরী স্মরণে মননে - চন্দন ভট্টাচার্য - বামা পুস্তকালয় পৃ.১০১

১৪) প্রাগুক্ত, পৃ. ৮৯

১৫) জাগরী - সতীনাথ ভাদুড়ী - বেঙ্গল পাবলিশার্স, কলকাতা ১২, ১৩৬২, ৮ম সং, পৃ.১৪৩

১৬) প্রাগুক্ত, পৃ. ১৬৫

১৭) প্রাগুক্ত, পৃ. ৯৪

১৮) প্রাগুক্ত, পৃ. ১০৫

## প্রসঙ্গ ঃ রবীন্দ্রনাথের 'সংস্কার

দেবস্মিতা শীট
সহকারী অধ্যাপক, প্রভাত কুমার কলেজ, কাঁথি

সংস্কার, যা এক অর্থে ধারনা বা বিশ্বাস, আর এক অর্থে তা শুদ্ধি বা পরিষ্করণ বটে। রবীন্দ্রনাথ ঠাকুরের 'সংস্কার' গল্পে এই সংস্কার ঠিক কী অর্থে ব্যবহৃত তা বিশ্লেষণ নির্ভর। 'সংস্কার' গল্পটির প্রথম প্রকাশ প্রবাসী পত্রিকার আষাঢ় ১৩৩৫ সংখ্যায়। গল্পটির কেন্দ্রীয় চরিত্র বলতে দুটি - স্বামী গিরীন্দ্র ও স্ত্রী কলিকা। এছাড়াও দম্পতির কথোপকথনে আরও একটি চরিত্র আপন তত্ত্বকথা ও চরিত্রমাহাত্ম নিয়ে উপস্থিত, যার কোনও শারীরিক উপস্থিতি গল্পের কোনও অংশে ঘটেনি, সেটি অধ্যাপক নয়নমোহনের টিপিক্যাল চরিত্র। আর গল্পের শেষে ছোট একটি ঘটনার প্রসঙ্গে এসেছে বুড়ো সরকারি মেথর, তার আট-নয় বছরের নাতি এবং পূর্ব দম্পতির গাড়ির সোফার গঙ্গাদীন - এই তিনটি চরিত্রের কথা। অবশ্য গল্পকথকের বর্ণনায় গিরীন্দ্রের বন্ধু বনবিহারী কিংবা দাম্পত্য কলহের সময় পাশের ঘরে উপস্থিত যে দাসীর প্রসঙ্গ এসেছে তারাও গল্পের রচিত হিসেবে গণ্য হলে, এ গল্পের চরিত্রসংখ্যা আর একটু বেশি হয়। সমকালীন রাজনৈতিক ভাবপরিমন্ডল রচিত হয়েছে কলিকা এবং নেপথ্যে থাকা নয়নমোহন চরিত্র দুটির মধ্যে দিয়ে। নয়নমোহনের রাজনৈতিক মতাদর্শ পাঠকের সামনে এসে পৌঁছোয় সম্পূর্ণ বিপরীত রাজনৈতিক মতাদর্শে -বিশ্বাসী স্বামী গিরীন্দ্র গল্পকথক হিসেবে আপন মাহাত্ম প্রতিষ্ঠার পাশাপাশি তীব্র সমালোচনায় দগ্ধ করতে চেয়েছে সমকালীন সমাজকে। কথকের এই সমকাল সমালোচনা তথা স্ত্রী কলিকার সমালোচনাই হয়ে উঠেছে আলোচ্য গল্পের মূল বিষয়বস্তু।

স্বদেশ প্রেম ও স্বদেশ সাধনার সার্থকতা যেন খদ্দর ধারনেই - এ ধারণেই সংস্কারকে বিদ্রুপ করেই গল্পটি লেখা হয়েছে। প্রসঙ্গক্রমে উঠে এসেছে ভারতবর্ষের রন্ধ্রে রন্ধ্রে মিশে থাকা জাতিগত ও বর্ণগত সংস্কার। গল্প পড়ে যেটুকু জানা যায়, স্ত্রী কলি কা স্বদেশী আন্দোলনের সঙ্গে যুক্ত, বড়োবাজারে বিলিতি কাপড়ের বিরুদ্ধে পিকেটিং করে দলের লোকেদের কাছ থেকে যথেষ্ট শ্রদ্ধা অর্জন করেছেন, ফলস্বরূপ ধ্রুবব্রতা নামে তিনি ভূষিতা। স্বদেশী জিনিস গ্রহণ এবং বিলিতি জিনিস বর্জনের এই প্রক্রিয়ায় মেতে উঠে নানান আপ্তবাক্য রপ্ত করে ফেলে কলিকা - অর এ-সমস্ত কিছুর মধ্যে স্বাদেশিকতার অর্থ হিসেবে খদ্দরের উর্দিধারণই যেন প্রাধান্য পেয়ে যায় স্বদেশকে বহু পিছনে ফেলে। স্বামীকে খদ্দর পরাতে ব্যর্থ কলিকা সদর্পে বলে উঠতে পারে, 'দেখো, খদ্দর পরার শুচিতা যেদিন গঙ্গাস্নানের মতোই দেশের লোকের সংস্কারে বাঁধা পড়ে যাবে সেদিন দেশ বাঁচাবে। বিচার যখন স্বভাবের সাথে এক হয়ে যায়, তখনই সেটা হয় আচার। চিন্তা যখন আকারে দৃঢ়বদ্ধ হয়, তখনই সেটা হয় সংস্কার তখন মানুষ চোখ বুজে বুজে কাজ করে যায়, চোখ খুলে দ্বিধা করে

না।' অথচ এই কলিকাই আবার যখন বৃদ্ধ সরকারি মেথরটিকে মার খেতে দেখে, তখন তার স্বদেশপ্রেমের বুলি জীবনে প্রায়োগিক ক্ষেত্রে কার্যকর হয়ে উঠতে পারে না। অস্পৃশ্যকতার ঘৃণ্য সংস্কারে আচ্ছন্ন হয়ে থাকা কলিকার মনে নিম্নবর্ণের প্রতি ঘৃণাবোধ ছাপিয়ে যায় স্বাদেশিকতার সমস্ত বিজ্ঞাপনকে, তা সেই মেথর যতই সদ্যস্নাত, পরিচ্ছন্ন হোক না কেন! বৃদ্ধ মেথরের হাত ধরে থাকা আট-নয় বছরের নাতির কান্না ও অনুনয় - দাদাকে মেরো না - কলিকার হৃদয় নাড়া দিতে পারে না, তার মস্তিস্কে তখন ঘুরে ফিরে একটি মাত্র সংস্কার নাড়া দিয়ে চলে 'ও যে মেথর!' অস্পৃশ্য মেথর। সেজন্যে স্বামী গিরীন্দ্রের উদ্যোগে মেথরকে গাড়িতে তুলে নিয়ে তাকে মার খাওয়ার হাত থেকে বাঁচাতে সে একেবারেই নারাজ। মেথরকে গাড়িতে তুললে, কালিকা গাড়ি থেকে নেমে যাবে - এমনই অভিপ্রায়। মেথরের নিভৃতে থাকা ভারতবর্ষকে দেখতে কলিকা অক্ষম, সে শেখানো স্বাদেশিকতার বুলি জানে, খদ্দর ধারণের রাজনৈতিক মতাদর্শ তার কাছে মন্ত্রস্বরূপ, অথচ সে জানে না স্বদেশের অন্তরের গভীর বেদনার কথা, সে চেনে না তার প্রকৃত ভারতবর্ষকে, সে কখনও বুঝে দেখবার চেষ্টাই করেনি যে, 'কাপড় দিয়ে বর্ণবৈষম্য ঢাকা দেওয়াটা বাহ্যিক ওতে ঢাকা দেওয়াই হয়, মুছে দেওয়া হয় না।' কিন্তু বর্ণভেদকে অগ্রাহ্য করে বলেই বিপরীত চরিত্রের স্বামী গিরীন্দ্র খদ্দরধারণের শুচিতাকে স্বরাজ সাধনের পন্থা বলে গ্রহণ করেনি।

গিরীন্দ্র চরিত্রের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ সম্ভবত নিজের মতাদর্শকে তুলে ধরতে অর্থাৎ 'খদ্দর ধারণে স্বরাজসাধন' -এই মতের বিরোধিতা করতে চেয়েছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, রবীন্দ্রনাথের 'চরকা' কিংবা 'স্বরাজসাধন' প্রবন্ধ। চরকাচালনা বা খদ্দরধারণে কোনওদিনই তেমন উৎসাহ প্রকাশ করেননি রবীন্দ্রনাথ - 'চরকা কাটা স্বরাজসাধনার প্রধান অঙ্গ এ-কথা যদি সাধারণে স্বীকার করে তবে মানতেই হয়। সাধারণের মতে স্বরাজটা একটা বাহ্য ফললাভ। এই জন্যেই দেশের মঙ্গলসাধনে আত্মপ্রভাবের যে -সকল চরিত্রগত ও সামাজিক প্রথাগত বাধা অছে সেই প্রধান বিষয় হয় া, বরঞ্চ আরাম পায়। এমন অবস্থায ধরেই নেওয়া যাক যে, চাষীরা তাদের অবসরকাল যদি লাভবান কাজে লাগায় তা হলে আমাদের স্বরাজলাভের একটা প্রধান অন্তরায় দূর হতে পারে ধরেই নেওয়া যাক, এই বাহ্যিক ব্যাপারটাই আমাদের দেশে সবচেয়ে আজ পরম চিন্তনীয়।

চরকায় সুতে কাটার অসারতাকে তুলে ধরে রবীন্দ্রনাথ বলেছিলেন, 'স্বদেশের দায়িত্বকে কেবল সুতো কাটায় নয়, সম্যকভাবে গ্রহণ করবার সাধনা ছোটো ছোটো আকারে দেশের নানা জায়গায় প্রতিষ্ঠিত করা আমি আবশ্যক মনে করি।' [২] আসলে পারস্পরিক শ্রদ্ধার জায়গা বক্ষিত হলেও গান্ধিজী এবং রবীন্দ্রনাথের মতাদর্শে অমিল বহুক্ষেত্রেই লক্ষ করা গেছে। যেমন, গান্ধিজী নিজের পরিধেয় ধুতি, চাদর নিজেই চরকায় সুতো বুনে তৈরি করে নিতেন এবং চরকা ব্যবহার দেশবাসীকে উদ্বুদ্ধ করে স্বদেশী দ্রব্য ব্যবহারের পক্ষে(সামন্তরালভাবে বিদেশী দ্রব্য বর্জনের পক্ষে) আন্দোলন গড়ে তুলতে চেয়েছিলেন। রবীন্দ্রনাথ এই পন্থাকে কোনওভাবেই স্বরাজসাধনের পন্থা হিসেবে মান্যতা দিতে পারেননি। যেখানে সারা ভারতবর্ষে ছড়িয়ে রয়েছে বর্ণভেদ, জাতিভেদ, অস্পৃশ্যতার মতো কঠিন অসুখ সেখানে সমবায় জীবিকা ছাড়া দ্বিতীয় কোনও পন্থা রবীন্দ্রনাথ খুঁজে পাননি, যার দ্বারা সমগ্র দেশবাসীকে ঐক্যবদ্ধ করে জাগিয়ে তোলা

সম্ভব। আর সকলে মিলে চরকা কাটার বিষয়টিকে কোনওভাবেই সমবায়জীবিকা হিসেবে মেনে নিতে পারেননি তিনি। নিজেই বলেছেন, 'সাধনার বিচিত্রপথই বিধাতার অভিপ্রেত, নইলে প্রকৃতিভেদ জগতে কেন থাকবে। ব্যক্তিগত অনুরাগের টানে মহাত্মাজির কাছ থেকে চরকায় দীক্ষা নেবার প্রবল ইচ্ছা বারে বারে আমার মনে এসেছে। কিন্তু, আমার বুদ্ধিবিচারে চরকার যতটুকু মর্যাদা তার চেয়ে পাছে বেশি স্বীকার করা হয় এই ভয়ে অনেক দ্বিধা করে নিরস্ত হয়েছি।' [৩] রবীন্দ্রনাথের মতে, সবাই মিলে চরকা কাটলে 'তাতে সুতো অনেক জমবে, কিন্তু যুগে যুগে যে অন্ধতা জমে উঠে আমাদের দারিদ্রকে গড়বন্দি করে রেখেছে তার গায়ে হাত পড়বে না।' [৪] আসলে যে সময়ের কথা গল্পটির মধ্যে উঠে এসেছে, তখন ভারতবর্ষ ব্রিটিশ উপনিবেশ, ঔপনিবেশিকতা থেকে মুক্তির মধ্যেই সীমাবদ্ধ?যে ভারতবর্ষে বর্ণভেদ, জাতিভেদ অস্পৃশ্যতার হাত ধরে একটু একটু করে সাম্রাজ্যের জাল বিস্তার করে নিয়েছে পুঁজিবাদ, যে ভারতবর্ষের অধিকাংশ মানুষ দারিদ্রপীড়িত আর যদি ঔপনিবেশিকতা থেকে মুক্তিই ভারতবর্ষের স্বাধীনতার একমাত্র বিষয় হয়েও থাকে, কেবলমাত্র খদ্দরধারণেই কি সেই স্বাধীনতা আসা সম্ভব? তা-ই যদি হয়ে থাকে, তবে একজন সাধারণ ভারতবাসী হিসেবে বৃদ্ধ মেথরটি 'স্ব'দেশের মানুষের হাতে লাঞ্ছিত হয় কেন? ভিড়ের মধ্যে কেবল ছোঁয়াছুয়ির অপরাধে এই নিদারুণ অপমান! অথচ, ভারতবর্ষে এ-দৃশ্য তখনও খবই স্বাভাবিক এবং ঘটনাটি ঘটে যাওয়ার পরে যে-কারও পক্ষে মেথরকেই দোষী বলে মনে করে নেওয়াও স্বাভাবিক। মেনকি সেই অস্পৃশ্যতার যাথার্থ্য প্রমাণ করবার জন্যে নানারকম যুক্তি সাজিয়ে নিতে দ্বিধা বোধ করে না কলিকার মতো খদ্দরধারী স্বদেশীরাও। শুধু কলিকা নয়, দর্শনের অধ্যাপক নয়নমোহনও সেই ঘটনাকে জাস্টিফাই করবার জন্যে যুক্তি সাজিয়েছে, অন্যদিকে, গল্পকার মেথরের চেহারা ও পোশাকের যে বর্ণনা দিয়েছেন, তাতে ঝাঁটা - বালতি হাতে না থাকলে পৃথকভাবে বোঝা সম্ভব নয় মানুষটি মেথর কিনা। মেথর। সমাজের আবর্জনা পরিষ্করণ ওরফে সমাজ সংস্কার যার কাজ, সেই গুরুভার মাথায় নিয়ে সে যেন নিজের ভুল স্বীকারের মধ্যে দিয়ে ধিক্কার জানিয়েছে আপামর সমাজব্যবস্থাকে। যতখানি বিনয় নিয়ে সে জানাতে সক্ষম হয় যে জনবহুল রাস্তার মধ্যে দিয়ে চলা তার অন্যায় হয়েছে, আমাদের মাথা ঠিক ততখানিই লজ্জায় নত হয়ে আসে মানবতার এই সুতীব্র অপমানে। চোখের সামনে উদ্ধত হয়ে মেথরের ঝাঁটাটি কেবল মানবতার এই ব্যর্থতাকে নিরন্তর পরিহাস করতে থাকে, যেন মানবতার শুদ্ধিকরণ বা সংস্কার তার অন্যতম লক্ষ্য। মেথরের পরিচ্ছন্ন কাপড়, যত্নে পাট করা ভিজে চুল কলিকার চোখে পড়েনি। মেথরকে ঘৃণা করার অভ্যাসগত সংস্কারে তার দু'চোখ বাঁধা ছিল। তাই হয়তো সেই মেথরের অপমান, অবমাননার পাপ কলিকার নিজের অগোচরে জমা হয়েছিল চিত্রগুপ্তের খাতায়। এদিকটা কলিকা নিশ্চিত ভেবে দেখেনি। কিন্তু গিরীন্দ্র তো ভেবেছিল! তবে সে কেন মেথরকে নিজের গরজে গাড়িতে তুলে নিল না? ভেবে দেখবার বিষয় এই সম্পূর্ণ দায়ভার একা কলিকার উপরে চাপিয়ে দেওয়া যায় কি? যে ব্যক্তি অপরের অপারগতা অপরের কাজের অসারতা নিয়ে বিদ্রুপ করতে এতখানি তৎপর, মেরুদণ্ডের ঋজুতা যাকে সামান্য খদ্দর ধারণের সামনে নত করতে পারেনি, বৃদ্ধ ভারতবর্ষের এই লাঞ্ছনা সেই লৌহবৎ কলহের সব দায় স্ত্রী -র ঘাড়ে চাপিয়ে নিজেকে শান্তিপ্রিয় প্রমাণ করবার সংস্কর! অবশ্য দাম্পত্য কলহের

ক্ষেত্রে গিরীন্দ্র কোনও সময়ই নিজের বক্তব্যটুকু দৃঢ়ভাবে বুঝিয়ে উঠতে পারেনি। সবসময়ই তার কেবল বলতে ইচ্ছে হয়েছে কথার উত্তরে নানা কথা, কিন্তু ঠিক বলে ওঠা হয়নি। স্ত্রীর সমালোচনা করতে গিয়ে গিরীন্দ্র জানিয়েছে যে, স্ত্রী কলিকার মুখের প্রত্যেকটা বাক্য অধ্যাপক নয়নমোহনের শেখানো বুলি। অথচ, গিরীন্দ্র বোধ হয় কখনও ভেবেই দেখেনি, যে নারী হৃদয়কে এতখানি বুদ্ধিহীন বলে তার মনে হয়েছে, চেষ্টা করলে তাকে হয়তো বা গিরীন্দ্রের নিজের বুলিও শেখানো যেতে পারত।

রবীন্দ্রনাথ তাঁর কালান্তর গ্রন্থের একাধিক প্রবন্ধে, বর্ণভেদের বিরোধিতা করেছেন, তিনি আক্ষেপও করেছেন যে গান্ধিজীর চরকায় সুতো কাটার উদ্যোগে বহুমানুষ সাড়া দিয়ে এগিয়ে আসতে গিয়ে সঠিক পন্থাটা ভুলে গেছে 'মানুষের স্বরাজসাধন' -এর। গান্ধিজীর মতো একজন জনপ্রিয় মানুষ উদ্যোগ নিলে সাধারণ মানুষকে সমবায় জীবিকায় উদ্বুদ্ধ করানো সম্ভব হতে পারত - এমনটা রবীন্দ্রনাথ মনে করতেন। ভাবতে অবাক লাগে, রবীন্দ্রনাথের জনপ্রিয়তাও তো কিছু কম ছিল না! তিনি যদি 'সংস্কার' গল্পটির শেষে অন্তত গিরীন্দ্রকে দিয়ে মেথরকে গাড়িতে তুলে নেওয়ার মতো কাজটি করাতে পারতেন, তাহলে তা সমকালীন রাজনৈতিক ও সামাজিক প্রেক্ষপটে সাধারণ পাঠকের কাছে দৃষ্টান্তস্বরপ হয়ে উঠত না কি? অবশ্য, তৎকালীন সামাজিক পরিস্থিতির কথা ভাবতে গেলে একাজ হয়তো সত্যিই দুরূহ ছিল। যে বর্ণভেদ অজ অর্থাৎ ২০১৮ সালেও মানুষকে দূরে সরিয়ে রাখতে সক্ষম, ১৯২৮ সালে সেই বর্ণভেদের সমালোচনাই হয়তো যথেষ্ট ছিল! আলোচ্য গল্পের কলিকা চরিত্রটি মনে করিয়ে দেয় 'ঘরে বাইরে' উপন্যাসের বিমলার কথা। তবে তা কেবল স্বদেশী আন্দোলনের সঙ্গে যুক্ত হওয়ার সুবাদে, চারিত্রিক দৃঢ়তায় কলিকা ও বিমলা অনেকটাই আলাদা। প্রসঙ্গত উল্লেখ্য রবীন্দ্রনাথের ভগিনীকন্যা সরলাদেবী ঠাকুরবাড়িরর মেয়েদের থেকে একটু অন্যধাঁচের ছিলেন, মা-বাবার অনুপ্রেরণাতেই মূলত স্বদেশী আন্দোলনের সঙ্গে যুক্ত হলেও পরবর্তীকালে তাঁর সাংগঠনিক দক্ষতা চমৎকৃত করেছিল তৎকালীন বাঙালী সমাজকে। তবে এ-বিষয়ে রবীন্দ্রনাথের প্রচ্ছন্ন বা প্রকট কোনওপ্রকার সমর্থনের দৃষ্টান্তই বিরল। তার কারণ হিসেবে সম্ভবত ধরে নেওয়া যায় যে, ব্রিটিশ শাসন থেকে দেশকে মুক্ত করার অর্থ ভারতবর্ষের সর্বাঙ্গীন স্বাধীনতা নয়, যেদিন দেশের প্রত্যেকটি মানুষ মাথা উঁচু করে নির্ভয়ে বাঁচতে পারবে, যেদিন সমস্ত মানুষের মন থেকে মুছে যাবে অস্পৃশ্যতা নামক বিষাক্ত সংস্কার, সেইদিন হয়তো -বা ভারতবর্ষের স্বাধীনতা পূর্ণতা পাবে।

**তথ্যসূত্র ঃ**


১। রবীন্দ্রনাথ ঠাকুর, 'স্বরাজসাধন' 'কালান্তর', রবীন্দ্র রচনাবলী, পশ্চিমবঙ্গ সরকার জন্মশতবার্ষিকী সংস্করণ, ত্রয়োদশ খণ্ড, বৈশাখ ১৩৬৮, পৃ ৩৩৯-৩৪০

২। ঐ, পৃ ৩৪১-৩৪২

৩। রবীন্দ্রনাথ ঠাকুর, 'চরকা', 'কালান্তর', ঐ পৃ ৩৩৬

৪। ঐ

# ত্রৈলোক্যনাথের কথাসাহিত্যে জাদুবাস্তবতার অনুসন্ধান

শুভশ্রী দাস
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ,
কবি সুকান্ত মহাবিদ্যালয়, ভদ্রেশ্বর, হুগলী।

বিষয় চুম্বক

জাদুবাস্তবতা এমন এক সাহিত্য প্রকরণ, যা বর্ণনা করতে পারে অত্যাচার। প্রতিবাদের কাঠামোয় বিদ্রূপের খড় জড়িয়ে, পুরাণ-উপকথার রং-মাটিতে গড়ে ওঠে যার শরীর সেই জাদুবাস্তব। শাসকের রক্তচক্ষু ও নির্বিকার মিথ্যাচারের যথাযথ বর্ণনা যখন অসম্ভব হয় তখন স্মরণ নিতে হয় জাদুবাস্তবতার। এই তাগিদ থেকেই ক্রমে সমগ্র বিশ্বে স্থান করে নিয়েছে এই সাহিত্য প্রকরণ। মূলত লাতিন আমেরিকায় সৃষ্ট ও পুষ্ট এর ধারা ভারত তথা বাংলায় আসে আশি-নব্বই এর দশকে। কিন্তু তার পূর্ববর্তী বাংলা কথাসাহিত্যে বেশ কিছু ক্ষেত্রে এমন অনুষঙ্গ এসেছে, যা জাদুবাস্তবকেই দ্যোতিত করে। নির্মাণ করে বীজতলা। তেমনই একজন সাহিত্যিক স্বনামধন্য ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়। এই সন্দর্ভে তাঁর কিছু সৃষ্টিকাজে জাদুবাস্তব অনুষঙ্গের সন্ধান থাকবে।

Key words : জাদুবাস্তবতা, ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়, রূপকথা বিদ্রূপ, প্রতিস্পর্ধা।

সাহিত্য আন্দোলন বা নতুন প্রকরণের উন্মেষ কোন একটি নির্দিষ্ট দেশ বা ভৌগোলিক সীমা থেকে হলে ও এর চেতনা বিস্তারিত হয় বিস্তৃত অঞ্চলে, একাধিক জনজাতির মননে, একাধিক সামাজিক পরিমণ্ডলে। মূলত ঔপনিবেশিক অবদমনের প্রতিস্পর্ধী ও বিদ্রূপাত্মক ভঙ্গিতে গড়া সাহিত্য আন্দোলন জাদুবাস্তবতার অনুষঙ্গ বাংলা কথাসাহিত্যের প্রায় উন্মেষকালের ও তৎপরবর্তী কয়েকজন রসজ্ঞ ও মনোজ্ঞ গদ্যকারের লেখনীতে লক্ষ্য করা যায়। এই ধারাকে জাদুবাস্তব লক্ষণাক্রান্ত বলে নির্দেশ করা যায়, কারণ তখনও জাদুবাস্তবের প্রাণপুরুষ গার্সিয়া মার্কেস তাঁর অসামান্য উপন্যাসটি নিয়ে বিশ্বসাহিত্যের দরবারে অবতীর্ণ হন নি। কোন জাতির জাদুবস্তবের বিশ্বাস নিহিত থাকে তাদের লোককথা, পুরাণ, উপকথা, রূপকথার আদলে। বাংলার ঠাকুরমার ঝুলি থেকে প্রাচীন রূপকথার আড়ালে থেকে যায় বঞ্চিত শ্রেণির যন্ত্রণার উপখ্যান। বাঁদর, ভালুক ইঁদুর, শিয়ালের মত মুনষ্যেতর প্রাণীদের রূপকে পরিবেশিত হয় বঞ্চিত জনজাতির কথা। পাতালবাসিনী রাজকন্যা বা নাগকন্যার গল্প কিংবা ঘুঁটে কুড়ানির গল্পে সমাজের সবকটি স্তর উন্মোচিত হয় এক ভিন্ন দৃষ্টিকোণ থেকে। রূপকথার যে কাঠামোয় স্বপ্ন, বাস্তব, দৈববাণী একাকার হয়ে ধরা পড়েছে আমাদের শৈশবে তার মাঝে থেকে যায় জাদুবাস্তবের বীজতলা। যদি ও মনে রাখার বিষয়, যে নির্দিষ্ট করে 'জাদুবাস্তব' বলতে যে অভিধা বোঝায়, তার একটি অন্যতম বৈশিষ্ট্য রাজনৈতিক প্রতিস্পর্ধা। সারা পৃথিবীর রূপকথার চর্চায় রয়েছে অবদমিত লাঞ্ছিত জাতির

পুনরুত্থানের কথা। কখনও মনুষ্যেতর প্রাণীর অনুষঙ্গে, কখনও নিম্ন সম্প্রদায়ের মানুষের রূপকে কখনো দুয়োরানী সুয়োরানী প্রসঙ্গে লাঞ্ছিতের প্রতি রাজানুগ্রহ বা দৈব অনুগ্রহ প্রকাশিত হয়েছে, যা জাদুবাস্তবের একটি উপকরণ। আবার বিশশতকে রূপকথা থেকে উপাদান নিয়েই গড়ে উঠেছে আধুনিক বাংলা সাহিত্য।

আলোচ্য ধরায় ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়, তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপধ্যায়ের কিছু সৃষ্টির উল্লেখ করা যায়।

## ত্রৈলোক্যনাথ ও তার সাহিত্য

বাংলা কথাসাহিত্যের প্রায় উন্মেষকালের একজন অত্যন্ত রসজ্ঞ ও মনোজ্ঞ গদ্যকার ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের (১৮৪৭-১৯১৯) জীবনকে দেখার ভঙ্গী কিছুটা স্বতন্ত্র ও সমসাময়িকের থেকে অনেকটা আধুনিক। তাঁর 'কঙ্কাবতী' উপন্যাসে আপাত দৃষ্টিতে একটি উপভোগ্য রূপকথা আছে, আর কিছু পালনীয় নীতিকথা আছে, কিন্তু সামাজিক পরিস্থিতি ও মানব চরিত্রের যে অসামান্য সব উদাহরণ পাই, তা এই উপন্যাসকে 'বড়দের রূপকথা' করে তুলেছে। ত্রৈলোক্যনাথের জীবন কেটেছে নানা উত্থান-পতনের মধ্যে দিয়ে। জীবিকার সন্ধানে ঘুরেছেন বহু ঘাট-অঘাট। পৃথিবীকে দেখেছেন একেবারে মাটির তলা থেকে। প্রচলিত বাংলা দৈনিকে প্রাবন্ধিক বিনোদ ঘোষাল লিখেছেন।

''দারিদ্র দেখেছেন। হতচ্ছিন্ন জীবন কাকে বলে হাড়েমজ্জায় উপলব্ধি করেছেন। জীবনের অভিজ্ঞতা তাঁকে কতভাবে যে ভাবিয়েছে!''[১]

এই বন্ধুর জীবন উপত্যকা তাঁকে শিখিয়েছে নানা পরিবর্ত পদ্ধতি। জীবনকে দেখার দেখানোর। 'কঙ্কাবতী'তে যে সমাজ পরিস্থিতি ত্রৈলোক্যনাথ দেখিয়েছেন, তার বাস্তব আসলে তৃতীয় বিশ্বের সেই কলঙ্কিত ইতিহাসের সাথে সম্পর্কযুক্ত, যাকে শোধন করতে করতে কেটে গেছে বহু মনীষীজীবন, বহু যুগ। নারীর প্রতি স্বার্থভাবাপন্ন মানবজাতির হাতের পীড়নে অতিষ্ঠ হতে হতে কঙ্কাবতীর মত মেয়েরা জলে ডুবে গিয়ে সমান্তরাল আরেকটি জগতের সন্ধান পাবে, এতে আশ্চর্য কিছু নেই। প্রথমে আমরা জাদুবাস্তবতার কিছু প্রামাণ্য (এক্ষেত্রে প্রাচ্য ও পাশ্চাত্যের কয়েকটি গবেষণা ও আলোচনামূলক নথি অবলম্বন করব) বৈশিষ্টের সাথে 'কঙ্কাবতী'কে বিচার করব। লাতিন আমেরিকার জাদুবাস্তবতার সাথে সম্পর্কহীন হলো পাশ্চাত্যের গবেষকদের লক্ষিত জাদুবাস্তবের বৈশিষ্ট্যের সাথে 'কঙ্কাবতী'র আশ্চর্য মিল। গবেষক, প্রাবন্ধিক L.P. Zamora, তাঁর প্রবন্ধে লিখেছেন, ভূতেরা আসলে বাস্তবতার গণ্ডী একটু ছাড়িয়ে দেখার, ভাবার সাহস যোগায়-

''Magical realist texts ask us to look beyond the limits of the knowable, and ghosts are often our guides.''

'কঙ্কাবতী'র স্কুল এন্ড স্কেলিটন' বা 'লুল্লু'র একাধিক ভূতেরা আমাদের ভাবতে শেখায় এতকালের শিখিয়ে দেওয়া বাস্তবের বাইরেও আরেকটি সমান্তরাল জগত থাকা অস্বাভাবিক নয়। এই স্বাভাবিক ভাবে উপস্থাপিত 'অস্বাভাবিকত্ব' জাদুবাস্তবতার অন্যতম উপাদান।

## (১)
## জাদুবাস্তব ও 'কঙ্কাবতী' (১৮৯২)

জাদুবাস্তব সেই সমাজকে কেন্দ্র করে গড়ে ওঠে, যেখানে বহুকাল ধরে অবদমনের ইতিহাস রয়েছে। 'কঙ্কাবতী'র প্রেক্ষাপট বাংলাদেশের সেই পিতৃতান্ত্রিক সমাজ, যেখানে নারীর অস্তিত্ব নির্ভর করে থাকে তার পুরুষ অভিভাবকদের মন মর্জির ওপর। অর্থলোলুপ তনু রায়ের কন্যারা পিতা ও ভ্রাতার সুবিধার্থে বধূরূপে 'বিক্রি' হয়েছে পিতার চেয়েও বেশি বয়সের বৃদ্ধদের দ্বারা। বিধবা হওয়ার পরে তাদের দায় ঝেড়ে ফেলা পিতা ভ্রাতার কাছে অত্যন্ত সহজ, নেহাত সতীদাহ আইন করে বন্ধ হওয়ায় একেবারে মুছে ফেলা যচ্ছে না তাদের। কঙ্কাবতীও একই অবস্থার শিকার হত, কিন্তু তার দেখা স্বপ্নে সে একটি সমান্তরাল রাস্তা খুঁজেছে বেঁচে থাকার। সে রাস্তা যতি অবাস্তব হোক, তার অনুপ্রেরণা কিন্তু সুস্থভাবে বেঁচে থাকারই। নিজের সম্পর্কে কঙ্কাবতীর বলা একটি কথা এ প্রসঙ্গে উল্লেখ করা যায়।

''বাল্যকালে মনুষ্য-বালিকারা পিতার সম্পত্তি থাকে। দানবিক্রয়ের অধিকার পিতার থাকে। অন্ধ, আতুর, বৃদ্ধ, ব্যাধিগ্রস্ত যাহাকে ইচ্ছা তাহাকেই তিনি দান-বিক্রয় করিতে পারেন।''[৩]

নারী জাতির গৃহ থেকেই এই বিপদের সম্ভাবনা নিয়ে জন্ম। তার যাত্রা খুব কিছু সহজ ছিল না সমাজে সেটাই স্বাভাবিক। বাস্তব বিপদের রূপ ধরে এসেছে নাকেশ্বরী রাক্ষসী, ভূত-প্রেত, কথা বলা পশুপাখির দল। নবীনা মশানি বা নক্ষত্রদের বড় সকলেই কঙ্কাবতীকে উপদেশ দিয়েছে, যে বউ মানুষদের প্রকাশ্যে ঘুরে বেড়াতে বা যার তার সাথে কথা বলতে নেই। কিন্তু কঙ্কাবতীর বাস্তব হল inverted reality, তাই তাকে স্বামীর প্রাণ বাঁচাতে রীতিমত অভিযানে বেরুতে হয়। এ আসলে বহুদিন ধরে অত্যাচারিত হতে থাকা নারীজাতির চেনা জগত। জাদু এখানে সমস্যাসঙ্কুল বাস্তবকে বহন করার উপলক্ষ্য মাত্র।

দ্বিতীয় বৈশিষ্ট হিসেবে  জাদুবাস্তবে আমরা 'dreamlike element' বা স্বপ্নের উপাদান লাভ করি, তার সাথে নানারকম উপকথা, রূপকতা ও অলৌকিক বিষয়ের অবতারণা হয়। 'কঙ্কাবতী' আগাগোড়াই একটি স্বপ্ন। এবং এর সাথে যুক্ত হয়েছে রক্ষস-খোক্ষস, দৈত্য-দানো আরো নানা আলৌকিকতা। ঠাকুরমার ঝুলির মত মানুষ শিকড়ের গুণে বাঘ হয়ে যায়। ভারতীয়। প্রাচীন ঐতিহ্যের একটি নিদর্শন ভারতীয় আয়ুর্বেদ। পুরাকালের মুনিঋষিদের ক্ষমতা ছিল জড়িবুটির গুণে প্রাকৃতিক নিয়মের বিরূদ্ধে যাওয়ার। তারই ছায়া মাথায় শিকড় পরে বাঘ সাজা ও চাঁদের মূলশিকড় খেয়ে বমনের মত ঘটনা। আবার খেতুর পরমায়ুর জন্য কঙ্কাবতীর অন্বেষণ রূপকথার বিষয়বৈচিত্র্যকে মনে করায়। চিরকালীন বাঙালি প্রবাদ 'তালপাতার সেপাই'কে সচক্ষ দেখতে

পেল কঙ্কাবতী, কিন্তু সে সেপাইয়ের বীরত্ব কিন্তু হাসির তরলতার সাথে ভারতীয় বিচারব্যবস্থার হাস্যকর দৈন্যকে প্রচ্ছন্ন করে দেখায়। যে কঙ্কাবতী সমাজের ক্রূরতার শিকার, সে মাছেদের রাণী হয়ে আদর-যত্ন পায় ঠিকই, কিন্তু তাকে ও চলতে হয় কাঁকড়া তথা মৎস সমাজের গণ্যমান্যদের পরিচালনায়। এক্ষেত্রে কঙ্কাবতীর স্বপ্ন ছাড়িয়ে উঠতে পারেনি বাস্তবের সীমা।

তৃতীয়ত, যেকোনো শিল্প-সাহিত্য মূল রসদ পায় তার দেশ-কাল-সমাজ-পরিস্থিতি থেকেই। বাস্তবের মাটিতে শিকড় রেখে আকাশকুসুম ফোটান সকল শিল্পী-সাহিত্যিক। তাই সাহিত্য-শিল্পের স্থির বৈশিষ্ট্য যতই নির্দিষ্ট করার চেষ্টা করা হোক, পৃথিবীর একপ্রান্তের সঙ্গে আরেক প্রান্তের সাংস্কৃতিক অমিলের জন্যই সাহিত্যরীতিতেও আবশ্যক পরিবর্তন ঘটে। জাদুবাস্তব বা magical realism অভিধাটি প্রথম ব্যবহৃত হওয়ার অনেক আগেই, ত্রৈলোক্যনাথ প্রচলিত রূপকথা 'কঙ্কাবতী'র একটি পুনর্নির্মাণ ঘটালেন। শুরুতে লেখক প্রচলিত গল্পটির একটি সংক্ষিপ্ত রূপরেখা দিলেন, যেখানে কাহিনী বিষয়কে প্রায় অবিশ্বাসের ভঙ্গীতে বলেছেন,

''কঙ্কাবতীর গল্প এইরূপ। একথা কিন্তু বিশ্বাস হয় না। একটি আঁবের জন্য কি আপনার ভগিনীকে বিবাহ করিতে চায়? করা সম্ভব নয়। যাহা সম্ভব, তাহা আমি বলিতেছি।''[৪]

ভারতীয় উপমহাদেশে মানুষ যে স্বপ্নগুলি নিয়ে বড় হয়, কিন্তু বড় হওয়ার পথে টের পায়, সেগুলি খুবই দূরায়ত্ত, সেগুলিই গুপ্তধন হয়ে ওঠে ও তাদের প্রাপ্তির বাধা হয়ে যায় রাক্ষস, দৈত্য।

চতুর্থত, ঔপনিবেশিক ভারতীয় সমাজের প্রতি বিদ্রূপ তথা হাস্যকর রূপায়ণ ত্রৈলোক্যনাথের জাদুবাস্তবের আরেকটি স্তম্ভ। ইংরেজ অনুশাসিত জনগণের কদর্য, অক্ষম অনুকরণে খাঁটি দেশপ্রেমিক ত্রৈলোক্যনাথ ব্যথিত হয়েছেন, ক্রুদ্ধ হয়েছেন। সমাজের অননুকরণীয় দিকগুলিকে বিপদের মোড়কে ঢেকে লেখক বোঝাতে চাইলেন ভালো-খারাপের প্রভেদ, কিন্তু জাদুবাস্তবতা কোন নীতিকথা পরিবেশন করে না। তাই তাঁর নায়িকার নাক 'পচাজল' মশাবলিকা থেকে কাঁকড়া অবধি সকলেই খ্যাঁদা বলে। এই উন্নাসিকতা ঔপনিবেশিকতার দান। পাশ্চাত্যের শাসকদের রাজার জাত মনে করা ও তাদের সাদা চামড়া, উঁচু নাকের প্রতি আকর্ষণ আজ অবধি এদেশ থেকে মোছা সম্ভব হয় নি। ঔপনিবেশিক ভারতে গ্যাটম্যাট ইংরেজি বলা ব্যাঙ, 'স্কুল এন্ড স্কেলিটন কোম্পানি' বিদ্রূপের একেকটি চাবুকের মত।

পঞ্চমত, প্রাচ্যদেশীয় ঝাড়ফুঁক তুকতাক সারা পৃথিবীর কাছেই বিস্ময়কর একটি বিষয়। ত্রৈলোক্যনাথের কাহিনীতে ওঝারা খুব সহজলভ্য। খর্বুর এক খর্বকায় ওঝা। কিন্তু তালগাছ সমান নাকেশ্বরী বা তার মাসিকে কব্জা করতে তার বেশিক্ষণ লাগেনা। চাঁদকে শিক্ষা দিতে ও সে ওস্তাদ। লেখক ব্যাবহার করলেন নানা আয়ুর্বেদিক টোটকার, যারা আসলে তীক্ষ্ণ শ্লেষমিশ্রিত, তবু বেশ কার্যকর। চাঁদের এক তোলা মূলশিকড় সাতটি গোলমরিচের সাথে বেটে খেয়ে ব্যাঙের হল বমি। কঙ্কাবতী একটি সদ্যযুবতী বাঙালি নারী। জীবনকে তাঁর দেখার যে ভঙ্গীটি ত্রৈলোক্যনাথ দেখালেন, তাতে সমাজ বাস্তব, নারীর নিজস্ব জগতের পাশাপাশি রয়েছে একটি অতিবাস্তব পথ,

যার উপাদান নিতান্ত বাস্তব হলে ও রূপটি জাদুমিশ্রিত সমান্তরাল কল্পনা জগতকে ইঙ্গিত করে।

## (২)

## 'লুল্লু' (১৯১০)

ত্রৈলোক্যনাথের 'লুল্লু' কঙ্কাবতীর চেয়ে অনেকাংশে ভিন্ন, কিন্তু তার মূল সুরটি অভিন্ন। নারীহরণের মত ঘটনা বাংলাদেশে খুব আকছার যে সময়ে, সেরকম সমাজে এক মুসলমান সেখের স্ত্রী অন্বেষণ এই কাহিনীর আদিঘটনা। এদিকে ইংরেজের প্রতাপে, পাশ্চাত্যের জ্ঞানালোকে ভারতীয় প্রাচীন সব ভূতপ্রেত পালাবার পথ পায়নি, কিন্তু এই আলোক শুধুই তো আলোক নয়, প্রদীপের নীচের প্রবল অন্ধকারের মতই দেশে প্রকৃত শিক্ষা, সংস্কৃতি, উন্নতি থাকুক না থাকুক, ইংরেজের অক্ষম, অপ্রয়োজনীয় অনুকরণ খুব আছে। ডাইনি, ভূতপ্রেত, রাক্ষসরা একযোগে তাই বলল, কাউকেই তারা আর খাবে না। আমিরের মুখে যেন লেখকের উক্তি, ''হতভাগা দেশের লোকগুলা এমনই ইংরেজিভাবাপন্ন হইয়াছে যে কাহাকেও ভূতে পাইলে কী ডাইনে পাইলে, বলে কিনা হিস্টিরিয়া হইয়াছে!''[৫]

পাশ্চাত্যের দুর্বল অনুকরণের বিরোধী ছিলেন ত্রৈলোক্যনাথ। নিজের দেশের মাহাত্ম্য ভুলে, পরদেশের অনুকরণে সকলে যখন মত্ত, তিনি তখন তাঁর বিদ্রূপ, শ্লেষ, নীতিবোধ দিয়ে শেখাতে চাইছিলেন স্বদেশকে ভালোবাসতে। কিন্তু ঠাট্টার ভঙ্গীতে ত্রৈলোক্যনাথ অদ্বিতীয়। ভূতে ব্রাহ্মণকে ও আমিরকে জানায়,

''আমার অবধ্য, সেই ইংরেজি-পড়া বাবুলোক। তাঁহাদের ভয়ও করি, ভক্তিও করি! ভয় করি, পাছে মহাপ্রভুরা গায়ে ঢলিয়া পড়েন, কী বমন করিয়া দেন, ভক্তি করি, কেননা, এটা সেটা খাইয়া তাঁহাদের মনের কোঁচকা ঘুচিয়া যায়, মন সরল হইয়া যায়, এই মর্তলোকেই তাঁহারা সদাশিবত্ব প্রাপ্ত হন, ...।''[৬]

নিজের দেশের সবকিছুকেই হেয়জ্ঞান করে এই মানুষের দল ইংরেজ আরাধনার যে বাড়বাড়ন্ত করে তোলে, তাকে কথায় কথায় শ্লেষের খোঁচা দিলেন ত্রৈলোক্যনাথ। মানুষের মনের আঁধার কেটে ভূত বানানোর প্রক্রিয়াও তিনি শেখান। দেশীয় সংবাদপত্র, দেশীয় কাপড়, দেশের হিতার্থে সকল কাজে ব্রতী হওয়ার বাণী লুকিয়ে রাখেন তিনি ভুতুড়ে গপ্পো 'লুল্লু'তে।

জাদুবাস্তবের ক্ষেত্রে যে প্যারালাল ওয়ার্ল্ড বা সমান্তরাল জগতের কথা বার বার বলতে হয়, সেই সমান্তরালে এবার ত্রৈলোক্যনাথ রাখলেন ভূতেদের। ভূত বিশ্বের যাবতীয় ধরণ ধারণ মানুষের পৃথিবীরই মত, কেবল তাদের কিছু নিজস্ব সুবিধা অছে। সংবাদপত্রের এডিটরির আসল রূপটি ত্রৈলোক্যনাথই অনুধাবন করতে পেরেছিলেন। সমাজকে ছাপাখানার ঘানিতে জুড়ে বিস্তর নিষ্পেষণ করে করে ফায়দার তেলটুকু লাভ করাই ভণ্ড সংবাদপত্রীদের মূল লক্ষ্য। ভূতের তেল বের করা বা ভূতের বাপের শ্রাদ্ধ করা এখানে সেই অপ্রয়োজনীয়, অহেতুক শক্তিক্ষয়ের দারুণ

একটি রূপক। সামাজিক সংস্কারের নানা বিষয়কে কেন্দ্র করে তৎকালীন বাংলা সংবাদপত্র গুলির একে অপরকে আপত্তিকর, কুরুচিকর ভাষায় একপ্রকার কাদা ছোঁড়াছুড়ি ও গালমন্দ করার প্রবণতাকে চূড়ান্ত ঠাট্টা করে, একটি ভূতকে সম্পাদক করতে ইচ্ছুক আমিরের সংলাপে লেখক লিখলেন।

''এতদিন লোকে মানুষ ধরিয়া সম্পাদক করিতেছিল, কিন্তু মানুষে যা কিছু গালি জানে, মায় অশ্লীল তাহা পর্যন্ত সব খরচ হইয়া গিয়াছে; সব বাসি হইয়া গিয়াছে। এখন দেশসুদ্ধ লোককে ভূতের গালি দিব। আমার অনেক পয়সা হইবে।''[৭]

বিকটাকৃতি নররক্ষস 'লুল্লু' কে আমরা ভূত না ভেবে নিম্নশ্রেণীর পুরুষ ও ভাবতে পারি, যে আমিরের রমণীকে নিকা করতে ইচ্ছুক, কিন্তু কোনপ্রকার জবরদস্তি করে নয়। সে রীতিমত 'সভ্য ভব্য নব্য ভূত!' তার অর্থ সম্পত্তি ও মান-মর্যাদা সমান্তরালে ক্রমবর্ধামান। 'লুল্লু'র মধ্যে দিয়ে আবার সেই 'কঙ্কাবতী'র সাহেব ব্যাঙ এর মত ভারতীয়দের অনুকরণপ্রিয়তা প্রকাশ পেল, যখন সে আমির-রমণীকে জানায়।

''দেখ, এখন আমি সাবাং মাখিতে আরম্ভ করিয়াছি। রোজ সাবাং মাখি। রঙ অনেক ফরসা হইয়া আসিয়াছে। আর কিছুদিন পরে লোকে আমাকে আরি চিনিতে পারিবেনা। যেখানে যাইব সকলে বলিবে, 'এ লুল্লু নয়, এ সাহেব ভূত; কোনো লার্ডের ছেলে হইবে।''[৮]

তার নব্য ও সভ্য হওয়ার আরেক লক্ষণ এও বটে, যে সে সকালের আলো না ফুটলে কখনো বাড়ি ফেরে না। রাত্রিব্যাপী মোচ্ছব না করলে তার দিন কাটে না। পৃথিবীর যে কোন নোশাই আসলে সর্বনাশা, কিন্তু বাঙালি জাতি দীর্ঘকাল একটি নেশায় আচ্ছন্ন হয়ে ছিল, যার নাম আফিম। আফিমের নেশায় নিমজ্জিত বাঙালির দুর্দশা বঙ্কিম, তাঁর 'কমলাকান্তের দপ্তর' এ দেখিয়েছেন। সেই আফিম বা চণ্ডুর নেশায় লুল্লুকে একেবারে পদানত করতে সক্ষম হয়েছিলেন বুদ্ধিমান আমির। এই সর্বনাশা নেশার কবলে পড়ে লুল্লু শুধু পরাধীন হল তাই নয়, সমস্ত তেজ হারিয়ে সে পরিণত হল নেশার দাসে। নেশার বিষয় নিয়ে একটি নীতির প্রসঙ্গ এনেছেন ত্রৈলোক্যনাথ। নেশার দাসত্ব করতে হলে কি মানুষ, কি ভূত কেউই সুস্থভাবে বাঁচবে না। লুল্লু আমিরের দাস হওয়ার চেয়ে নেশার দাস হল বেশি করে। ত্রৈলোক্যনাথের সাহিত্যে ভূতেদের উপস্থিতি তথা তাদের মাধ্যমে বাস্তব ও অবাস্তবকে দেখানোর এই প্রবণতা জাদুবাস্তবের একটি বহুচর্চিত দিক। ত্রৈলোক্যনাথ নিজস্ব চিন্তাভাবনায় জাদুবাস্তবতার স্বতন্ত্র রূপ নির্মাণ করেছেন।

**সূত্রনির্দেশ ঃ**


১) পত্রিকা / আনন্দবাজার পত্রিকা / ১৪ই নভেম্বর ২০১৬ / শনিবার

২) 'Magical Romance / Magical Realism : Ghosts in U.S. and Latin American Fiction' / 'Magical Realism' Ed. L.P. Zamora & W.B. Farish / Durham : Duke Up, 1995, page 498

৩) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় / 'কঙ্কাবতী' / সুজন প্রকাশনী / ফেব্রুয়ারি ২০০৯ / পৃষ্ঠা ১৫০

৪) ঐ, পৃষ্ঠা ১১

৫) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় / 'লুল্লু' / কবিতাপাক্ষিক / ডিসেম্বর ১৩ / পৃষ্ঠা ১০

৬) ঐ, পৃষ্ঠা ১৭

৭) ঐ, পৃষ্ঠা ২৬

৮) ঐ, পৃষ্ঠা ৩৪

## সহায়ক গ্রন্থাবলী


**বাংলা**

অরুণকুমার মুখোপাধ্যায়। কালের প্রতিমা। দে'জ পাবলিশিং। কলকাতা, তৃতীয় সংস্কারণ, ১৯৯৯।

আখতারুজ্জামান ইলিয়াস। সংস্কৃতির ভাঙা সেতু। নয়া উদ্যোগ। কলকাতা। ১৯৯৮।

উজ্বলকুমার মজুমদার। সাহিত্য ও সমালোচনার রূপ-নীতি। দে'জ পাবলিশিং, কলকাতা, ষষ্ঠ সংস্করণ, ডিসেম্বর ২০১৮

কুন্তল চট্টোপাধ্যায়। ইংরাজী সাহিত্যের ইতিহাস। রত্নাবলী, কলকাতা, শ্রাবণ ১৪১৭।

কুন্তল চট্টোপাধ্যায়। সাহিত্যের রূপরীতি ও অন্যান্য প্রসঙ্গ। রত্নাবলী, কলকাতা, ২০০৯।

দেবেশ রায় উপন্যাস নিয়ে। দে'জ পাবলিশিং। কলকাতা, দ্বিতীয় সংস্করণ, ২০০৩।

মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়। বাস্তবের কুহক কুহকের বাস্তব। প্রতিভাস। কলকাতা। জানুয়ারি ২০১৩।

শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়। বঙ্গসাহিত্যে উপন্যাসের ধারা। মর্ডাণ বুক এজেন্সি। ২০০৩।

**ইংরেজি**

Bigsby, C.W.E, @Dada & Surrealism', John D. Jump (ed.), London, Methuen, 1972.

Bowers, Maggie Ann. 'Magic (al) Realism'. The New Critical Idiom Series. Routledge, First Indian Reprint 2007

# পাশ্চাত্য দর্শনে প্লেটোর পূর্বেই সক্রেটিস এবং সক্রেটিস পূর্ববর্তী দার্শনিকদের আলোচনায় সামান্যের ভাবনার প্রতিফলন

সুমন মান্না
কলেজ শিক্ষক, দর্শন বিভাগ,উলুবেড়িয়া কলেজ

**বিষয় চুম্বকঃ**

Under the pooling of interest method, the assets and liabilities of the merging companies are aggregated and recorded by the transferee company at their existing carrying amounts except to the extent necessary to ensure uniformity of accounting policies and similarly the reserves appearing in the balance sheet of the transferee company. Difference between the amounts recorded as share capital issued consequent to the swap ratio and the amount of the share capital of the transferor company is adjusted in the reserves.

Under the purchase method, the assets and liabilities of the transferor company are incorporated into the books of the transferee company either at their existing carrying amounts or at their fair values as on the date of amalgamation. The excess of purchase consideration (whether consisting of shares, cash or other assets) over the net book value of assets (i.e., minus liabilities) is treated as goodwill that has to be amortized on a systematic basis over a period not exceeding 5 years unless a longer period can be justified as its useful life. In case of a shortfall, however, the difference is adjusted as Capital Reserve.

**Issues**

1. Certain costs like court fees, consultancy fees, etc., incurred to effect a merger may be significant. The Act permits the amalgamated company to claim on a deferred basis, the expenditure incurred wholly and exclusively for the purpose of the amalgamation. The deduction allowed is 1/5$^{th}$ of such expenditure over a period of 5 successive years, starting with the year of amalgamation.

2. Under the incidence of Stamp Duty on Amalgamation one can understand that since the basic nature of amalgamation is to transfer the properties, liabilities and rights of the transferor company to the transferee company is that of an agreement or contract between persons, the transfer of properties under such an amalgamation order cannot escape from the levy of stamp duty.

3. The current pace of globalization and exponential growth rates of Technology leaves acquisition as compelling strategy and only inevitable strategy to ensure long term and sustainable growth.

4. Different methods of valuation could be adopted for valuing the shares of the companies under amalgamation in the absence of fraud or malafides.

5. The scheme does not require unanimity or any veto power in favour of any debenture holder and applies equally to all secured creditors including the debenture holders.

**Effective Date**

Every scheme of amalgamation provides for a transfer date from which the amalgamation is effective i.e. the 'Appointed Date'.

Effective date is the date when the amalgamation actually takes place after obtaining the jurisdictional court Approval and furnishing of the relevant documents with the ROC.

**Return of income for the year of merger**

In case of approval for the merger is not granted by the jurisdictional High Court by the date of filling of the returns of income of amalgamating and the

amalgamated company, both the companies would need to file their Returns of Income as if the amalgamation has not taken place. Due disclosure by way of note should be made in the return income stating that the returns shall be appropriately revised after the approval of the Scheme of Merger is obtained from the High Court.

### *References*


1. Paul, S.K, and Paul, C. (2009): Corporate Accounting (2nd ed.), New Central Book Agency (P) Ltd., Kolkata, pp 11.1
2. Bose, D.C.(2010): Advanced Accounting (Vol. II), PHI Learning Private Limited, New Delhi, pp 482
3. Banerjee, B. (2010): Fundamentals of Financial management (3rd ed), PHI Learning Private Ltd, New Delhi, pp 522
4. Pandey, I.M. (2011): Financial Management (10th ed), Vikas Publishing House Pvt. Ltd, pp 756
5. Khan, M.Y. and Jain, P.K.: Financial Management – Text, Problems and Cases (6th ed), Tata McGraw Hill Education Pvt. Ltd, New Delhi, pp 33.1
6. Chandra, P. (2012): Financial Management – Theory and Practice (8th ed), Tata McGraw Hill Education Pvt. Ltd, New Delhi, pp 825
7. Gupta, R.L: Advanced Financial Accounting, Sultan Chand, New Delhi.
8. Porwal, L.S.: Accounting Theory, Tata McGrow-Hill, New Delhi.
9. Goyal, V.K. and Goyal R. (2013): Corporate Accounting (3rd ed.), PHI Learning Private Limited, Delhi, pp 385
10. Shukla, M.C., Grewal, T.S. and Gupta, S.C.: Advanced Accountancy, Sultan Chand & Co., New Delhi.
11. Maheshwari, S.N. and Maheshwari, S.K.: Advanced Accountancy, Vikas Publishing House, New Delhi.
12. Koli, L.N. : UPKAR's UGC NET/JRF/SET Commerce (Paper – III), UPKAR Prakashan, Agra, pp 111U
13. Ghosh, T.P.: Advanced Accounting (Vol. I), Director of Studies, ICAI, Noida, pp 3.185
14. Chakraborty, H.: Advanced Accountancy, Oxford University Press, Delhi

Section -B

# মুখবন্ধ

অতিমারির সময় দীর্ঘদিন কলেজ বন্ধ ছিল। ২০২০ সেপ্টেম্বের মাসে উলুবেড়িয়া কলেজের দর্শন বিভাগের পক্ষ থেকে একটি আর্ন্তজাতিক ওয়েবিনারের আয়োজন করা হয়েছিল 'Beyond Religion A Way Forward' এই শিরোনামে। আমরা আমাদের ওয়েবিনারের প্রথম দিনের বক্তা হিসাবে বাঙ্গলাদেশের কুস্টিয়া জেলার ইসলামিক বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডঃ মহম্মদ সইফুজ জামালকে পেয়েছিলাম। দ্বিতীয় দিনের বক্তা ছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ডঃ দীপায়ন পট্টনায়ক এবং তৃতীয় অর্থাৎ শেষদিনের বক্তা ছিলেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়রে দর্শন বিভাগের অধ্যাপক ডঃ নির্মাল্য নারায়ণ চক্রবর্তী। এঁদের তিনজনের বক্তব্যের সারৎসার এখানে প্রকাশ করা হল। তার আগে ওয়েবিনারের অলোচ্য বিষয়টি সম্পর্কে একটু প্রাককথনের প্রয়োজন অনুভব করছি। ধর্ম বলতে প্রথাসিদ্ধ ধর্মের সুপরিচিত যে কাঠামো তার বাইরে গিয়ে ধর্মের তাৎপর্যকে খোঁজার একটা চেষ্টা থেকেই এই ওয়েবিনারের আয়োজন। আসলে ধর্মচেতনার মধ্যে দিয়ে মানুষ তার নিজস্ব সীমার বন্ধনকে অতিক্রম করে অসীমকে স্পর্শ করতে চায়, শুধু তাই নয় অন্যের মধ্যে যে অসীম তার ছোঁয়া পেতে চায় বলেই সকলের সাথে মিলতেও চায়। কিন্তু খুবই দূর্ভাগ্যের বিষয় যে বহু সময় আমরা দেখি ধর্মের নামে মানুষে মানুষে একটা বিভেদ সৃষ্টি হয়েছে, একটা বিচ্ছিন্নতা সৃষ্টি হয়েছে। এমনকি এই একবিংশ শতকের দ্বিতীয় দশকের দোরগোড়ায় দাঁড়িয়েও আমরা দেখছি ধর্মের বিকৃত রূপ যেখানে ধর্ম মানুষকে অন্য মানুষ থেকে বিচ্ছিন্ন করছে। শুধু তাই নয় নিজস্ব ধর্মবিশ্বাসের সংকীর্ণ গণ্ডিতে আবদ্ধ হয়ে এক ধর্মসম্প্রদায়ের মানুষ অন্য ধর্মসম্প্রদায়ের মানুষকে আক্রমণ করতে এমনকি হত্যা করতেও পিছুপা হচ্ছে না। এইটা দেখে আমরা গভীর বেদনাবোধ করি, এমনকি মাঝে মাঝে মনে এই প্রশ্নও জাগে যে তাহলে কি ধর্মচেতনাকে ছুঁড়ে ফেলাই ভাল? ধর্মকে কী আমাদের আজ আর প্রয়োজন নেই?

এই চিন্তা, এই প্রশ্ন এই সংশয় থেকেই আমাদের মনে হয়েছে প্রকৃত ধর্মের মর্মকথাটি কী তা আজকে তুলে ধরবার বড় প্রয়োজন এবং সে কারণে আমরা এমন তিনজন চিন্তককে বেছে নিয়েছি যাঁদের ঠিক আমরা প্রাতিষ্ঠানিক ধর্মের প্রকোষ্ঠে ধরবার কথা চিন্তাও করি না যেমন লালন ফকির, কিংবা রবীন্দ্রনাথ অথবা পাশ্চাত্য দার্শনিক ইম্যানুয়েল কান্ট। এঁদের চিন্তাভাবনা থেকে ধর্মের প্রকৃত তাৎপর্য সম্পর্কে কোনো দিশা পেতে পারি কি না এই ভাবনা থেকেই প্রাতিষ্ঠানিক ধর্ম আলোচনার বাইরে গিয়ে আমরা ধর্মের সত্যকে খুঁজতে চেয়েছি।

# লালন ফকিরের ধর্মভাবনা

অধ্যাপক ডঃ সইফুজ জামান
অ্যাসোসিয়েট প্রফেসার, কুষ্টিয়া ইসলামিক
বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

লালন ফকিরের দর্শন চিন্তার যে বিষয় সেটা নিয়ে আলোচনা করতে গেলে প্রথমেই বলতে হয় যে তিনি তাঁর চিন্তাভাবনাকে গানের মধ্যে দিয়ে প্রকাশ করেছেন। ধর্ম বলতে মানুষের জীবন, ভাগ্য এবং অতিজাগতিক চিন্তার এক মেলবন্ধনকে বোঝায় যা ধীরে ধীরে মানুষের চেতনার বিকাশের মধ্যে দিয়ে উন্মোচিত হয়েছে। মানুষের চিন্তার যাত্রাপথের আদিপর্বে মানুষ নানা প্রাকৃতিক শক্তি, ঝড়, ঝঞ্ঝা ইত্যাদি প্রাকৃতিক দূর্যোগকে বশীভূত করার জন্য নিজের অসহয়াত্ব এবং ভয়কে জয় করার জন্য ঐ সব প্রাকৃতিক শক্তিকে উপাসনা করতে শুরু করে --- সেগুলির মধ্যে অতিপ্রাকৃত কিছুর সন্ধান করে আর এই ভাবেই ধর্মের সূচনা হয়। মনে রাখতে হবে এই অতিপ্রাকৃত শক্তির আরাধনা ধীরে ধীরে পৃথিবীর বিভিন্ন মানবগোষ্ঠীর কাছে বিভিন্ন ধর্মের রূপ নিয়ে আবির্ভূত হয়। তাই বিভিন্ন ধর্ম তাদের বিভিন্ন আচার অনুষ্ঠানসহ বিকাশ লাভ করেছে। ধর্মের এই বিকাশের মধ্যে মানুষের সামাজিক ও অর্থনৈতিক বিকাশও প্রতিফলিত হয়েছে। মানুষ কল্পনা করতে শুরু করে এক অতিজাগতিক দেবরাজ্যের যেখানে আলৌকিক ক্ষমতাসম্পন্ন দেবতারা বসবাস করেন যাঁদেরকে মানুষ নিজের আদলে কল্পনা করে নেয় - তাই আমরা দেখতে পাই মানুষের মধ্যে যে ন্যায় অন্যায়, হিংসা-দ্বেষ, প্রেম ভালবাসা সেসব কিছুর অধিকারী দেবতারাও। এর পর চিন্তার ক্রমবির্বতনের পথ ধরে ক্রমশ ধর্মের রূপ পাল্টেছে - একেশ্বরবাদী ধর্ম ধীরে ধীরে মানুষের মনে স্থান করে নিয়েছে। একেশ্বরবাদের সঙ্গে ভাববাদী আদর্শের একটা গভীর সংযোগ রয়েছে যে আদর্শ যুক্তিসহকারে এক অতিজাগতিক সত্তার অস্তিত্বকে প্রমাণ করতে চায়। ভাববাদী দর্শন এই জগতের এক আদি কারণের সন্ধান করেছে যে আদি কারণ অতিজাগতিক, জন্ম মৃত্যুর অতীত এক অসীম সত্তা। মানুষের ধর্মাবিশ্বাস এরূপ এক শক্তির কল্পনায় আশ্রয় পেতে চেয়েছে।

ধর্মভাবনার এই প্রেক্ষাপটটিকে মনে রেখে আমরা লালন ফকিরের চিন্তাভাবনার আলোচনা করবো। শুধু ভারতবর্ষ বা বাংলাদেশে নয় লালন ফকিরের নামের সাথে সারা বিশ্ব আজ পরিচিত। লালন ফকির নিরক্ষর ছিলেন, কিন্তু তাঁর যে চিন্তাভাবনা বা দর্শন তিনি তাঁর গানের মধ্যে দিয়ে প্রকাশ করেছিলেন তা শুনলে মনে হয় না যে তিনি নিরক্ষর। লালনের সঠিক জন্মকাল অজ্ঞাত - আনুমানিক ১৭৭৪ এ তাঁর জন্ম, মৃত্যু ১৮৮০। লালন এবং তাঁর দর্শন সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে বাউল সমাজের প্রধান প্রতিনিধি এবং বাউল সম্রাট হিসাবে তিনি পরিচিত। গানের মাধ্যমে তিনি মানবাত্মার মুক্তির সন্ধান করেছেন। কেউ কেউ তাঁকে রেনেসাঁ মানব বলেও স্বীকার করেছেন। তিনি মরমী সাধনার প্রাণপুরুষ। তিনি তাঁর প্রগতিশীল চিন্তা মানবিক মূল্য বোধ, অসাম্প্রদায়িক ভাবনার মধ্যে দিয়ে বিশ্বের মানুষকে আশার আলো এবং পথ দেখিয়েছেন। তাই Unesco ২০০৫ সালে বাঙ্গলাদেশের বাউল গানকে 'a masterpicec of the oral and intelligible

heritage of humanity' বলে যে স্বীকৃতি দিয়েছে তার মূলে রয়েছে লালনের গান।

বাউলদের কথা প্রথম বিশ্বসভায় উপস্থাপন করেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর। ১৯২৫ এর ২৮শে ডিসেম্বর তিনি কলকাতার সিনেট হলের দর্শন সভায় সভাপতিরূপে অভিভাষণ দিয়েছিলেন সেখানে তিনি 'Philosophy of our people' বলে নিরক্ষর বাউলদের দর্শনকে সম্মানিত করেছিলেন - বলেছিলেন তাঁদের কথা যাঁরা সমাজের প্রান্তিক মানুষ বা নিম্নবর্ণের মানুষরূপে পরিচিত। তারপর তিনি ১৯৩০ সালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে যে হিবার্ট বক্তৃতা দেন সেখানেও তিনি নিরক্ষর সন্ত বাউলদের কথা বলেছেন। পরবর্তীকালে যা 'মানুষের ধর্ম' বা 'Religion of man' রূপে প্রকাশিত হয়। রবীন্দ্র সাহিত্যে বাউলভাবনার অন্তরঙ্গ পরিচয় পাওয়া যায়। লালনকে সমগ্র বিশ্বে পরিচিত করানোর জন্য রবীন্দ্রনাথের যে ভূমিকা তা এক কথায় অনন্য। লালনের গানের সেই কথা - যে কথা বলে দেখা দেয় না / নড়ে চড়ে হাতের কাছে / খুঁজলে জনম মেলে না /। --যাকে তাঁর 'রাজা' নাটকে রবীন্দ্রনাথ প্রতীকী তাৎপর্যের মাধ্যমে তুলে ধরেছেন। রবীন্দ্রনাথ ছিলেন অসামান্য প্রতিভাধর শিল্পী পুরুষ। তিনি লালনের গানের সুরকে তাঁর নিজ মনের মাধুরী দিয়ে নুতন ভাবে তৈরী করেছিলেন যা একান্তভাবে তাঁর নিজের রচনা অর্থাৎ রবীন্দ্র বাউলের রচনা বলে আমাদের মনে হয়। তাঁর মনের গভীরে ছিল মরমী সাধক লালনের বাস - লালন ছিলেন তাঁর প্রেরণার এক স্বতস্ফূর্ত উৎস। লালন ফকির নিরক্ষর ছিলেন এ কথা সত্য। কিন্তু তাঁকে নিয়ে যে গবেষণা চলছে তাতে মনে হয় সকল শাস্ত্রের মর্মকথা তাঁর জানা ছিল। তাঁর একটা গানে তিনি বলেছেন --'লালন ফকির আসলে মিথ্যে / ঘুরে বেড়াই তীর্থে তীর্থে'। তিনি মানুষকেই সবার উপরে স্থান দিয়েছেন। তাঁর ধর্ম ও দর্শন চিন্তার মূলে শুধুমাত্র মানুষ এবং মানব সমাজ। তিনি এমন মানব সমাজ কল্পনা করেছেন যেখানে কোনো ভেদাভেদ থাকবে না- যেখানে সকলেরই থাকবে সমান অধিকার। তিনি যে সময়খণ্ডে জন্মগ্রহণ করেছিলেন সেখানে প্রতিটি মানুষের মধ্যে সুসম্পর্ক ছিল না- ভেদাভেদ ছিল। তাই তিনি মানুষকে সমস্ত ভেদাভেদের উর্দ্ধে উঠে মুক্তির গান শুনিয়েছেন। এমনকি নিজেকে প্রশ্ন করেছিলেন লালন কি জাতের 'সবলোকে কয় লালন কি জাত সংসারে / লালন কয় জাতের রূপ দেখলাম না এই নজরে / সুন্নত দিলে হয় মুসলমান / নারীলোকের কি হয় বিধান/বামন চিনি পৈতে প্রমাণ বামনী চিনি কিসে? কেউ মালা কেউ তসবী গলে / তাই তো জাত ভিন্ন বলে / আসা কিংবা যাওয়ার কালে জাতের চিহ্ন রয় কার রে' - এইভাবে তিনি জাত ধর্ম সবকিছুর উপরে উঠে এক অসাম্প্রদায়িক সমাজের স্বপ্ন দেখেছিলেন। লালন সকল ধর্মের মধ্যে সমন্বয় সাধন করার কথা বলেছিলেন। আমরা যেমন ঠাকুর রামকৃষ্ণের মধ্যে দেখি সর্বধর্ম সমন্বয়ের চিন্তা বা স্বামী বিবেকানন্দ যেমন তাঁর শিকাগো বক্তৃতায় সকল ধর্মের সমন্বয়ের কথা বলেছিলেন - মানবধর্মের কথাই লালন আমাদের শুনিয়েছেন। সাধনার পথ সবার জন্য উন্মুক্ত - সেখানে হিন্দু মুসলমানের কোন ভেদাভেদ নেই। তাঁর গানের মধ্যে দিয়ে তিনি বাউল ধর্মের সে সহজিয়া সাধনা তার কথা বলেছিলেন যেখানে সকল মানুষের সমান অধিকার। এই বাউল ধর্মের মানুষেরা উদাসী মনোভাবাপন্ন - বিষয়-আশয়ের প্রতি কোনো আকর্ষণ তাঁদের ছিল না। এই মানবদেহের মধ্যে দিয়েই তাঁদের দেহসাধনার

তত্ত্ব তাঁরা প্রচার করেছেন - এখানে শাস্ত্রের কোনো ভার নেই। তাঁরা কোনো বন্ধন মানেন না - তাঁরা সমস্ত প্রকার ধর্মীয় গোঁড়ামি, শাস্ত্রাচার বা বিধান থেকে মুক্ত। 'বাউল' শব্দের অর্থ বায়ুগ্রস্থ বা পাগল - তাঁরা মনে করেন সামাজিক মানুষ হিসাবে তাঁরা মৃত। বাউল সাধনা অনেকটা মুসলিম সুফি সাধনার মতো-এঁরা মনে করেন এঁদের সাধনা হল সহজিয়া সাধনা। সুফিরাও নিজেদের দিওয়ানা বা পাগল বলে মনে করতেন। বাউল তাঁর গানে বলেছেন-'মানুষ ভজলে' সোনার মানুষ হবি / মানুষ ছাড়া ক্ষ্যাপারে তুই মূল হারাবি / এই মানুষে মানুষ গাথা / আছে যেমন আলোকলতা / জেনেশুনে মোড়াও মাথা / ও মন জগতেরে তরাবি। 'এইভাবে তাঁরা মানুষকে ভজন করার সাধনার কথা বলেছেন - এই মানুষের মধ্যেই লুকিয়ে আছে সাধনার সব তত্ত্বকথা। তাই বাউলদের কোনো শাস্ত্র নেই - গুরু ভজন সাধনার যে নির্দেশ দেন তাকেই পাথেয় করে বাউলের পথ চলা। তাঁদের গানের মধ্যে নানান ভাগ বা পর্যায় রয়েছে - দেহতত্ত্ব, মানসত ত্ত্ব, গুরুতত্ত্ব, সৃষ্টিতত্ত্ব, আল্লাতত্ত্ব, খৃষ্টতত্ত্ব, গৌরতত্ত্ব, পাশাপাশি সমাজতত্ত্বের গানও রয়েছে। তাদের সাধনার গুপ্ত কথা সাধারণ মানুষের কাছে প্রকাশ করা নিষেধ। গুরুর নির্দ্দেশে সহজিয়া সাধনার পথেই কেবল সেই মনের মানুষ কে জানতে পারা যায়। নিজের মধ্যে যে মানুষ রয়েছে তাকে চিনতে হবে। লালন তাঁর গানে বলছেন - 'আপনাকে আপনি চিনি নে/দীন জনের পর তাঁর নাম অধর/ তাঁকে চিনব কেমনে/ আপনারে চিনতাম যদি তাতে যে মিলত অটলনিধি/মানুষের.. হত সিদ্ধি আগমপুরাণে।' আরশিনগরের যে পড়শি লালনের মনের মানুষ তিনিই আলেক সাঁই, সাঁই নিরঞ্জন। সেই মানুষের অন্বেষণের কথাই বাউলের সাধনায় রয়েছে। লালনের গানে মনের মহিমা এবং মানব বন্দনার এক অনবদ্য প্রকাশ লক্ষ্য করা যায়।

লালন ফকির তাঁর সাধনার মাধ্যমে জানতে পেরেছিলেন সবার উপরে মানুষ শ্রেষ্ঠ তার উপরে নেই - মানবদেহের মধ্যেই আছেন দেবতা। কেবল দেহের সাধনাই একমাত্র পথ তাই তীর্থ, ধর্ম, বার ব্রত, পূজা, জপ, তপ কোনো কিছুরই প্রয়োজন হয় না লালনের ধর্মভাবনায় লালন বলছেন - 'আছে আছি এই মক্কা মানবদেহে / দ্যাখ না রে মন ধেয়ে / দেশ দেশন্তরে দৌড়ে মরিস কেন হাঁপিয়ে'। 'এই দেহের মধ্যেই পরম গুরু বা সাঁই এর বাস। এই দেহের মধ্যেই তিনি আছেন /তাঁকে চিনতে পারে না কেউ। তাই লালন বলেন --'কথা কয় রে দেখা দেয় না' / 'নড়ে চড়ে হাতের কাছে/ খুঁজলে ভ্রমে ভুলি / আমি কোনজন, সে কোনজনা। 'তাহলে এই মানুষের সাধনা করলে সেই মানুষকেপাওয়া যাবে। অনেক গানের মধ্যেই পরমেশ্বরের সন্ধান করেছেন লালন ফকির এই মানুষকেই গুরুত্ব দিয়ে - মানুষ তত্ত্ব যার সত্য মনে হয় সে কি অন্য তত্ত্ব মানে? 'মাটির ঢিবি, কাঠের ছবি / ভুত ভাবে সব দেবাদেবী/ ভোলে না সে অন্যরূপ / মানুষ ভজ দিব্য জ্ঞানে'। মানুষকে ভজলেই সব কিছু পাওয়া যাবে। হিংসা -দ্বেষ, লোভ লালসা' হানাহানি এ সব কিছু থেকে মুক্ত হবার কথা লালন ফকির তাঁর দর্শনে বলেছেন। অসার বিষয় বিশে / চঞ্চলা মন দিবস রজনী / অনিত্য দেহেতে বাসা / তাই তো এত আসার আশা। 'তাই লালন বলছেন নিত্য হলে আরও কত কীই না করতাম। লালন বলছেন --মন আমার গেল জানা / রবে না এই ধন জীবন যৌবন/ তবে কেন রে মন এত বাসনা / একবার সবুরের ঐ দেশে / বয় দেখি দম কষে / উঠিস না রে ভেসে

পেয়ে যন্ত্রণা'। এই ভাবে মনকে বুঝিয়ে সকল প্রকার লোভ, কামনা বাসনা, হিংসা বিদ্বেষ থেকে মুক্ত থাকার কথাই লালন ফকির তাঁর শিষ্যদেরকে ও আমাদেরকে শুনিয়েছেন। সকল প্রকার বাসনা পরিত্যাগ করে তবেই সাধনার পথে অগ্রসর হওয়া যাবে, নাহলে মানুষের মুক্তি সম্ভব নয়। লালন তাই বলছেন - 'সহজ মানুষ ভজে / দ্যাখ না রে মন দিব্য জ্ঞানে / পাবিরে অমূল্য নিধি বর্তমানে/ধর মানুষের চরণ দুটি / নিত্য বস্তু পাবে খাঁটি / মরিলে সকল মাটি / তরাই এই ভবেতে লও জেনে'। - সব কিছু ত্যাগ করলেই সেই নিত্য বস্তু লাভ করা যাবে।

বাউল ধর্মে নারীর গুরুত্ব অনেকখানি। সৃষ্টিতত্তের সঙ্গে নারী বা প্রকৃতির রয়েছে গভীর সম্পর্ক। তাই নারী বাউলের সাধন সঙ্গিনী। একজন ছাড়া অন্যজনের সাধন ভজন সম্ভব নয়। বাউলের দেহকেন্দ্রিক সাধনা নারী ছাড়া অসম্ভব। লালন তাঁর অনেক গানে নারীর শ্রেষ্ঠত্ব বা মহিমা প্রকাশ করেছেন - 'মায়েরে ভজিলে হয় বাপের ঠিকানা / দিগম বিচারে সত্য গেল জানা / পুরুষ পরোয়ার দিগর / অঙ্গে ছিল তার প্রকৃতি / প্রকৃতি সংসার সৃষ্টি সব জনা।' লালন বলছেন আদি ইমাম সেই মেয়ে। নারীর সাধনা যদি না করা হয় তাহলে সাধনা অসম্পূর্ন থাকবে বা মানবজীবন অসার্থক হয়ে যাবে। নারীকে সাধন সঙ্গিনী করে সাধক গুরুসাঁই এর কৃপা লাভ করবেন। লালন বলছেন -- "গুরু আমারে কি রাখবেন চরণদাসী করে? / দাসী হব যুগল পদে / সাধ মিটাবো ঐ পদ সেধে'। এছাড়াও রাধাকৃষ্ণের প্রেমসাধনার কথা বলেছেন লালন -- কৃষ্ণের জবানীতে রাধার ভজনা বা নারীর ভজনার কথা বলেছেন - রাধা প্রেমে উন্মাদ কৃষ্ণ নারীর কাছে প্রেমভিক্ষা করেছেন। সেই তুলনা দিয়ে লালন বলেছেন রাধার অনঢ় ভাব কিভাবে কৃষ্ণকে পর্যুদস্ত করেছে - নারীর এত মান ভাল নয় ও রাই কিশোারী / যত সাধে শ্যাম তত মান' বাড়াও ভারী / ধন্য তোর বুকের জোর /কাঁদালে জগৎ ঈশ্বর / করে মান জারি।' নারীর ভজনার কথা বলে লালন সাধনক্ষেত্রে নারীর যে ভূমিকা তা তুলে ধরেছেন।

লালন তাঁর গানে সমাজের চিত্র তুলে ধরেছেন। তাঁর গানে তিনি চেনা জগতের উপমা, রূপক ব্যবহার করেছেন। সমাজে অবহেলিত, উপক্ষিত যারা তারাও তাঁর গানে স্থান পেয়েছে। লালন ফকিরের জীবন ও সাধনা রহস্যময় - তাঁর গানের মধ্যেও অনেক সময় এমন কিছু ব্যক্ত হয়েছে যা বোঝা সাধারণের পক্ষে সম্ভব নয়। লালন নিজেই বলেছেন গুরুর কাছ থেকে এই সমস্ত বিষয়গুলো জেনে নিতে হয়, এবং সেই গুরু হচ্ছে নারী - নারীর কাছ থেকেই দেহতত্ত্বের সহজ সাধনা শিখতে পারা যায়। লালন বলেন ঈশ্বরকে চিনে নিতে হয় তিনি আমাদের কাছেই রয়েছেন আমরা জানতে পারি না তাই লালন বলেছেন - ' কাছের মানুষ ডাকছ কেন শোর করে ? / কেন জিজ্ঞেসিলে খোদার কথা দেখাও আশমানে / কোথায় আছেন সর্বোপরি কেহ নাহি তার ভেদ জানে। কোনো ঐশীগ্রন্থ সম্পর্কে লালনের আস্থা বা বিশ্বাস নেই -- তিনি তাঁর অবিশ্বাসের কথা এবং তার কারণও জানিয়েছেন আমাদেরকে - 'কি কালাম পাঠাইলেন আমার সাঁই দয়াময় / এক এক দেশে এক এক বাণী পাঠান কি সাঁই গুণমণি? - মানুষের রচনা জানি লালন ফকির কয়।' সকল মানুষের জন্য একই গ্রন্থ কেন হল না ? তাই লালন মনে করেন এসব গ্রন্থ সবই মানুষের রচনা। হিন্দু মুসলমানের ধর্মীয় আচার আচরণ শাস্ত্রীয় রীতি নীতি সম্পর্কেও লালন সংশয়ী -

কোনো রকম ধর্মীয় সংস্কারকেই তিনি সমর্থন করেন নি। তিনি মানুষকেই প্রাধান্য দিয়েছেন। মানুষ ছাড়া অসার সব পূজা অর্চনা। তাই কোনো শাস্ত্রকেই তিনি গুরুত্ব দিতে চান নি। তাই বলছেন - আপনার আপনি ফানা হলে সকল জানা যাবে / কোন রূপে হলে ফানা সে ভেদ জানতে পাবে / আরবীতে বলে আল্লা -- ফারসীতে কয় খোদাতালা / গড বলেছে যীশুর চেলা / ভিন্ন দেশে ভিন্নভাবে আল্লা হরি ভজন পূজন -- / মানুষের সকল সৃজন'। 'মনের ভাব প্রকাশ করতেই বিভিন্ন ভাষা ব্যবহৃত হয়েছে। তিনি বলছেন -'অধরকে চিনতে হলে ভাষা বাক্যে নাহি পাবে'। লালন ফকির তাঁর গুরু সিরাজ সাঁই এর কথা বলছেন -- তাঁর গুরু বলতেন নিজের য়ে রূপ সংক্ষেপে তা যদি তুমি দেখতে পারো তাহলে তোমার সাধনা পূর্ণ হবে। শাস্ত্র পাঠ করে আর ধর্মাচার পালন করে সত্যকে পাওয়া যাবে না। তাই অসাধারণ গানে তিনি সেই অন্তরমত / সত্যের সন্ধান করেছেন -- 'বাড়ির কাছে আরশিনগর / সেথা এক পড়শি বসত করে / সে আর লালন একথানে রয় লক্ষ যোজন ফাঁক রে'। যে পড়শি আমার একান্ত কাছের তার সাথেই আমার লক্ষ যোজন দূরত্ব -- তাঁকে খুঁজে পাওয়াই লালনের একান্ত সাধনা।

যখন সমাজ জাত পাত, কুসংস্কার, শাস্ত্রের বিচার নিয়ে ক্ষত বিক্ষত তখন লালন তাঁর মুক্ত জ্ঞান ও জীবনদর্শন নিয়ে আমাদের সামনে এসে দাঁড়ান - একান্ত প্রাসঙ্গিক হয়ে পড়ে তাঁর দর্শন তাঁর চিন্তা ভাবনা,তাঁর শুভবুদ্ধি ও অসাম্প্রদায়িকতার বাণী।

অনুলিখন ঃ ড ঃ অদিতি ভট্টাচার্য, অধ্যাপিকা - দর্শন বিভাগ, উলুবেড়িয়া কলেজ

# রবীন্দ্রনাথের ধর্মভাবনা

অধ্যাপক ডঃ দীপায়ন পট্টনায়ক
দর্শন বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়

বর্তমান সময়ে ধর্ম এমন একটা জায়গায় এসে দাঁড়িয়েছে যে ধর্ম যেন এক বিতর্কিত চরিত্রের ভূমিকা নিয়েছে। চারিদিকে আজ তাকালেই দেখতে পাওয়া যাচ্ছে যেখানে হিংসা, সাম্প্রদায়িক কলহ, রক্তপাত তার কেন্দ্রভূমিতে রয়েছে ধর্ম। মনে প্রশ্ন জাগে এই কি সেই ধর্ম যার হাত ধরে আমরা পথ চলতে চেয়েছিলাম? মানবসভ্যতার অগ্রগতির যে পথ তাতে কিন্তু তাকে ধর্মের হাত ধরেই চলতে হয়েছে। ম্যাক্সমূলার যেমন বলেছিলেন মানবসভ্যতার ইতিহাস আসলে ধর্মের বিবর্তনের ইতিহাস-মানব অস্তিত্বের ভিত্তিভূমি গঠিত হয়েছে ধর্মের দ্বারা। এই যে ধর্ম যার হাত ধরে মানুষ সভ্য হয়েছে নাকি সভ্য হতে গিয়ে ধার্মিক হয়েছে তা নিয়ে বিতর্ক থাকতেই পারে, কিন্তু মানুষের যে নৈতিকতা বোধ তা ধর্মের আধারেই প্রস্ফুটিত হয়েছে। তবু মনে প্রশ্ন জাগে সত্যিই কি কোন অতিচেতনার বোধ ছাড়া নৈতিকতার বিকাশ ঘটে না? নৈতিকতার ভিত্তিভূমি কি শুধু বুদ্ধিমত্তা হতে পারে না? মনে করা হয় কোথাও না কোথাও ধর্মের আধারেই নৈতিকতার কুসুম প্রস্ফুটিত হয়। এই ধর্মকে সব বিভেদের মধ্যে ঐক্য, সব বিবাদের মধ্যে মিলনের সেতু বলে দেখেছিলেন রবীন্দ্রনাথ। আজকের জগতের দিকে তাকিয়ে আমাদের মনে সংশয় দেখা দেয় - রাজনীতির কুশীলবদের হাতে আজ ধর্ম হয়ে দাঁড়িয়েছে স্বার্থ সিদ্ধির উপায়, বিভেদের বিষ ছড়ানোর মাধ্যম। তাই মনে প্রশ্ন জাগে ধর্ম কী একটা অতিরিক্ত কিছু যাকে আজকের পৃথিবীতে বাদ দিলেই ভাল হয়? ধর্মনিরপেক্ষতার কথা আমরা বলি বটে, কিন্তু রাধাকৃষ্ণণ দেখিয়েছেন আমাদের সবচেয়ে বড় myth হচ্ছে এই ধর্মনিরপেক্ষতার ধারণা। ঠিক সেরকমই বিবেকানন্দ বলেছেন আমাদের সবচেয়ে বড় myth হচ্ছে সর্বজনীন ধর্মের ধারণা। বিবেকানন্দ কোনো বিশ্বজনীন ধর্মের কথা বলেন নি, তিনি আসলে বহু ধর্মের বিশ্বজনীনতার কথা বলেছেন। এখন প্রশ্ন হ'ল ধর্মের যে রূপ দেখে আমরা শিহরিত হই সেটাই কী ধর্মের প্রকৃত রূপ? রবীন্দ্রনাথের ধর্মভাবনার আলোকে আমরা এই প্রশ্নের উত্তর খোঁজার চেষ্ট করব।

রবীন্দ্রনাথের দর্শন ও ধর্মচিন্তার বিশ্লেষণ করার চেষ্টা অতল সাগর থেকে মুক্তা খুঁজে নেবার সাথে তুলনীয় - কাজটা রীতিমতো কঠিন, আরও কঠিন এই কারণে যে তিনি নিজেকে দার্শনিক বলে ভাবতেই চাইতেন না। আত্মপরিচয়ে তিনি বলেছেন ঃ ''আমি কবি, দার্শনিক নই। অদ্বৈতবাদ, দ্বৈতবাদের বিবাদ উঠিলে আমি নিরুত্তর থাকি।'' এ শুনে মনে হয় এ কথা কবির ভণিতা মাত্র, নাহলে যাঁর সাহিত্যের পরতে পরতে জড়িয়ে রয়েছে দর্শন তাঁর মধ্যে দর্শন নেই একথা কী আমরা ভাবতে পারি? আসলে আমাদের প্রতিদিনের যাপনে তাঁর চিন্তার নীরব উপস্থিতি। তাঁর ধর্মভাবনা নিয়ে আলোচনা করার আগে আমাদের একটু জানা দরকার ধর্ম কী? আসলে 'ধর্ম' শব্দটি বহুমাত্রিক। বঙ্কিম চন্দ্র তাঁর ধর্মতত্ত্বে দেখিয়েছেন শব্দটির অন্তত ছটি অর্থ রয়েছে। প্রথমতঃ

ইংরাজিতে যাকে 'religion' বলা হয় সেই অর্থে শব্দটির ব্যবহার হয় - অর্থাৎ প্রাতিষ্ঠানিক যে কোনো ধর্ম-খ্রীষ্টান ধর্ম, ইসলাম ধর্ম ইত্যাদিকে বোঝাতে এই শব্দটিকে ব্যবহার করা হয়। দ্বিতীয়ত নৈতিকতা অর্থাৎ morality অর্থেও ধর্মকে ব্যবহার করা হয়, তৃতীয়তঃ virtue বা পূণ্য অর্থে শব্দটি ব্যবহৃত হয়; এমনকি Virtuous action অর্থাৎ শিষ্টাচার ইত্যাদিকে বোঝাতেও আমরা 'ধর্ম' শব্দটিকে ব্যবহার করি। আবার লোকধর্ম, কূলধর্ম এ সব অর্থেও 'ধর্ম' শব্দটির প্রয়োগ হয়েছে। সুতরাং শব্দটির এত বহুমাত্রিক ব্যবহার যে শব্দটিকে নিয়ে প্রায়শই একটা ধন্ধ উপস্থিত হয়। রবীন্দ্রনাথের চিন্তাতেও 'ধর্ম' শব্দটি তার বহুমাত্রিক ব্যঞ্জনা নিয়ে উপস্থিত। ম্যাঞ্চেস্টারে তাঁর হির্বাট বক্তৃতামালা যখন গ্রথিত হয়ে প্রকাশিত হয়েছিল তার নাম দেওয়া হয়েছিল 'Religion of Man'। আবার ১৯৩৩ কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে দেওয়া 'কমলা' বক্তৃতামালা যখন প্রকাশিত হয় তার নাম দেওয়া হয়েছিল 'মানুষের ধর্ম' । শুনলে মনে হতে পারে যে দ্বিতীয়টা প্রথমটার বঙ্গানুবাদ। কিন্তু যাঁরা পাঠক তাঁরা জানেন দুটি গ্রন্থে দুরকম ভাব প্রকাশিত হয়েছে। তবে এই দুটি গ্রন্থেই রবীন্দ্রনাথের ধর্মভাবনা স্পষ্ট। 'Religion' অর্থে 'ধর্ম' শব্দটির প্রয়োগ অনুমোদন করেন নি। তাঁর কথাতেই শোনা যাক বিষয়টা। তিনি বলেছেন : 'আমাদের ধর্ম Religion নয়। এটি মনুষত্বের একাংশ নহে। এটি Politics হইতে বর্হিভূত, যুদ্ধক্ষেত্রে হইতে তিরস্কৃত নহে।" প্রথমেই মনে রাখতে হবে আমরা যাকে বলি আচার ধর্ম, বা যাকে বলি প্রচার ধর্ম - এর কোনো অর্থেই রবীন্দ্রনাথ 'ধর্ম', কথাটিকে ব্যবহার করেন নি। সাবেকী Religion যে আচারধর্মের সঙ্গে জড়িত তা তাঁর মোটেই পছন্দ ছিল ন। - সেখানে রয়েছে মন্দির, মসজিদ, গীর্জা ইত্যাদি - যার মধ্যে রয়েছে আচার, অনুষ্ঠান, মন্ত্রোচ্চারণের বাহুল্য। এ সমস্ত জটিলতার আবর্তে নিহিত যে ধর্ম তাকে কখনোই প্রকৃত ধর্ম বলে মনে হয় নি কবির। তাঁর মতে এত কৃত্রিম ব্যবস্থার সৃষ্টি করে তার মধ্যে দিয়ে মানুষের মনে ধর্মভাবনার বীজ বুনে দেবার যে চেষ্টা তা অপচেষ্টা মাত্র। খুব সুন্দর করে তিনি বলেছেন - আমার বাড়ির মধ্যে আলোর প্রয়োজন হয় বলেই আমি কৃত্রিম বাতি ব্যবহার করি, কিন্ত সেই কৃত্রিম বাতি তৈরীর জন্য, প্রদীপ জ্বালানোর জন্য আমায় কত ই না উদ্যোগ করতে হয়। শরিষা কোথায় বপন হইতেছে, কোথায় শরিষা হইতে তৈল নিস্কাশন হইতেছে, কোথায় বাতি রহিয়াছে - এই সমস্ত টুকুকে একত্র করে যে আলো আমরা পাই সে আলো যথেষ্ট নয়। হয়তো বাড়ির ভিতরকার কাজ কর্মের জন্য এ কাজে লাগে, কিন্তু এতে বাইরের অন্ধকার আরও বেড়ে যায়। তেমনি ঐ প্রতিষ্ঠানিক ধর্মের দ্বারা কিছু মানুষের মনে হয়তো একজাতীয় ধর্মবোধ গড়ে তোলা যায়, কিন্তু সকল মানুষের মনের অন্ধকার প্রকৃত অর্থে দূর করা যায় না। তিনি বলেছেন প্রভাতের আলোকে যেমন আমরা ঠেকিয়ে রাখতে পারি না তেমন ই হল ধর্ম যাকে পাবার জন্য আমাদের কোনো প্রচেষ্টারই দরকার নেই- শুধু যদি আমরা আমাদের হৃদয়কে উন্মোচিত করতে পারি তাহলে ই হল। কিন্তু সমস্যা হ'ল আমাদের চিন্তা জটিল, আমাদের সংসার জটিল, আমাদের ভাবনা জটিল, তাই আমাদের যাবতীয় জটিলতা আমরা ধর্মের উপর আরোপ করি। রবীন্দ্রনাথ বলছেন আমাদের উচিৎ স্ব স্ব ধর্মের অনুগত হওয়া, কিন্তু আমরা তা করি না, ধর্মকে আমাদের অনুগত করতে চাই, আমাদের প্রয়োজন অনুযায়ী ধর্মকে আমরা ব্যবহার করতে চাই। যা অখণ্ড,

তাকে যদি খণ্ড রূপে গ্রহণ করা হয় তাহলে তাকে সত্য করে পাওয়া যায় না। জটিল ব্যবস্থা, তন্ত্র মন্ত্রের ব্যবস্থাদির মধ্যে দিয়ে আমরা যে ধর্মের চর্চা করি সেই ধর্ম সত্যকার ধর্ম নয়। তাই তিনি বলেছেন তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি / বুঝতে নারি কখন তুমি দাও যে ফাঁকি। ' ধূপের ধোঁয়া, ফুলের মালায় ঢাকা পড়ে যায় সত্যের মুখ।

আর একটা কথা বলা প্রয়োজন। সাবেকী ধর্মে একটা বৈরাগ্যের ধারণা রয়েছে। রবীন্দ্রনাথ কিন্তু কখনো ই বৈরাগ্যের কথা বলেন নি, তিনি আনন্দের পূজারী, বৈরাগ্যের নয়। ভারতীয় দর্শনে মুক্তির কথা বলা হয়েছে - জীবনচক্র থেকে চিরমুক্তিই সাধকের লক্ষ্য। রবীন্দ্রনাথ এ জাতীয় ভাবনাকে সমর্থন করেন নি - 'বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয় / অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময় লভিব মুক্তির স্বাদ / এই বসুধার মৃত্তিকার পাত্রখানি ভরি বারংবার' সংসার থেকে মুক্ত হয়ে সাধনার কথা বলেন নি। তিনি মৃত্যুকে মুক্তি হিসাবে দেখেন নি, মৃত্যু তাঁর কাছে নবজন্মের দ্বার। তিনি বলেছেনঃ 'চলিতে গেলে পা উঠাতে হয়, পা ফেলিতে হয়, পা ওঠানো হ'ল মরণ, পা ফেলা হ'ল জীবন।' অনন্ত পথচালার মধ্যে মানুষ বারবার পৃথিবীতে আসবে আর বারবার নিজেকে উপলব্ধি করবে - 'আপনাকে এই জানা আমার ফুরাবে না', মৃত্যু আসলে অনন্ত নির্ঝরে প্রবাহিত হওয়ার একটা যাত্রাপথ মাত্র। এই অনন্ত যাত্রাপথে চলতে গিয়ে আমার আমিকে জানার সাথে সাথে চলবে সেই বৃহৎ-কে জানা যিনি আমাদের প্রত্যেকের মধ্যেই রয়েছেন। এটাই হ'ল রবীন্দ্রনাথের ধর্ম। এই ধর্ম যেমন আমার ধর্মের বিরোধী, তেমন ই প্রচার ধর্মের ও বিরোধী। সাবেকী ধর্মের মধ্যে লক্ষ্য করা যায় প্রচারের মধ্যে দিয়ে অন্যকে ধার্মিক করে তোলার একটা প্রচেষ্টা। রবীন্দ্রনাথ বলেন প্রচারের মধ্যে দিয়ে কৃত্রিমভাবে ধর্মবোধ তৈরী করা যায় না, মানুষকে ধার্মিক করে তোলা সম্ভব নয়। ধর্ম বোধ চিরপুরাতন সত্য, যুগে যুগে যে নবীরা আসেন তাঁরা এই চিরপুরাতন ধর্মবোধকেই নতুন করে আমাদের হৃদয়ে জাগিয়ে তুলতে আসেন, ধর্ম প্রচার করতে আসেন না কারণ ধর্ম প্রচারের জিনিষ নয়। ধর্ম ব্যবসায়ীরা নিজস্ব প্রাতিষ্ঠানিক ধর্মের সংকীর্ণতার মধ্যে, অনুশাসনের মধ্যে মানুষকে বেঁধে রাখতে চায় - এ জাতীয় ধর্ম একটা ভাবাবেগ তৈরী করে মাত্র, তার বেশি কিছু নয়। রবীন্দ্রনাথের ধর্ম চিরমুক্ত তাতে চলে আলোছায়ার খেলা-সেখানে দেবতার সাথে যেন ভক্তের লুকোচুরি খেলা - 'মাঝে মাঝে তব দেখা পাই চির দিন কেন পাই না।' তাঁকে অর্থাৎ সেই ভূমাকে প্রতিদিনের সাধনার বিষয় করে তোলাই তো লক্ষ্য। এই ধর্মের সাধনায় কোনো বিভেদের পাঁচিল নেই, নেই কোনো সম্প্রদায়িক বিদ্বেষের সংকীর্ণতা কারণ এ ধর্ম তো আমাদের সকলের হ'য়ে ওঠার ধর্ম।

রবীন্দ্রনাথের মতে যা আমাদের মধ্যে স্বাভাবিক তাই হ'ল ধর্ম। জলের স্বাভাবিক ধর্ম হ'ল শীতলতা, অগ্নির উষ্ণতা। তেমন ই আমাদের স্বাভাবিক ধর্ম হল মনুষত্ব-পূর্ণ মনুষত্ব বোধের জাগরণই প্রকৃত ধর্ম। রবীন্দ্রনাথ আসলে মানুষকে দেখেছেন দুদিক থেকে - সসীমতার দিক থেকে এবং অসীমতার দিক থেকে। মানুষের যে সসীম সত্তা তা তার বিষয় বুদ্ধির মধ্যে দিয়ে আপন পূর্ণতার সন্ধান করে-এ হল তার জীববৃত্তি যা তাকে তাড়িয়ে নিয়ে বেড়ায় বস্তুর অভিমুখে। আর এই খানে অন্যান্য পশুর সঙ্গে তার মিল। কিন্তু প্রয়োজনের শিকলে বাঁধা এই যে তার পাশব সত্তা

এটাই তার সব পরিচয় নয়; আর ও একটা দিক আছে তা হ'ল তার বিশ্বভাব । তার একপদ রয়েছে এই জড় পৃথিবীতে আর বাকি তিনপদ রয়েছে এক অমৃতলোকে। অমৃতলোকে রয়েছে তার যে স্বরূপ সেটা সে খুঁজে চলেছে তাই তো সে উচ্চারণ করেছে - 'আত্মানং বিদ্ধি'- নিজেকে জানো। মানুষ হল দিব্যত্বের উত্তরাধিকারী এক পার্থিব শিশু। তার এই দিব্যত্ব ই হল তার - 'Surplus' তার অতিরিক্ত, তার উদ্বৃত্ত। রবীন্দ্রনাথ নানা উদাহরণ দিয়ে দেখিয়েছেন মানুষের দেহ সৌষ্ঠবের মধ্যে ও রয়েছে এই Surplus -ঠিক যেমন পাখির ডিমের মধ্যে লুকিয়ে রয়েছে তার ডানার বিকাশ যা পরিণতি পায় ওড়ার আনন্দে। মানুষের মধ্যেও রয়েছে তার ক্ষুদ্র তুচ্ছ জৈবিক চাহিদাময় যে সত্তা তাকে অতিক্রম করে বৃহতের অভিমুখে পাড়ি দেবার সম্ভাবনা। তাঁর Religion of Man গ্রন্থে তিনি দেখিয়েছেন বির্বতনের ক্রম পর্যায় অতিক্রম করেই মানুষের মধ্যে এই অতিরিক্ত, এই দিব্যভাব জন্ম নিয়েছে - এটাই তার অসীম সত্তা যা অনন্ত সম্ভাবনা নিয়ে তাকে নিরন্তর ডেকে চলেছে। আমাদের প্রতিটা কাজের মধ্যে আপনাকে প্রকাশ করার এই প্রয়াস লক্ষ্য করা যায় - খণ্ডকালের মধ্যে থেকেও সর্বকালের মানুষের স্বীকৃতি আদায় করার চেষ্টা আমাদের মধ্যে রয়েছে। এই সর্বকালের মানুষকে খুঁজে পাবার আকাঙ্খাই ধর্মের আকাঙ্খা। আমাদের কর্মে, আমাদের জ্ঞানে আমরা যদি সকলের সাথে এক হতে পারি সেটাই হবে আমাদের ধর্ম। এই ধর্ম তো কোনো বিশেষ জাতি বা সম্প্রদায়ের মধ্যে আবদ্ধ নয়, এ তো সর্বজনের ধর্ম। যাকে তুমি পর ভাবছ সে তো একেরই বহুধা প্রকাশ ছাড়া কিছু নয়, অতএব তার জন্য তুমি যদি আত্মত্যাগ কর তা হলে সে তো তোমার নিজেরই জন্য ত্যাগ। সলতের দহন ছাড়া বৃহৎ 'আমি'র প্রকাশ হতে পারে না। সকল ভূতেই একই আত্মা রয়েছে এই বোধটা যদি আমাদের মধ্যে না জাগে তাহলে যে ধর্মেরই চর্চা করি না কেন তা ব্যর্থ। সমস্ত কিছুর মধ্যে সেই বৃহৎ বা ভূমার সন্ধান করাই তো প্রকৃত ধর্ম।

প্রশ্ন হল এই যে ক্ষুদ্র 'আমি'কে অতিক্রম করে বৃহৎ 'আমির সন্ধানের মধ্যে দিয়ে কী আমরা পাব? ধর্ম আমাদের কী দেবে? সেই চিরকালীন প্রশ্ন যা ধৃতরাষ্ট্র করেছিলেন গান্ধারীকে - 'কি দিবে তোমারে ধর্ম?' -এ যেন আমাদের প্রত্যেকের মনের প্রশ্ন। নানা জন নানা ভাবে বলার চেষ্টা করেছেন। কণাদ যেমন বলেছিলেন যেখানে অভ্যুদয় ও নিঃশ্রেয়সের সিদ্ধি হয় সেখানেই ধর্ম। ধর্ম হল তাই যা থেকে জাগতিক ও পারমার্থিক উভয় প্রকার সুখই লাভ করা যায়। বঙ্কিম ও তাঁর ধর্মতত্ত্বে দেখিয়েছেন ধর্মের অভিমুখ হল সুখ - জীবনবিমুখ ধর্মচর্চায় মানুষ উৎসাহ হারিয়ে ফেলছিল তাই হয়তো বঙ্কিমচন্দ্র চেষ্টা করেছিলেন মিল বেন্থামের ধারা অবলম্বন করে ধর্মকে সুখের সাথে যুক্ত করে সাধারণ মানুষের কাছে তুলে ধরতে। কিন্তু রবীন্দ্রনাথ তা করেন নি। তাই তো দেখি ধৃতরাষ্ট্রের প্রশ্নের উত্তরে গান্ধারী বলেছেন (গান্ধারীর আবেদন)- 'দুঃখ নব নব', ধর্ম আমাদের দুঃখ দেবে। রবীন্দ্রনাথ এ কথা বললেন কেন? কারণ যত মানুষ তার ক্ষুদ্র স্বার্থপর 'আমি'র গণ্ডী থেকে বেরিয়ে বৃহৎ 'আমি'র অভিমুখে যাত্রা করে ততই তাকে নতুন নতুন দুঃখকে বরণ করে নিতে হয় - কারণ তখন সে যে কত ক্ষুদ্র, কত সংকীর্ণময় এই বোধ তার মধ্যে জাগ্রত হয়। যত সে ধর্মের পথে যাবে তত তার মধ্যে দুঃখবোধ প্রবল হবে। গান্ধারী আরও বলেছেন - ''ধর্ম নহে সম্পদের হেতু মহারাজ/ নহে সে সুখের ক্ষুদ্র সেতু / ধর্মেই ধর্মের শেষ'। ধর্মের পথে

কেন যাব? তার উত্তর হল কোনো কিছু পাওয়ার জন্য এ পথে যাব না। আমি যদি সুখের অভিলাষে, সম্পদের অভিলাষে ধর্মের অনুসরণ করি তাহলে কিন্তু আমি সুখ পাব না, সম্পদ পাব না। আসলে ধর্মের জন্যই ধর্মের অনুশীলন আমাদের করতে হবে। আসলে রবীন্দ্রনাথের ধর্ম সুখ দুঃখ দুটোকেই অতিক্রম করে এক আনন্দের পথে যাত্রা।

অনুলেখন ঃ ডঃ অদিতি ভট্টাচার্য্য, অধ্যাপিকা, দর্শন বিভাগ, উলুবেড়িয়া কলেজ।

# ইম্যানুলে কান্টের ধর্মীয় ভাবন

ডঃ নির্মাল্য নারায়ণ চক্রবর্তী
প্রফেসর, দর্শন বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

কান্ট পাশ্চত্য দর্শনের যে দীর্ঘ পরম্পরা তার একজন গুরুত্বপূর্ণ চিন্তানায়ক হিসাবে পরিচিত। তাঁর সময় হল ১৭২৪ থেকে ১৮০৪। এই সময়টা ইওরোপের ইতিহাসেও অত্যন্ত গুরুত্বপূর্ণ- তার রাজনৈতিক ও সাংস্কৃতিক যে পরিমণ্ডল সেটি বিভিন্ন চিন্তানায়কের সুচিন্তিত অভিমতের দ্বারা বিশেষভাবে ঋদ্ধ ও প্রভাবিত। কান্টের যে ধর্ম সম্পর্কীয় মত তার সম্পর্কে সম্যকভাবে জানতে গেলে যে পরিপ্রেক্ষিতে কান্টের ধর্মমত গড়ে উঠেছে সেই পরিপেক্ষিত সম্পর্কে একটু জানা প্রয়োজন। ধর্ম সম্পর্কে কান্টের যে চিন্তাভাবনা তার পূর্বসূরী হিসাবে দুটি ধর্মীয় মতের কথা উল্লেখ করা যায় - একটি ধর্মীয় মতের নাম হ'ল Pietism (পাইটিজম), দ্বিতীয়টি হ'ল Rationalism। কান্টের ধর্ম সম্পকীয় মত এ দুটি চিন্তা ধারার দ্বারা বিশেষ প্রভাবিত হয়েছে। এই দুটি ধর্মীয় মত বা চিন্তা ধারার মূলে ছিল আর একটি ধর্মীয় মত যার প্রবক্তা হলেন মার্টিন লুথার। তিনি রোমান ক্যাথলিক ধর্মের যে বিভিন্ন আচার অনুষ্ঠান তার বিরোধিতা করেন। লুথারের যে মত তাকে অনেক সময়ে বলা হয় Lutheranism রোমান ক্যাথলিক মতের বিপরীতে লুথারের মতবাদটি একটি সংস্কারবাদী মত রূপেই চিহ্নিত হয়। এই Lutheranism এর মূল উদ্দেশ্য ছিল ক্যাথলিক ধর্মের যে পোপ কেন্দ্রিকতা অর্থাৎ পোপকে কেন্দ্র করে যে ধর্মীয় এবং রাজনৈতিক শক্তির প্রাধান্য গড়ে উঠেছিল সমগ্র ইওরোপ জুড়ে তার বিরোধিতা করা। ক্যাথলিক ধর্মে সাতটি ধর্মীয় আচরণের (seven sacraments ) কথা বলা হয় - Lutheranism এই সাতটি ধর্মীয় আচারের বিরোধিতা করে। ঈশ্বরে বিশ্বাস রেখে মানুষের মধ্যে কিভাবে নানা সদগুণ বিকশিত হতে পারে তার কথা লুথার বলেছেন। তাঁর এই সংস্কারবাদী চিন্তাভাবনার প্রেক্ষাপটেই গড়ে উঠেছিল ঐ দুটি ধর্মীয় মত বা চিন্তাধারা (Pietism ও Rationalism) যা কান্টের ধর্মচিন্তাকে প্রভাবিত করেছিল।

Pietism নামক যে ধর্মীয় চিন্তাভাবনা তার প্রবক্তা ছিলেন ফিলিপ জ্যাকব। তাঁর সময়কাল হচ্ছে ১৬৩৫-১৭০৫, কান্টের থেকে তিনি বয়সে অল্প বড়। Pietism শব্দটি এসেছে 'piety' শব্দ থেকে যার অর্থ হ'ল ধর্মানুরাগ বা ঈশ্বরভক্তি। এই ধর্মীয় চিন্তাধারার দুটি বক্তব্য। একটি হ'ল anti-intellectualism - অর্থাৎ খ্রীষ্ট্রীয় যে ধর্মমত তাকে বুদ্ধির প্রাচুর্য্য দিয়ে বোঝা যায় না বলে এঁরা মনে করেন। তাঁদের মতে খ্রীষ্টধর্মের যে মূল সিদ্ধান্ত সেগুলিকে বুঝতে গেলে ঈশ্বরের সাথে একটা গভীর জীবন্ত ব্যক্তিগত সম্পর্ক গড়ে তুলতে হবে যা সম্ভব ঈশ্বরভক্তির নিরন্তর অনুশীলনের মাধ্যমে এবং নৈতিক কর্মসম্পাদনের মধ্যে দিয়ে ঈশ্বরের সাথে মানুষের একটা সাক্ষাৎ অনুভূতি মূলক সম্পর্ক গড়ে তোলার কথা এঁরা বলেন এবং নৈতিক যে গুণ সেগুলির অনুশীলনের কথা বলা হয়েছে, কান্টের ধর্মীয় চিন্তার ক্ষেত্রে এই Pietism -এর সাক্ষাৎ প্রভাব

লক্ষ্য করা যায়।

দ্বিতীয় যে ধর্মীয় চিন্তা ধারা সেটি হ'ল Rationalism যার মূল প্রবক্তা ছিলেন Christian Wolf যাঁর সময় হল ১৬৭৯ থেকে ১৭৫৪, তাঁর মূল বক্তব্য হ'ল খ্রীষ্টধর্মের যে মূল সিদ্ধান্তগুলি সেগুলিকে যুক্তির নিরীখে বিচার করতে হবে। এঁরা Rational Theology -র কথা বলেছেন - অর্থাৎ বিচারবুদ্ধি সমর্থিত যুক্তিগ্রাহ্য ধর্মীয় মত প্রতিষ্ঠা করতে হবে। এঁরা ঈশ্বরের অস্তিত্বের পক্ষে Cosmological argument -এর কথা বলেছেন। এই Rationalism অলৌকিক ঘটনা বা অলৌকিক কাহিনী যা ধর্মগ্রন্থে উল্লিখিত থাকে সেগুলির বিরোধিতা করে। এই দুটি আপাত স্ববিরোধী মতই কান্টের ধর্মসংক্রান্ত চিন্তাভাবনায় প্রভাব ফেলেছে। কান্টের জীবনী পড়লে দেখা যায় যে ব্যক্তিগত জীবনে তিনি ধর্মীয় আচার আচরণের বিরোধী ছিলেন। নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্যেমে যে ঈশ্বরের অনুধ্যান করা হয় সেগুলি সম্পর্কে তিনি বিরূপ মনোভাব প্রকাশ করতেন। এমনকী তাঁর জীবনীকারেরা উল্লেখ করেছেন যে বিশ্ববিদ্যালয়ের প্রধান হিসাবেও তিনি কখনো বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত কোনো ধর্মীয় অনুষ্ঠানে যোগদান করেন নি। প্রাতিষ্ঠানিক খ্রীষ্ঠধর্মের প্রতি কান্টের যথেষ্ট বিরূপ মনোভাব ছিল এবং সেকারণেই তৎকালীন সমাজের শাসকবর্গ তাঁকে ধর্ম নিয়ে কিছু বলতে বা লিখতে বারণ করেছিলেন।

ধর্ম সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই কান্ট বলেছেন পরম্পরাগত ভাবে ঈশ্বরের অস্তিত্বের সপক্ষে যেসব যুক্তি দেওয়া হয় সেগুলি কোনেটাই সফল নয় - এই যুক্তিগুলি প্রত্যেকটি ত্রুটিপূর্ণ ও অপূর্ণ। এগুলির কোনটির দ্বারাই ঈশ্বরের অস্তিত্ব প্রমাণ করা যায় না। কিন্তু একথা বলে ও কান্ট আবার একথাও বলছেন ঈশ্বরের ধারণা (মনে রাখতে হবে এখানে ঈশ্বরের ধারণা বলতে Judio Christian মতানুসারী যে ঈশ্বরের ধারণা তাকেই বোঝানো হয়েছে)এক অর্থে মানুষের কাছে স্বাভাবিক -- 'the concept of god is natural to human reason', মানুষ যেভাবে চিন্তা করে, যেভাবে বিশ্লেষণ করে সেই প্রেক্ষায় ঈশ্বরের চিন্তা মানুষের কাছে আসা স্বাভাবিক। কিভাবে মানুষের কাছে ঈশ্বরের ধারণা স্বাভাবিক ভাবে আসে তার ব্যাখ্যা করতে গিয়ে কান্ট বলেছেন আমরা যখন কোনো একটি বস্তুর (জড় বা প্রাণীবাচক) কথা ভাবি তখন আমরা দেখি বস্তুর মধ্যে এমন কতকগুলি ধর্ম আছে যেগুলি বিরোধী আর এই বিরোধী ধর্মগুলোর মধ্যে কোনো একটি ধর্মকে আমরা বস্তুটির মধ্যে উপস্থিত বলে মনে করি এবং তার বিরোধী ধর্মটি বস্তুটির মধ্যে উপস্থিত নয় বলে ভাবি। ধরা যাক্ আমাদের সামনে একটি টেবিল আছে। কান্ট বলছেন আমরা টেবিলের কথা ভাবতে গিয়ে একে একটি জড় বস্তুরূপে ভাবি এবং এর বিরোধী ধর্ম অর্থাৎ প্রাণধর্ম যে এতে অনুপস্থিত তাও মনে করি। যে কোনো বস্তু ধর্মকেই যখন আমরা ব্যাখ্যা করি তখন বিভিন্ন বিরোধী ধর্মের প্রেক্ষায়ই তাকে আমরা ব্যাখ্যা করি। এর থেকেই খুব সহজভাবেই মানুষের মনে এই চিন্তা আসে যে তাহলে কি এমন কোনো কিছুর অস্তিত্ব রয়েছে যার মধ্যে এই সমস্ত বিরোধী ধর্মগুলি অবস্থান করে? - যার মধ্যে জড়ত্ব আছে আবার প্রাণও আছে, যার মধ্যে গতিময়তা আছে আবার স্থিতিশীলতাও আছে। অর্থাৎ এমন এক সত্তার ভাবনা আমাদের কাছে আসে যার মধ্যে সকল বিরোধী ধর্মগুলির সহাবস্থান ঘটে সেই সত্তাই হলেন ঈশ্বর - অর্থাৎ যার মধ্যে কোনো ত্রুটি

নেই, কোনো দোষ নেই, যার মধ্যে সবকিছু রয়েছে, কোনো কিছুর অভাব নেই। এরকম কথা আমাদের উপনিষদে ও আছে - ব্রহ্মা সর্ম্পকে বলা হয়েছে তিনি চলেন অথচ চলেন না - অর্থাৎ তিনি গতিময় আবার তিনি স্থির ও বটে, তিনি দূরে ও রয়েছেন আবার আমাদের কাছে ও আছেন। কান্ট বলেছেন মানুষের চিন্তার যে ধরণ সেই প্রেক্ষায় ঈশ্বরের ধারণাটি খুবই স্বাভাবিক। এই যে ঈশ্বর তিনি সমস্ত সম্ভাব্যতার উৎস। ঈশ্বর সম্পর্কে বলেছেন - 'subjectively necessary hypothesis of our reason'। আমি একজন চিন্তক হিসাবে আমার চতুর্পার্শ্বের জগতের অভিজ্ঞতাকে বিশ্লেষণ করার চেষ্টা করছি তখন বিষয়ীর দিক থেকে ঈশ্বরের যে প্রকল্প তা অবশ্যম্ভাবী হয়ে দাঁড়াচ্ছে। এই যে ঈশ্বরের ধারণা তার মধ্যে আমরা দু'রকমের ধর্ম অরোপ করি - কতকগুলি ধর্মকে কান্ট বলেছেন Ontological predicates আর কতকগুলি ধর্মকে উনি বলেছেন Cosmological Predicates । Ortological Predicates বলতে কান্ট মূলতঃ 'Pure Categories' অর্থাৎ space, time, causality কে বুঝিয়েছেন, যেমন আমরা বলি 'ঈশ্বর সকল কারণের উৎস' - তিনি হলেন uncaused cause - অকারণ কারণ। তিনি সর্বস্থানে আছেন - তিনি বিভু। সমস্ত কালের তিনি নিয়ন্তা। আমরা যে দেবী কালীর কথা বলি তাঁর নামটা এসেছে এই কাল থেকেই - তিনি কালকে নিয়ন্ত্রণ করেন। ভাগবতে কালের নিরীখে ঈশ্বর সম্পর্কে খুব সুন্দরভাবে বলা হয়েছে। ভাগবতে বলা হয়েছে ঈশ্বর বলছেন -আমারই ভয়ে, আমারই দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছে এই বাতাস, মৃত্যু, আমারই দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছে সমস্ত কাল। কান্ট ঈশ্বরের সম্পর্কে অন্য যে ধর্মগুলির কথা বলেছেন সেগুলি হ'ল cosmological বা arthropological predicates। আমরা আমাদের অভিজ্ঞতার নিরীখে মানুষ সম্পর্কে যে সমস্ত ধর্ম আরোপ করি ঈশ্বর সম্বন্ধে ও সেই সমস্ত ধর্ম আরোপ করি। যেমন আমার দূর্দিনে আমার কোনো প্রতিবেশী যদি আমাকে সাহায্য করেন আমি বলি উনি খুবই দয়ালু। তেমনই আমার কোনো প্রতিবেশী যদি বিদ্যায় বুদ্ধিতে আমার থেকে অনেক এগিয়ে থাকেন আমি তাঁকে পণ্ডিত ব্যক্তি বলে শ্রদ্ধা করি। ঠিক এরকমই ঈশ্বরের ক্ষেত্রে আমরা তাঁতে সর্বধর্ম অরোপ করে থাকি - তিনি সর্বজ্ঞ, তিনি পরম দয়ালু ইত্যাদি। একথা আগেই বলা হয়েছে যে প্রথাগত ধর্মতত্ত্বে প্রদত্ত ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কীয় যুক্তিগুলি ত্রুটিপূর্ণ। কান্ট প্রধানতঃ তিনটি যুক্তির কথা বলেছেন - Ontological argument, Cosmological argument এবং Psycho - theological argument কান্ট এই যুক্তিগুলি বিশ্লেষণ করে দেখিয়েছেন যে দ্বিতীয় এবং তৃতীয় প্রকার যুক্তিগুলি দাঁড়িয়ে রয়েছে প্রথম প্রকার যুক্তির উপর এবং প্রথম যুক্তিটির যে মূল ভিত্তি সেটি অত্যন্ত দূর্বল।

Psycho-theological argument বা theological argument- এ বলা হয়েছে এই জগৎ প্রপঞ্চ সৃষ্টির পিছনে একটা উদ্দেশ্য রয়েছে। উদ্দেশ্য এমন একজন কর্তার থাকে যাঁর একটা অভিপ্রায় (intention) আছে - সুতরাং এই জগৎ সৃষ্টির পিছনে এমন একজন আছেন যাঁর একটা অভিপ্রায় আছে। তিনিই হলে ঈশ্বর। Cosmological argument -এর মূল বক্তব্য খুব সহজ। জগতে সমস্ত কিছুর কারণ আছে, জগৎ রূপ সৃষ্টির ও একটা কারণ আছে, যে কারণটি হলেন ঈশ্বর। - Ontological argument -এর মূল বক্তব্য হ'ল ঈশ্বর বলতে আমরা বুঝি এমন কাউকে

যিনি সর্বজ্ঞ, সর্বশক্তিমান এবং যিনি পূর্ণ, শুধু তাই নয় এসকল ধর্ম ছাড়াও তাঁর অতিরিক্ত একটা ধর্ম রয়েছে সেটি হ'ল তাঁর সত্তা বা অস্তিত্ব -এ ধর্মটি অন্য কোনো বস্তুর নেই। 'ঈশ্বর' শব্দটির অর্থই হচ্ছে যিনি পূর্ণতম সত্তা এবং পূর্ণতম সত্তার আবশ্যিক ধর্ম হ'ল তাঁর সত্তা বা অস্তিত্ব। Ontological argument -এর এই ভিত্তিটাই সঠিক নয় অর্থাৎ তাঁর মতে সত্তা বা অস্তিত্ব কখনোই কোনো কিছুর ধর্ম হতে পারে না। - 'Existence is not a real predicate'। যেহেতু অপর দুটি যুক্তি Ontological argument -এর উপর দাঁড়িয়ে রয়েছে সেহেতু সেগুলিও ত্রুটিপূর্ণ।

উপরোক্ত প্রথাসিদ্ধ যুক্তিগুলোকে খণ্ডন করে কান্ট তাঁর নিজের মতো করে ধর্মীয় প্রকল্প সম্পর্কে যুক্তি দেন যেটি moral agrument for religion বলে খ্যাত। কান্ট এ প্রসঙ্গে তিনটি শব্দ প্রয়োগ করেছেন। এগুলি হ'ল knowledge, faith এবং opinion। কান্ট knowledge বা জ্ঞান কী সেকথা বোঝাতে গিয়ে বলছেন আমরা যখন কোনো বচনকে সত্য বলে দাবী করি তখন আমাদের এই দাবীর মূলে যেমন আমাদের মানসিক গঠনের একটা ভূমিকা রয়েছে তেমন ই বস্তুর গঠনেরও একটা অবদান রয়েছে। Faith -এর ক্ষেত্রে বস্তুর কোনো অবদান তেমন নেই বরং যিনি চিন্তক বা বিষয়ী তাঁর একটা অবদান রয়েছে। তাঁর মানসিক গঠনের মধ্যে থেকে তিনি একটা ধারণায় উপনীত হচ্ছেন। knowledge -এর সাথে Faith -এর পার্থক্য হচ্ছে knowledge -এ ব্যক্তিগত এবং বস্তুগত উভয় প্রকার উপাদানেরই একটা ভূমিকা রয়েছে, কিন্তু Faith কেবল ব্যক্তিগত। কান্টের কাছে opinion হ'ল এমন কিছু যাতে ব্যক্তিনিষ্ঠ বা বিষয়নিষ্ঠ কোনো প্রকার অবদানই নেই। কান্ট বলছেন নৈতিক সত্তারূপে (মনে রাখা প্রয়োজন এই নৈতিক সত্তার পিছনে কিন্তু একটি যুক্তিবাদী বিচার পরিশীলিত সত্তা রয়েছে) যা বিচার পরিশীলিত ও বটে আমি আমার সামনে কতকগুলি নৈতিক লক্ষ্যকে উপস্থাপিত করি। এই নৈতিক লক্ষ্যগুলির মধ্যে সর্বশেষ পর্যায়ে আমরা যাকে পাব তা হ'ল highest good বা পরম শুভ। এই highest good -কে কান্ট আবার দুভাগে ভাগ করেছেন - একটিকে কান্ট বলছেন moral good আর অন্যটি হ'ল তাঁর মতে natural good। Moral good বলতে তিনি নৈতিক চরিত্রের উৎকর্ষতাকে বুঝিয়েছেন অর্থাৎ কিছু virtues , কিছু ধর্মাচরণকে বুঝিয়েছেন যেগুলির অনুশীলনের মধ্যে দিয়ে নৈতিক চরিত্র গড়ে ওঠে। এই প্রসঙ্গে কান্ট বলেছেন এই ভাবে আমি যেমন নৈতিক উৎকর্ষতার দিকে এগোবো তেমনই অপরেও যাতে নৈতিক উৎকর্ষতার দিকে এগোতে পারে সেটা দেখবো। অর্থাৎ শুধু ব্যক্তিগত নয়, সমষ্টিগত নৈতিক উৎকর্ষতার কথাও কান্ট বলেছেন। এর ভিত্তিতে একটা moral community গঠনের কথা তিনি বলেছেন। Natural good বলতে কান্ট মূলতঃ বুঝিয়েছেন সুখ বা well-being । এর ব্যখ্যা দিতে গিয়ে তিনি বলেছেন এই সুখ বা কল্যাণ নৈতিক যে শুভ তার উপর নির্ভরশীল। এক্ষেত্রে যেমন আমরা আমাদের ব্যক্তিগত সুখ বা কল্যাণের কথা ভাবি সেরকম একই সাথে অন্যদের ও সুখ বা কল্যাণের কথা ভাবি। অর্থাৎ moral good এবং natural good দুটো ক্ষেত্রেই কান্ট ব্যক্তি এবং সমষ্টি উভয়-এর মধ্যেই একটা সমন্বয়ের কথা বলেছেন। এই যে পরম শুভ ( highest good ) -এর ধারণাটাই আমাদের কাছে

ঈশ্বরের ধারণাটি নিয়ে আসে। আমরা একটা সত্তার কথা ভাবি যিনি ব্যক্তিগত ভাবে এবং সমষ্টিগত ভাবে আমাদের অনুপ্রাণিত করেন নৈতিক উৎকর্ষতার দিকে। এ প্রসঙ্গে কান্ট Providence - এর কথা বলেছেন - এমন এক সত্তা যিনি ভবিষৎ লক্ষ্যের দিকে, এক নৈতিক উৎকর্ষতার দিকে আমাদের এগিয়ে নিয়ে যাচ্ছেন, তিনি আমাদের পুরস্কৃত ও করেন, যিনি আমাদের নৈতিক উৎকর্ষতার বিচারও করবেন। তিনি ন্যায়নিষ্ঠ, দয়াময়, সর্বজ্ঞ, বিচারশীল এক সত্তা। অর্থাৎ কান্ট বলতে চেয়েছেন নৈতিক উৎকর্ষতার পথে অগ্রসর হতে গিয়েই এরূপ এক সত্তার ধারণা আমাদের মনে স্বভাবতঃ আসে। এই ধরণের সত্তায় বিশ্বাস ( faith in a divine grace) আমাদের নৈতিক উৎকর্ষতা সাধনে সাহায্য করে। Faith হ'ল কান্টের মতে subjectively sufficient - ব্যক্তিমানসের দিক থেকে এটি একধরণের অবশ্যম্ভব্যতা নিয়ে আমাদের কাছে আসে। সুতরাং নৈতিকতার উপর ভিত্তি করেই কান্ট ধর্মের আলোচনা বা ঈশ্বরের কথা বলছেন। সেকারণেই কান্টের ধর্ম সম্পর্কীয় মতবাদ Moral theology , কিন্তু এটা theological morality নয়। দুটোর মধ্যে পার্থক্যটা বুঝে নেওয়া প্রয়োজন। তিনি ধর্মভিত্তিক নৈতিকতার কথা বলেন নি, বরং নৈতিকতাভিত্তিক ধর্মের কথা বলেছেন। আমরা যদি নৈতিক দিক থেকে উৎকর্ষতা লাভ করি, নৈতিক কর্ম করার চেষ্ট করি তার ভিত্তিতেই কিন্তু আমরা ধর্মীয় জীবন পালন করতে পারবো বলেই কান্ট মনে করতেন। ঈশ্বর আছেন এবং তাঁর অস্তিত্বের প্রমাণ দেওয়া যায় এ কথা কান্ট স্বীকার করেন নি। কিন্তু নৈতিক উৎকর্ষতার পথে চলতে গিয়ে খুব স্বাভাবিকভাবেই আমাদের মনে নৈতিক উৎকর্ষতার চরম বা পূর্ণতম প্রকাশ হিসাবে ঈশ্বরের প্রতি বিশ্বাস জাগ্রত হয়। এর অতিরিক্ত ধর্ম বলে কিছু নেই। কান্ট বলছেন - ''Religion demands no duties beyond those that we owe to human beings ''। নৈতিকতার ধারণাকে যদি আমরা সুষ্ঠুভাবে ব্যাখ্যা করতে চাই তাহলে ঈশ্বরের ধারণাকে একটা Problematic assumption হিসাবে ধরতে পারি - অর্থাৎ ঈশ্বর আছেন একথা কান্ট বলছেন না, নৈতিক উৎকর্ষতার ব্যাখ্যা প্রসঙ্গে ঈশ্বরের ধারণা এসে পড়তে পারে যেটা আসা কান্টের মতে খুব স্বাভাবিক। ঈশ্বরের সম্পর্কে আমাদের faith আছে, knowledge নেই । এই faith বা বিশ্বাস আমাদের নৈতিক জীবনের অনুপ্রেরণা হিসাবে কাজ করে। সমাজে সকলে যে নৈতিক উৎকর্ষতার দিকে এগোবে এ বিষয়ে কোনে Coercive law বা চাপিয়ে দেওয়া নীতি নেই। নৈতিক সত্তার বিকাশের জন্য প্রয়োজন একটা সামঞ্জস্য - যার মাধ্যমে একটা moral community র কথা বলতে পারি যার দিক নির্দেশক হিসাবে ঈশ্বরের কথা আমরা বলে থাকি। এই নৈতিক উৎকর্ষতার সাধনা, moral community গড়ে তোলার লক্ষ্যের অতিরিক্ত কোনো ধর্মীয় বিধান বা ধর্মীয় ঈশ্বরভাবনার কথা কান্ট বলেন নি।

অনুলেখনঃ অদিতি ভট্টাচার্য্য, অধ্যাপিকা, দর্শন বিভাগ, উলুবেড়িয়া কলেজ।